বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের আওতায় ২০১৪-১৫ অর্থবছরের
এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকেল্পর ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	১৩	১১	০১	০১	০১	১১	০.০% ১৮৩.৩৩%	০১	- ২১.৭৮% ৫.০৩%

১| সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ১৩

২| সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ:

ক) প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়| ফলে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;
খ) বার বার মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্যে দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তন হয়ে যায়, ফলে প্রকল্প ব্যয় বেড়ে যায়;

প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:

ক) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি, টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়| ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে বিলম্ব হয়ে যায়;
খ) সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ঋণ চুক্তি স্বাক্ষর ও কার্যকর করতে যথেষ্ট বিলম্ব হয়|

৩| সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব	৩.১ প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন।
৩.২ কাজের গুণগতমান সংক্রান্ত।	৩.২ কাজের গুণগতমান নিশ্চিত করতে ভবিষ্যতে পিপিআর যথাযথভাবে অনুসরণপূর্বক দক্ষ জনবল এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি সমন্বিত ঠিকাদার নিয়োগ করা প্রয়োজন।
৩.৩ সাহায্যপুষ্ট প্রকল্প সংক্রান্ত।	৩.৩ সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ /প্রতিষ্ঠান থেকে দ্রুত

সমস্যা	সুপারিশ
	সঠিক সময়ে অর্থ প্রাপিতর বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সংস্থা ও মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
৩.৪ পিসিআর প্রেরণে বিলম্ব।	৩.৫ প্রকল্প সমাপ্তি ঘোষণার পর পরই পিসিআর প্রণয়ন করে আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করা আবশ্যক।

বনপাড়া-রাজশাহী গ্যাস সঞ্চালন পাইপলাইনপ্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : ডিসেম্বর ২০১৪)

১. প্রকল্পের নাম : বনপাড়া-রাজশাহী গ্যাস সঞ্চালন পাইপলাইন
২. উদ্যোগী বিভাগ/মন্ত্রণালয় : জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ/ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
৩. বাস্তবায়নকারী সংস্থা : গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল): পেট্রোবাংলার একটি প্রতিষ্ঠান

৪. প্রকল্পের অনুমোদিত ব্যয় ও বাস্তবায়নকাল :

অনুমোদিত ব্যয় (লক্ষ টাকায়) • জিওবি * • প্রকল্প সাহায্য (এশীয় উন্নয়ন ব্যাংক) • জিটিসিএল এর নিজস্ব অর্থায়ন		প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) • জিওবি * • প্রকল্প সাহায্য (এশীয় উন্নয়ন ব্যাংক) • জিটিসিএল এর নিজস্ব অর্থায়ন	বাস্তবায়নকাল			অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	১ম (সর্বশেষ) সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত	প্রকৃত বাস্তবায়নকাল		
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৬১৫২.০০ ৮৫২২.৯৪ ৭৬২৯.০৬ -	১৮৩৫৪.০৫ ৮৯৪৪.৪৭ ৮৮৭৫.৫৬ ৫৩৪.০২	১৫১৭৬.৪৯ ৭৩১৫.৯৯ ৭৩৬৩.৮৩ ৪৯৬.৬৭	জুলাই ২০০৬ থেকে জুন ২০০৯	জুলাই ২০০৬ থেকে ডিসেম্বর ২০১৪	জুলাই ২০০৬ থেকে ডিসেম্বর ২০১৪	-৯৭৫.৫১** (৬.০৩%)	৫ বছর ৬মাস (১৮৩.৩৩%)

*জিওবি (ঋণ: ইক্যুইটি= ৬০.৪০)
** প্রকৃত ব্যয় মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা ৯৭৫.৫২ লক্ষ টাকা কম।

৫. প্রকল্প এলাকা :

বিভাগ	জেলা	উপজেলা
রাজশাহী	রাজশাহী	পবা, চরহাট
	নাটোর	পুঠিয়া, নাটোর সদর, বরাইগ্রাম ও বাঘাটিপাড়া

৬. **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:**

৬.১ সরকার শিল্প ও বিদ্যুৎ কেন্দ্রে প্রাকৃতিক গ্যাসের পরিমিত ব্যবহারের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নের ওপর গুরুত্বারোপ করেছেন। জ্বালানীর অভাবে দেশের উত্তর - পশ্চিমা ঞ্চলে পর্যাপ্ত সংখ্যক শিল্প ও বিদ্যুৎ কেন্দ্র গড়ে উঠেনি। তবে, যমুনা সেতু তৈরীর পর রাজধানী ঢাকার সাথে রাজশাহী, বগুড়া, রংপুর ও দিনাজপুরের মধ্যে উন্নত যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠায় দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে বিভিন্ন ধরণের শিল্প প্রতিষ্ঠান ও বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের সুযোগ সৃষ্টি হয়েছে। জিটিসিএল এর গ্যাস নেটওয়ার্ক যমুনা সেতু অতিক্রম করে নলকা-বাঘাবাড়ী পর্যন্ত বিস্তৃত হয়েছে। পশ্চিমা ঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড পাবনা ও ঈশ্বরদীতে গ্যাস নেটওয়ার্ক স্থাপন সমাপ্ত করেছে। বগুড়া শহর ও পাশ্ববর্তী এলাকাতেও গ্যাস সরবরাহের ব্যবস্থা গড়ে উঠেছে। পার্শ্ববর্তী জেলাসমূহে গ্যাস ব্যবহারের সুযোগ সৃষ্টি হওয়ায় রাজশাহীতেও বিভিন্ন প্রস্তাবিত শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান, বিদ্যুৎ কেন্দ্র ও গৃহস্থালী কাজে গ্যাসের চাহিদা ক্রমশ: বৃদ্ধি পেতে থাকে। এমতাবস্থায় রাজশাহী ও তৎসংলগ্ন এলাকার অধিবাসীদের গৃহস্থালী কাজে গ্যাস ব্যবহারের পাশাপাশি শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান ও বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ডে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ‘‘বনপাড়া-রাজশাহী গ্যাস সঞ্চালন পাইপলাইন’’ প্রকল্পটি গ্রহণ করা হয়।

৬.২ মূল প্রকল্প ২৬ এপ্রিল ২০০৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে দরপত্র প্রক্রিয়া, ভূমি অধিগ্রহণ প্রক্রিয়ায় বিলম্ব ইত্যাদি কারণে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যাতিরেকে মেয়াদ প্রথম দফায় জুন ২০১১ পর্যন্ত ও দ্বিতীয় দফায় জুন ২০১২ পর্যন্ত বর্ধিত করা হয়। প্রকল্পের রাজস্ব ও মূলধন খাতেরকিছু অংগের ব্যয় বৃদ্ধি পাওয়ায়, টাকার বিপরীতে ইউএস ডলারের মূল্য বৃদ্ধি পাওয়ায় এবং প্রকল্পের কিছু নতুন অংগের অন্তর্ভুক্তির প্রয়োজন হওয়ায় ব্যয় ১৩.৬৩% বৃদ্ধি করে প্রকল্প সংশোধন করা হয় এবং প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ১৬ জুলাই ২০১৩ তারিখে সংশোধিত ডিপিপি'র প্রশাসনিক অনুমোদন জারি করা হয়। সিজিএস ওডিআরএস নির্মাণ কাজ ও কিছু পূর্ত কাজ সম্পন্ন করতে আরো সময়ের প্রয়োজন হওয়ায় অনুমোদিত ১ম আরডিপিপি 'র ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের ডিসেম্বর ২০১৪ পর্যন্ত বর্ধিত করা হয়। পরবর্তীতে প্রকল্পের কিছু অংগের আন্তঃখাত সমন্বয় করা হয়। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ১০ জুন ২০১৪ তারিখে এতদসংক্রান্ত প্রশাসনিক আদেশ জারি করা হয়।

৭. **উদ্দেশ্য ঃ**

বিভাগীয় শহর রাজশাহী এবং এর সন্নিকটস্থ এলাকায় গৃহস্থালী, বাণিজ্যিক, শিল্প প্রতিষ্ঠান ও বিদ্যুৎ কেন্দ্রে প্রাকৃতিক গ্যাস সরবরাহের লক্ষ্যে বনপাড়া হতে রাজশাহী পর্যন্ত ১২ ইঞ্চি ব্যাসের প্রায় ৫৩ কিলোমিটার (কি:মি:) গ্যাস সঞ্চালন পাইপলাইন স্থাপন করা।

৮. প্রকল্প পরিচালকঃ

প্রকল্প পরিচালকের নাম ও পদবী	পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালনের মেয়াদ
জনাব মো: মাহমুদ খান, মহাব্যবস্থাপক, জিটিসিএল	০১ জুলাই ২০০৬-০৮ আগষ্ট ২০১০ পর্যন্ত
জনাব মো: জহির উদ্দীন, মহাব্যবস্থাপক, জিটিসিএল	০৯ আগষ্ট ২০১০ -৩১ডিসেম্বর ২০১৪ পর্যন্ত (প্রকল্পের সমাপ্তি পর্যন্ত)

৯. প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- জমি অধিগ্রহণ (৪৭.০৭৬ হেক্টর) ও জমি অধিযাচন (৭৫.৮৪ হেক্টর) করা;
- গ্যাস সঞ্চালন পাইপলাইন সামগ্রী ও যন্ত্রপাতি সংগ্রহ করা;
- বনাপাড়া-রাজশাহী পর্যন্ত ১২ ইঞ্চি ৫৩ কি:মি: গ্যাস সঞ্চালন পাইপলাইন (নদী ক্রসিং পাইপলাইনসহ) নির্মাণ করা;
- রাজশাহীতে ০১টি সিটি গেইট স্টেশন (সিজিএস), নাটোর ও পুঠিয়াতে ০১টি করে ডিস্ট্রিক্ট রেগুলেটিং স্টেশন (ডিআরএস) স্থাপন করা;
- স্ক্র্যাপার স্টেশন ও ভালব স্টেশন স্থাপন করা;
- স্কাডা সিস্টেম স্থাপন করা;
- ক্যাথেডিক প্রটেকশন সিস্টেম (সিপি) স্থাপন করা ; এবং
- সিজিএস ও ডিআরএসসমূহে অফিস ভবন, আবাসিক ভবন ও অন্যান্য পূর্ত কাজ সম্পাদন করা ইত্যাদি।

১০. প্রকল্প পরিদর্শন :

গত ১৭-১৮ ডিসেম্বর ২০১৫ তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের উপ-পরিচালক জনাব মো: সাইফুল ইসলাম কর্তৃক প্রকল্পের বনপাড়া, রাজশাহী, নাটোর ও পুঠিয়াতে প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজসমূহ সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক ও বর্ণিত স্টেশনসমূহে কর্মরত জিটিসিএল এর কর্মকর্তাগণ উপস্থিত থেকে এবং তথ্যাদি প্রদান করে সহায়তা প্রদান করেছেন।

১১. প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি:

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	সর্বশেষ সংশোধিত/আন্তঃখাত সমন্বয়কৃত ডিপিপি মোতাবেক কাজের নাম	লক্ষ্যমাত্রা		প্রকল্পের প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক (%)
	রাজস্ব অংগ				
১	কর্মকর্তাদের বেতন	১২ জন	১২২.৯৯	০৬ জন	১১২.৬৫ (৯১.৫৯%)
২	কর্মচারীদের বেতন	০৮ জন	২৮.৪৭	০৩ জন	২৬.৮২ (৯৪.২০%)
৩	ভাতাদি				
	বাড়ী ভাড়া	থোক	৪৮.০০	থোক	৪১.২৪ (৮৫.৯১%)
	বিনোদন ভাতা	থোক	১০.৬২	থোক	৯.০৭ (৮৫.৪০%)
	উৎসব বোনাস	থোক	২০.২৫	থোক	১৪.০৪ (৬৯.৩৩%)
	চিকিৎসা ভাতা	থোক	৬.৯০	থোক	৪.৮৪ (৭০.১৪%)
	ধোলাই ভাতা	থোক	১.০০	থোক	০.৮৩ (৮৩%)
	টিফিন ভাতা	থোক	০.৩০	থোক	০.২৬ (৮৬.৬৭%)
	যাতায়ত ভাতা	থোক	১.৮০	থোক	১.৩৫ (৭৫%)
	পোশাক ভাতা	থোক	৬.৯৬	থোক	৬.১০ (৮৭.৬৪%)
	গ্যাস ভাতা	থোক	৪.৫০	থোক	৩.৬৯ (৮২%)
	ইনসেনটিভ ভাতা	থোক	১১.৫৫	থোক	৬.২৮ (৫৪.৩৭%)
	ছুটি ইনক্যাশমেন্ট	থোক	০.৪৮	থোক	০.৪৮ (৯৫.৮৩%)
৪	সরবরাহ ও সেবা				
.	ভ্রমণ ব্যয়	থোক	৯.৬৯	থোক	৯.০৪ (৯৩.২৯ %)
	ওভারটাইম ভাতা	থোক	১৪.৪৯	থোক	১৪.৪৮ (৯৯.৯৩ %)
	অফিস ভাড়া	থোক	৫৬.০০	থোক	৫৬.০০ (১০০ %)
	কর	থোক	১.৩৮	থোক	০.৯৫ (৬৮.৮৪ %)
	পোস্টেজ	থোক	২.৫৭	থোক	২.২০

ক্রমিক নং	সর্বশেষ সংশোধিত/আন্তঃখাত সমন্বয়কৃত ডিপিপি মোতাবেক কাজের নাম	লক্ষ্যমাত্রা		প্রকল্পের প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক (%)
					(৮৫.৬০ %)
	টেলিফোন	থোক	৫.৯৯	থোক	৫.৯৯ (১০০ %)
	টেলেক্স/ফ্যাক্স	থোক	০.০২	থোক	০.০২ (১০০ %)
	পানি	থোক	৪.৪৮	থোক	৪.৪৮ (১০০ %)
	বিদ্যুৎ	থোক	৫.৪০	থোক	৫.৪০ (১০০ %)
	গ্যাস ও ফুয়েল	থোক	১১.১১	থোক	৮.৪০ (৭৫.৬০ %)
	পেট্রোল ও লুব্রিকেন্ট	থোক	১.৬৪	থোক	১.১৪ (৬৯.৫১ %)
	বীমা/ব্যাংক চার্জ	থোক	৩.০২	থোক	৩.০২ (১০০ %)
	স্টেশনারী, সীল ও স্ট্যাম্প	থোক	৫.৫৩	থোক	৫.৩১ (৯৬ %)
	বই ও জার্নাল	থোক	০.৬২	থোক	০.৪৫ (৭২.৫০%)
	প্রচারনা ও বিজ্ঞাপন	থোক	১২.৮৯	থোক	-১০.৪৮ (৮১.৩০%)
	সেমিনার, কনাফান্সে	থোক	০.৭৫	থোক	০.৪২ (৫৬ %)
	প্রশিক্ষণ খরচ	থোক	৪.০০	থোক	-
	আপ্যায়ন খরচ	থোক	১৩.১৪	থোক	১৩.১৪ (১০০ %)
	লিগ্যাল খরচ	থোক	২.২৫	থোক	০.৮২ (৩৬.৪৪ %)
	সম্মানী	থোক	৮.২৩	থোক	৭.৩১ (৮৮ ৮২%)
	কপি/ফটোকপি খরচ	থোক	৬.৫১	থোক	৫.৮৯ (৯০.৪৭ %)
	অন্যান্য খরচ	থোক	১.৫১	থোক	১.৪০ (৯২.৭১ %)
	রুট সার্ভে, আইইই/ইআইএ, সয়েল ওসাব-সারফেনস ইনভেস্টিকেশন	থোক	১৮.২২	থোক	১৮.২২ (১০০ %)
	পরামর্শক সেবা (প্রকল্প মনিটরিং ও পরিবেশগত এক্সপার্ট)	থোক	৩.১৯	থোক	১.৬১ (৫০.৪৭ %)

ক্রমিক নং	সর্বশেষ সংশোধিত/আন্তঃখাত সমন্বয়কৃত ডিপিপি মোতাবেক কাজের নাম	লক্ষ্যমাত্রা		প্রকল্পের প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক (%)
	নিরাপত্তা ব্যয়	থোক	২২.৫০	থোক	১৭.১৮ (৭৬.৩৫ %)
৫	মেরামত রক্ষণাবেক্ষণ ও পুনর্বাসন				
	গাড়ী	থোক	৬.২৩	থোক	৪.২৪ (৬৮.০৫%)
	ফার্নিচার	থোক	২.০০	থোক	০.৫৫ (২৭.৫%)
	কম্পিউটার ও অফিস ইকুইপমেন্ট	থোক	৫.০০	থোক	২.২৪ (৪৪.৮০%)
	রিহেবিলিটেশন	থোক	০.৬৮	থোক	
	অন্যান্য মেরামত ও মেইনটিন্যান্স	থোক	১.৫০	থোক	**০.০৫** (৩.৩৩%)
	উপমোট: রাজস্ব		**৪৯৪.৩৬**		**৪২৮.০৮** (৮৬.৫৯%)
	মূলধন ব্যয়				
৬	যানবাহন জীপ (ভাড়া ভিত্তিতে) পিক-আপ	১ টি ১টি	৯৯.৪০	১টি ১টি	৯৬.৮৯ (৯৭.৪৭%)
৭	**আমদানিকৃত মালামাল ও যন্ত্রপাতি**				
	মেটিরিয়ালস্ এন্ড ইকুইপমেন্ট ফর পাইপলাইন	লট	৪১৮১.৪৩		৩৮৪৬.৮২ (৯১.৯%)
	মেটিরিয়াল ফরইসটি গেইট স্টেশন (সিজিএস) এন্ড ডিস্ট্রিক্ট রেগুলেটিং স্টেশন(ডিআরএস)	লট	২৯৩২.০০	লট	২৩২৬.৩৫ (৭৯.৩%)
	মেটিরিয়াল ফর স্ক্যাডা	লট	৬৬৯.৫৭	লট	৩৫১.৪১ (৯৭.২৮%)
৮	লোকাল অফিস ইকুইপমেন্ট	লট	৬.৬৫	লট	৪.৬৭ (৭০.২২%)
৯	ফার্ণিচার	লট	৪.৩৫	লট	৩.২৯ (৭৫.৬৩%)
১০	জমি অধিগ্রহণ/অধিযাচন				
	ভূমি অধিগ্রহন	৪৭.০৭৬ হেক্ট	৫৯৯.৬০	৪৭.০৭৬ হক্টের	৫৯৯.৬০ (১০০%)
	ভূমি অধিযাচন	৭৫.৮৪ হেক্টর	২৫৯.১১	৭৫.৮৪ হেক্টর	২৫৯.১১ (১০০%)
১১	**পূর্ত নির্মাণ**				
	ভূমি উন্নয়ন	১৩৪০৬০	**১৬৮.২৯**	১৩৪০৬০	১৬৮.২৯ (১০০%)
	আবাসিক ভবন	৫৯৫.০০	২২৪.১৭	৫৯৫.০০	১৮৩.৯৭ (৮২%)
	অন্যান্য ভবন ও স্থাপনা	**থোক**	৫২৬.৩৬	**থোক**	৪৯৬.৫৬ (৯৪.৩৩%

ক্রমিক নং	সর্বশেষ সংশোধিত/আন্তঃখাত সমন্বয়কৃত ডিপিপি মোতাবেক কাজের নাম	লক্ষ্যমাত্রা		প্রকল্পের প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক (%)
					)
১২	**অন্যান্য**				
	পাইপলাইন নির্মাণ (পাইপলাইন স্ট্রাকচার সহ)	৫২.৭০	১১১২.০৮	৫২.৭০	১০১৩.০৭ (৯১.০৯%)
	টার্ণ কী কন্ট্রাক্টের ভিত্তিতে হরিযোনটাল ডিরেকশনাল পদ্ধতিতে রিভার ক্রসিং পাইপলাইন নির্মাণ	০.৩০	১৬২.৬০	০.৩০	১৫৩.৪৭ (৯৪.৩৮%)
	সিপি সিস্টেম স্থাপন ও কমিশনিং	৫৩	২৫.৪৪	৫৩	২৫.৪৪ (১০০%)
	টার্ণ কী কন্ট্রাক্টের ভিত্তিতে সিজিএস ও ডিআরএস স্থাপন ও কমিশনিং	**লট**	১৯৬২.৮৫	**লট**	১৫৭১.৮৭
	স্ক্যাডা সিস্টেমের পূর্ত কাজ	**লট**	১০৭.০০	**লট**	১০৫.০০ (৯৮.১৭%)
	টার্ণ কী কন্ট্রাক্টের ভিত্তিতে স্ক্যাডা সিস্টেম স্থাপন (ইন্টারফেসিং সহ)	**লট**	১৫৭.০০	**লট**	১৪২.৮৯ (৬৯.৩৮%)
১৩	**ডেভলপমেন্ট ইমপোর্ট ডিউটি এন্ড ভ্যাট**				
	সিডি ভ্যাট (৪৫% অব পাইপলাইন মেটিরিয়ালস কষ্ট)	**থোক**	২৮০৮.৭৯		১৯৪৮.৯২ (৬৯.৩৮%)
	সিডি ভ্যাট(৪৫% অব স্ক্যাডা মেটিপিয়ালস কষ্ট)	**থোক**	৩১০.০০		৯৯.৮৫ (৩২.৩০%)
১৪	**ক্যাপিল ব্লক বরাদ্দ ও বিবিধ ক্যাপিটাল খরচ**				
	নির্মাণকালীন সুদ		৬৬৩.১২		৬৬৩.১২ (১০০%)
	ল্যান্ডিং চার্জ, পোর্ট ডিউজ, ট্রান্সপোর্টেশন কষ্ট ইত্যাদি		৩৭১.৮৯		২৯৮.৭৯(৮০.৩৪%)
	প্রি-শিপমেন্ট পরিদর্শন		৫৯.৮২		০.০০
	মোট: মূলধন		**১৭৪১১.৫২**		**১৪৭৪৮.৪১** (৮২.৬৮%)
১৫	(গ) ফিজিক্যাল কন্টিনজেন্সী		১৭৯.২৮		০.০০
১৬	(ঘ) প্রাইস কন্টিনজেন্সী		২৬৮.৯১		০.০০
	সর্বমোট :	-	**১৮৩৫৪.০৫**		**১৫১৭৬.৪৯ (৮২.৬৮%)**

১২. প্রকল্পের প্রধান প্রধান অংগের বাস্তবায়ন

প্রকল্পের সরেজমিনে পরিদর্শন, প্রকল্প পরিচালকের সাথে আলোচনা ও পেট্রোবাংলা/জিটিসিএল হতে প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ :

১২.১ জমি অধিগ্রহণ ও জমি অধিযাচন :

গ্যাস সঞ্চালন পাইপলাইন ও আনুষংগিক সুবিধাদি স্থাপন/নির্মাণ-এর প্রয়োজনে প্রকল্পের আওতায় ৪৭.০৭৬ হেক্টর ভুমি অধিগ্রহণের সংস্থানের বিপরীতে রাজশাহী জেলার পুঠিয়া , চারঘাট ও পবা উপজেলা এবং নটোর জেলার বড়াইগ্রাম, বাগাতিপাড়া ও নাটোর সদর উপজেলার অন্তর্গত ৫৬টি মৌজার সর্বমোট ৪৭ .০৭৬ হেক্টর জমি অধিগ্রহণ করা হয়। তন্মধ্যে বনপাড়া হতে রাজশাহী পর্যন্ত গ্যাস সঞ্চালন পাইপলাইনের জন্য ৪৩.০৭৬ হেক্টর, রাজশাহীতে ১টি সিজিএস স্থাপনের জন্য ১ হেক্টর, অফিস বিল্ডিং এর জন্য ০.২৫ হেক্টর, নাটোর ও পুঠিয়ায় ডিআরএস স্থাপনের জন্য ১ হেক্টর, অফিস বিল্ডিং এর জন্য ০.২৫ হেক্টর এবং রাজশাহী, নাটোর ও পুঠিয়ায় আবাসিক ও অন্যান্য (অভ্যন্তরীণ রাস্তা, আনসার ব্যারাক, সারফেজ ড্রেন ইত্যাদি) এর জন্য ১.৫০ হেক্টর জমি রয়েছে। জেলা প্রশাসন কর্তৃক ২৭ জুন ২০০৯ তারিখে বর্ণিত জমি প্রকল্প কর্তৃপক্ষকে হস্তান্তর করা হয়। এছাড়া পাইপলাইন নির্মাণকালীন ১ (এক) বছরের জন্য পথসত্ব বরাবর ৭৫.৮৩৬ হেক্টর জমি অধিযাচন/হকুমদখল করা হয়। কার্য সম্পাদন শেষে উক্ত জমি মালিকগণকে পুনরায় ফেরত প্রদান করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক অবহিত করেন।

১২.২ পাইপ লাইন মালামাল আমদানি:

গ্যাস সঞ্চালন পাইপলাইনের জন্য প্রয়োজনীয় মালামাল যেমন: লাইনপাইপ, স্ক্র্যাপার ট্র্যাপস, ভালভ, ফিটিংস, বেন্ডস, কোটিং/র‌্যাপিং ম্যাটেরিয়ালস, সিপি ম্যাটেরিয়ালস ইত্যাদি এডিবি'র স্ট্যান্ডার্ড বিডিং ডকুমেন্ট গাইডলাইন মোতাবেক 'সিংগেল স্টেজ টু ইনভেলপ ' পদ্ধতিতে দরপত্র প্রক্রিয়ার মাধ্যমে সংগ্রহ করা হয়। তন্মধ্যে পাইপলাইন বল ভালব ও পাইপলাইন ফিটিংস দু 'বার (অর্থাৎ একবার পুন : দরপত্র) এবং পাইপলাইন ইন্ডাকশনবেন্ডস্চারবার (অর্থাৎ তিনবার পুন: দরপত্র) এর মাধ্যমে ক্রয় করা হয়। বর্ণিত মালামালসমূহেরক্রয় কার্যক্রম মে ২০০৮ থেকে নভেম্বর ২০১০ এর মধ্যে সম্পন্ন করা হয়।

১২.৩ পাইপলাইন নির্মাণ :

০১ ডিসেম্বর হতে হতে পাইপলাইন নির্মাণের কাজ শুরু হয়। ২৬ জুন ২০১০ তারিখে লাইন নির্মাণ সম্পন্ন করে নাইট্রোজেন গ্যাস দ্বার কমিশনিং করা হয়। পাইপলাইন রুটের নন্দগোজা নদীতে হরাইজনটাল ডিরেকমনাল পদ্ধতিতে (HDD) ৩০০ মিটার নদী ক্রসিং পাইপলাইন স্থাপন কাজ (Tie-in কাজ সহ) সমাপ্ত করা হয়েছে। গ্যাস সঞ্চালন পাইপলাইন ও নদী ক্রসিং পাইপলাইন ৩০ জানুয়ারি ২০১২ তারিখে সম্পন্ন করা হয়। ০৮ ফেব্রুয়ারি ২০১২ তারিখে প্রাকৃতিক গ্যাস দ্বারা কমিশনিং করা হয়েছে। ২টি স্ক্র্যাপার ট্র্যাপস, ২টি ভাল্ভ স্টেশন, ৩টি হুক-আপ/টাই-ইনস স্থাপন, সিপি সিস্টেম স্থাপন ও প্রয়োজনীয় টেস্টিং সম্পন্ন হয়েছে।


১২.৪ সিজিএস ও ডিআরএস নির্মাণ:

রাজশাহীতে ১টি সিজিএস, নাটোরে ও পুঠিয়ায় ১টি করে মোট ২টি ডিআরএস নির্মাণ , স্থাপন ও আনুসঙ্গিক কাজ গত ২৬ মার্চ ২০১৪ তারিখে সম্পন্ন করা হয়েছে। পশ্চিমাঞ্চলীয় গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএস) সিস্টেম ২২৫ পিএসআইজি চাপে রাজাশাহী মহানগরীতে গ্যাস সরবরাহ করা হচ্ছে।


১২.৫ পূর্ত কাজ (ভূমি উন্নয়ন, আবাসিক ভবন, অন্যান্য ভবন):

ইপিসি ভিত্তিতে নিয়োজিত সিজিএস ও ডিআরএস নির্মাণের ঠিকাদার কর্তৃক অফিস ভবনের নির্মাণ কাজ সম্পাদিত হয়। প্রকল্পের আওতায় আবাসিক ভবনের কাজ পৃথক পৃথকভাবে বিভিন্ন সময়ে দরপত্র আহবানের মাধ্যমে বিভিন্ন ঠিকাদার কর্তৃক সম্পাদন করা হয়েছে। আবাসিক ভবনের আওতায় রাজশাহীতে চারতলা ফাউন্ডেশন বিশি ষ্ট একটি


দু'তলা অফিসার ভবন এবং একটি দু 'তলা ষ্টাফ ভবন নির্মাণ করা হয়েছে। অন্যান্য ভবন ও অবকাঠামোর এর আওতায় বনপাড়া মেনিফোল্ড স্টেশন, রাজশাহী সিজিএস, নাটোর ডিআরএস ও পুঠিয়া ডিআরএস ও ভূমি উন্নয়ন, রিটেইনিং ও বাউন্ডারী ওয়াল, নির্মাণ করা হয়। এছাড়া রাজশাহীতে আনসার ব্যারাক নির্মাণ, এরিয়া লাইটিং ও ইলেকট্রিফিকেশনের কাজ সম্পাদিত হয়েছে।




রাজশাহীতে সিজিএস স্থাপন কাজ




স্থাপিত সিজিএস



নাটোরে ডিআরএস ও অফিস ভবন




নাটোরে স্কাডা টাওয়ার



পুঠিয়ায় ডিআরএস



বনপাড়াতে সাশ্রয় হওয়া লাইনপাইপ



বনপাড়াতে গ্যাস সঞ্চালন পাইপলাইন

১২.৬ **স্কাডা স্থাপন:**

বনপাড়া মেনিফোল্ড স্টেশন, নাটোর ও পুঠিয়া ডিআরএস এবং রাজশাহী সিজিএস এ অর্থাৎ মোট ৪টি স্টেশন স্কাডা সিস্টেমের আওতায় মাইক্রোওয়েভ টাওয়ার, রিমোট টার্মিনাল ইউনিট ও রেডিও রুম স্থাপন করা হয়েছে। স্থাপিত সিস্টেমের মাধ্যমে উক্ত গ্যাস স্টেশনসমূহের গ্যাসের চাপ , ফ্লো ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য উপাত্তসমূহ এলেংগায় নব নির্মিত ওয়েস্টার্ন জোন স্কাডা কন্ট্রোল সেন্টার হতে মনিটরিং করা হচ্ছে।

১৩. প্রকল্পের প্রধান প্রধান প্রকিউরমেন্ট : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

১৪. প্রকল্পের প্রকৃত অর্জন :

প্রকল্পের উদ্দেশ্য	প্রকৃত অর্জন
বনপাড়া হতে রাজশাহী পর্যন্ত ১২ ইঞ্চি ব্যাসের ৫৩ কি :মি: গ্যাস সঞ্চালন পাইপলাইন ও গ্যাস সঞ্চালনের আনুষংগিক সুবিধাদি নির্মাণ /স্থাপনের মাধ্যমে বিভাগীয় শহর রাজশাহী এবং এর সন্নিকটস্থ এলাকায় বাণির্জিক , শিল্প প্রতিষ্ঠান ও বিদ্যুৎ কেন্দ্রে প্রাকৃতিক গ্যাস সরবরাহ করা।	গ্যাস সঞ্চালন অবকাঠামো নির্মাণ /স্থাপন করে রাজশাহী সিটিতে গৃহস্থলী , গ্যাস সরবরাহ করা হচ্ছে।

১৫. পর্যবেক্ষণ :

১৫.১ প্রকল্পের অর্জন :

আলোচ্য প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে গ্যাস সঞ্চালন অবকাঠামো ও আনুষংগিক সুবিধা নির্মাণ /স্থাপন করে গ্যাস বিতরণ কোম্পানী "পশ্চিমঞ্চালীয় গ্যাস কোম্পানী লিমিটেড " এর মাধ্যমে রাজশাহী শহরে গ্যাস সরবরাহ করা সম্ভব হয়েছে। ফলশ্রুতিতে এ অঞ্চলে গৃহস্থালী কাজে গ্যাস ব্যবহারের পাশাপাশি গ্যাস ভিত্তিক শিল্প কলকারখানা স্থাপনের সুযোগ সৃষ্টি হয়েছে যা সামগ্রিকভাবে এলাকার আর্থ -সামাজিক উন্নয়নে ইতিবাচক প্রভাব রাখতে সহায়ক হবে। এছাড়া বিকল্প জ্বালানী হিসেবে গ্যাসের ব্যবহারশুরু হওয়ায় পেট্রালিয়ামজাত পণ্যের ব্যবহার এবং বনাঞ্চলের উপর চাপ হ্রাস পাচ্ছে। ফলে একদিকে ভবিষ্যতে দেশের পেট্রোলিয়ামজাত পণ্যের আমদানিবিল ক্রমশ: করেম আসবে অন্যদিকে পরিবেশগতক ভারসাম্য রক্ষায় বৃক্ষাদির অবদান বৃদ্ধি পাবে। প্রকল্পের আওতায় জিটিসিএল এর নিজস্ব প্রকৌশলীগণ কোন পরামর্শকের সাহায্য ব্যতিরেকেইপাইপলাইন ও মিটারিং স্টেশন ও আনুষঙ্গিক সুবিধাদির ডিজাইন করতে সক্ষম হয়েছে । এ দক্ষতা /অর্জন জিটিসিএল এর প্রকৌশলীদের ভবিষ্যতে এ জাতীয় কার্যক্রমে/ উৎসাহিত/আত্নবিশ্বাসী করবে আশা করা যায়।

১৫.২ প্রকল্প বাস্তবায়নে বিলম্ব

আলোচ্য প্রকল্পের বাস্তবায়নে ব্যাপক বিলম্ব ঘটেছে। মূল প্রকল্প জুলাই ২০০৬ হতে জুন ২০০৯ পর্যন্ত সময়ে বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। প্রকল্পের মেয়াদ তিনবার বৃদ্ধি করা হয়েছে। এডিবি'র সাথে স্বাক্ষরিত ঋণচুক্তি কার্যকর হতে বিলম্ব হওয়ায় প্রাথমিকভাবে প্রকল্পের পাইপলাইন নির্মাণ সামগ্রীর ক্রয় কার্যাদি শুরু করতে বিলম্ব হয়। এছাড়া ডিপিপি'র সংস্থান মোতাবেক প্রয়োজনীয় জনবল জিটিসিএল হতে প্রেষণে প্রকল্পে নিয়োজিত না করায় দরপত্র দলিল প্রণয়ন, বিভিন্ন প্যাকেজের দরপত্রসমূহ যুগপৎভাবে আহবান ও প্রক্রিয়াকরণ করা সম্ভব হয়নি। ফলে প্রকল্পের কাজ দ্রুততার সাথে সম্পন্ন করা যায়নি। প্রকল্পের মোট ২০ জন জনবলের সংস্থান তাকলেও মোট ০৯ জনকে নিয়োগ করা হয়। একই সময়ে জিটিসিএল এরঅনেকগুলো প্রকল্প বাস্তবায়নাধীন থাকায় সকল জনবল দেয়া যায়নি। জমি অধিগ্রহণ ও জমি অধিযাচনেও বিলম্ব হয়। কিন্তু পাইপলাইন মালামাল সংগ্রহরে জন্য পুন: দরপত্র আহবান /প্রক্রিয়াকরণের ফলে মালামাল সংগ্রহে বিলম্ব ঘটে। এরপর মাঠ পর্যায়ে পাইপলাইন নির্মাণ/স্থাপনের কাজে (ভূমি ওনদী ক্রসিং) বিলম্ব, সিজিএস, ডিআরএস ওস্কাডা সিস্টেম স্থাপনের দরপত্র দলিল প্রস্তুতে ও দরপত্র প্রক্রিয়ায় বিলম্ব, দরপত্র প্রক্রিয়ার বিভিন্ন পর্যায়ে এডিবি'র সম্মতি পেতে দেরী হওয়ায় প্রকল্পের বাস্তবায়ন বিলম্বিত হয়।

১৫.৩ প্রকল্পের অডিট :

বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের অডিট অধিদপ্তর (ফাপাদ) কর্তৃক সম্পাদিত ২০১৩ -১৪ বছরের প্রকল্পের অডিটে সরকারি কোষাগারে প্রকল্পের হিসাব অর্জিত সুদ জমা প্রদান না করায় , সময়ঢমত কাজ সম্পাদনে ব্যর্থ হওয়ায় ঠিকাদারের নিকট হতে LiquidatedDemurrage বাবদ অর্থ আদায় না করায়, পিপিআর-২০০৮ এর ব্যত্যয় ঘটিয়ে কিছু ঠিকাদারকে কার্যাদেশ দেয়ায়, সিজিএসও ডিআরএস এর ঠিকাদারের নিকট হতে ভ্যাট ও কর বাবদ অর্থ আদায় না করায় ইত্যাদি কারণে অডিট আপত্তি দেয়া হয়েছে (পিসিআর পৃষ্ঠা নং ১২-১৩)। ২০১৪-১৫ বছরের অডিট সম্পন্ন করা হয়নি।

১৫.৪ প্রকল্পের সাশ্রয়কৃত মালামাল:

প্রকল্প পরিদর্শনে ও প্রকল্প পরিচালকের নিকট হতে জানা যায় যে , প্রকল্পের আওতায় লাইনপাইপ ৩৩৮ .২০ মিটার, ইন্ডাকশন বেন্ড ৬০টি, বিভিন্ন সাইজের ভালভ ৩০টি ইত্যাদি সাশ্রয় হয়েছে। বনপাড়া সিজিএস স্টেশন চত্বর লাইনপাইপ খোলা স্থানে রাখা হয়েছে যা নষ্ট হয়ে যেতে পারে।

১৫.৫ অন্যান্য :

জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ /জিটিসিএল এর পিসিআর এ প্রকল্পের মোট আর্থিক ব্যয় ১৫২২ .১৪ লক্ষ টাকা প্রদর্শিত হয়েছে (পিসিআর পৃষ্ঠা নং -৬) যা পরীক্ষান্তে সঠিক নয় দেখা যায়। প্রকল্প পরিচালক পরবর্তীতে লিখিতভাবে প্রকৃত খরচের পরিচাণ ১৫১৭৬.৪৯ লক্ষ টাকা মর্মে জানিয়েছেন (কপি সংযুক্ত)।

১৬. সুপারিশ:

১৬.১ প্রকল্পের আওতায় স্থাপিত গ্যাস সঞ্চালন পাইপলাইন , সিজিএস, ডিআরএস ও অন্যান্য অবকাঠামো /সুবিধাদির যথাযথ অপারেশন ও রক্ষণাবেক্ষণ জিটিসিএল এর দক্ষ জনবল দ্বারা নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ ১৫.১);

১৬.২ ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়ন ডিপিপি 'র সংস্থান মোতাবেক প্রয়োজনীয় জনবলের নিয়োগ নিশ্চিত করতে হবে। জিটিসিএল এর ঘাটতি জনবল পুরণে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন (অনুচ্ছেদ ১৫.২);

১৬.৩ আলোচ্য প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে অর্জিত অভিজ্ঞতা কাজে লাগিয়ে ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব পরিহার করার প্রচেষ্টা গ্রহণ করা যেতে পারে (অনুচ্ছেদ ১৫.২);

১৬.৪ এক্সটারনাল অডিটে প্রতিবেদনের সকল আপত্তি বিধি মোতাবেক নিস্পত্তি করতে হবে। ২০১৪ -১৫ বছরেরঅডিট সম্পন্নকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ ১৫.৩);
১৬.৫ পিপিআর -২০০৮ এর ব্যত্যয় ঘটিয়ে কিছু ঠিকাদারকে কার্যাদেশ দেয়ার বিষয়টি মন্ত্রণালয় তদন্ত করে দেখবে (অনুচ্ছেদ ১৫.৩);

১৬.৬ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ প্রকল্পের সাশ্রয়কৃত মালামালের একটি পুর্নাংগ ইনভেন্টরী প্রস্তুতসহ এবং এগুলোর যথাযথ সংরক্ষণ ও ভবিষ্যতে যথাযথ ব্যবহার নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ ১৫.৪);

১৬.৭ পিসিআর এ খরচের হিসাব সঠিকভাবে উল্লেখ করতে হবে (অনুচ্ছেদ ১৫.৫০);

১৬.৮ সুপারিশ অনুচ্ছেদ ১৬ .১-১৬.৭ এ বর্ণিত সুপারিশসমূহের আলোকে গৃহীত ব্যবস্থাদি সর্ম্পকে আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

Strengthening the Research and Exploration Capabilities of the Geological Survey of Bangladesh (STREC) (Revised) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৫)

১। প্রকল্পেরনাম : Strengthening the Research and Exploration Capabilities of the Geological Survey of Bangladesh (STREC) (Revised)

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৩। বাস্তবায়ন সংস্থা : Geological Survey of Bangladesh (GSB).

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃতব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের %)
মূল সর্বমোট টাকা (বৈ:মু:)	সর্বশেষ সংশোধিত সর্বমোট টাকা (বৈ:মু:)	সর্বমোট টাকা	মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৮২৩.০০ ৩৮২৩.০০ (৫৭৯.০০)	৩৬৯৩.৯২ ৩৬৯৩.৯২ (৪৭১.২১)	৩৬৯৩.৩৯ ৩৬৯৩.৩৯ (বৈ:মু:-৪৭১.২১)	জানুয়ারী,২০১০ হতে জুন,২০১২	জানুয়ারী,২০১০ হতে জুন,২০১৫	জানুয়ারী,২০১০ হতে জুন,২০১৫	(-) ১২৯.৬১ * (৩.৩৯%)	৩ বছর (১০০%)

*প্রকল্পের অনুকূলে প্রকৃত ব্যয় মূল প্রাক্কলিত ব্যয়ের চেয়ে ১২৯.৬১ লক্ষ টাকা হ্রাস পেয়েছে।

৫। প্রকল্পের অবস্থান : Geological Survey of Bangladesh (GSB)।

৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন : পিসিআর অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

Items of work (as per RDPP)	**Unit**	**Target (as per RDPP)**		**Actual Progress**	
		Financial	**Physical (Quantity)**	**Financial**	**Physical (Quantity)**
1	*2*	*3*	*4*	*5*	*6*
Telephone/Internet		3.00	-	3.00	-
Fuel & Lubricant		51.96	-	51.96	-
Stationery Items		12.74	-	12.74	-
Books & Journals		6.99	-	6.99	-
Advertisement		9.32	-	9.04	-
Training Expenses (81)		610.29 (F.C .471.21)	81	610.29 (F.C. 471.21)	81
Refreshment		1.10	-	1.10	-
Chemical Reagent		15.00	-	15.00	-
Survey (22)		33.67	22	33.67	22
Computer Items (Paper, Ribbon,Cartridge)		25.00	-	25.00	-
Committee Meeting/Commission		11.47	-	11.23	-
Other Expenditures (Miscellaneous/Unforeseen)		8.97	-	8.97	-
Repair, Maintenance of Transport Vehicles		9.50	-	9.50	-

Items of work (as per RDPP)	Unit	Target (as per RDPP)		Actual Progress	
		Financial	Financial	Financial	Physical (Quantity)
Repair, Maintenance Rehabilitation of Machinery and Equipment		9.00	-	9.00	-
Procurement of transport vehicles (1 Jeep, 1 Pick-up, 2 Coaster)		108.69	4	108.69	4
Camera (9)		6.30	9	6.30	9
Procurement of Equipment & Machineries (No of Packages & lot)		2174.48	-	2174.48	-
Computer & Accessories (Desktop 63, laptop 10, printer 37 etc)		154.65	110	154.65	110
Computer Software		301.96	-	301.96	-
Office Items (Miscellaneous office items)		9.96	-	9.96	-
Furniture		64.88	-	64.88	-
Telecommunication Machinery (Exchange -1set & intercom set 100)		6.99	Exchange -1set & intercom set 100)	6.99	Exchange -1set & intercom set 100)
Electrical Items		5.00	-	5.00	-
Other Cost (Imageries & Other cost)		53.00	-	52.99	-
Total		3693.92 (F.C.471.21)		3693.39 (F.C.471.21)	

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ : প্রকল্প সমাপ্ত প্রতিবেদন এবং প্রকল্প পরিচালক কর্তৃক প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নাই।

৮। প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য :

৮.১। প্রকল্পের পটভূমি :

বাংলাদেশ ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তর একটি গবেষণাধর্মী ভূ-বৈজ্ঞানিক সংস্থা। এই সংস্থার প্রধান প্রধান কার্যাবলী হলো :

- মাঠ পর্যায় ও গবেষণাগারে ভূ-বৈজ্ঞানিক গবেষণা কার্যাবলী সম্পাদন;
- দেশের খনিজ সম্পদ আবিস্কার;
- প্রাকৃতিক দূর্যোগ যেমন- ভূমিকম্প, ঘূর্ণিঝড়, বন্যা, ভূমিধস, জলাবদ্ধতা আর্সেনিক দূষণ ইত্যাদি বিষয়ে ভূ-বৈজ্ঞানিক অনুসন্ধান কার্যাক্রম পরিচালনা;
- প্রকৌশলগত ভূ-তত্ত্ব, পানি সম্পদ, ভূমি ব্যবহার, ভূ-তত্ত্বিক পরিবেশ, শহরে ভূ-তত্ত্ব ইত্যাদি বিষয়ে ভূ-বৈজ্ঞানিক কার্যক্রম পরিচালনা এবং
- সরকারি, আধা-সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে বিভিন্ন ভূ-তাত্ত্বিক বিষয়ে পরামর্শক প্রদান।

বাংলাদেশ ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এদেশে খনিজ সম্পদ অনুসন্ধানের ক্ষেত্রে একমাত্র প্রতিষ্ঠান। এ সংস্থা বিভিন্ন খনিজ সম্পদ যেমন: কয়লা, কঠিন শিলা, কাচ-বালি, চুনাপাথর, পীট কয়লা ইত্যাদির মজুদ অনুসন্ধানের মাধ্যমে আবিস্কার করেছে। কিন্তু প্রতিষ্ঠানটির আধুনিক গবেষণাগার ও গবেষণামূলক সুবিধাদি না থাকায় প্রত্যাশা অনুযায়ী সুফল পাওয়া যাচ্ছে না। প্রত্যাশা অনুযায়ী সুফল পাওয়ার জন্য প্রস্তাবিত প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। এই দপ্তরে অনেক উচ্চ শিক্ষিত ও প্রশিক্ষিত বিশেষজ্ঞ আছে যাদের দীর্ঘ গবেষণা ও অনুসন্ধান কাজের অভিজ্ঞতা আছে। তাদেঁরকে প্রযুক্তি নির্ভর প্রশিক্ষণ দেয়া হলে তাঁরা আরও দক্ষ হয়ে উঠবেন।

৮.২। প্রকল্পের উদ্দেশ্য:

প্রকল্পটির প্রধান উদ্দেশ্য হল ভূ-ত্বাত্ত্বিক জরিপ অধিদপ্তরের (জিএসবি) বিদ্যমান ভূ-তাত্ত্বিক গবেষণা ও অনুসন্ধানমূলক সক্ষমতা বৃদ্ধি করা। উদ্দেশ্য অর্জনে নিম্নবর্ণিত বিষয়গুলি বিবেচনা করা হয়েছে

- ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের বিদ্যমান বিশ্লেষণধর্মী ও গবেষণামূলক সুবিধাদি উন্নীতকরণের মাধ্যমে সংস্থার অনুসন্ধানমূলক কাজের সক্ষমতা আন্তর্জাতিক মানে শক্তিশালীকরণ;
- মূল্যবান খনিজ সম্পদ ও ভূ-অভ্যন্তরস্থ উপকরণসমূহ চিহ্নিতকরণের ক্ষমতা সম্প্রসারণ;
- উচ্চতর গবেষণা ও অনুসন্ধানমূলক কাজে পারদর্শী জনসম্পদ হিসেবে গড়ে তোলার জন্য দেশ-বিদেশে প্রশিক্ষণ প্রদান;
- উচ্চতর গবেষণার জন্য উপযোগী পরিবেশ সৃষ্টি করা।

৯। প্রকল্প অনুমোদন :

"Strengthening the Research and Exploration Capabilities of the Geological Survey of Bangladesh" শীর্ষক বিনিয়োগ প্রকল্পটি গত ০৬/০৪/২০১০ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ৩৮২৩.০০ লক্ষ (আটত্রিশ কোটি তেইশ লক্ষ) টাকা প্রাক্কলিত (সম্পূর্ণ জিওবি (জেডিসিএফ)) ব্যয়ে জানুয়ারী, ২০১০ হতে জুন , ২০১২ মেয়াদকালে অনুমোদিত হয়। গত ১৪/০৮/২০১২ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ৩৮২৩.০০ লক্ষ (আটত্রিশ কোটি তেইশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী, ২০১০ হতে জুন, ২০১৩ মেয়াদকালে আলোচ্য প্রকল্পটি অন্তঃখাত সমন্বয়ের প্রশাসনিক অনুমোদন দেয়া হয়। গত ২৯/০৭/২০১৩ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক মোট ৩৮২৩.০০ লক্ষ (আটত্রিশ কোটি তেইশ লক্ষ) টাকা (জিওবি (জেডিসিএফ)) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী,২০১০ হতে জুন,২০১৪ মেয়াদকালে প্রকল্পটির ১ম সংশোধন অনুমোদিত হয়। পরবর্তীতে গত ১৫/১০/২০১৪ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক মোট ৩৬৯৩.৯২ লক্ষ (ছত্রিশ কোটি তিরানব্বই লক্ষ বিরানব্বই হাজার) টাকা (জিওবি (জেডিসিএফ)) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী,২০১০ হতে জুন ,২০১৫ মেয়াদকালে প্রকল্পটির ২য় সংশোধনের প্রস্তাব অনুমোদিত হয়।

১০। প্রকল্পের অর্থায়ন :

ক) জিওবি (জেডিসিএফ):

(লক্ষ টাকা)

মোট	ঋণ	অনুদান	Cash Foreign Exchange
(১)	*(২)*	*(৩)*	*(৪)*
৩৬৯৩.৯২	-	৩৬৯৩.৯২	-

১১। প্রকল্পের সার্বিক অগ্রগতি :

২য় সংশোধন অনুযায়ী প্রকল্পটির সর্বমোট প্রাক্কলিত ব্যয় ৩৬৯৩.৯২ লক্ষ (জিওবি (জেডিসিএফ)) টাকা। প্রকল্পের সার্বিক আর্থিক অগ্রগতি ৩৬৯৩.৩৯ লক্ষ টাকা যা মোট ২য় সংশোধিত প্রাক্কলিত ব্যয়ের ৯৯.৯৮%। প্রকল্প সমাপ্ত প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত না থাকায় প্রকল্পের সার্বিক ভৌত অগ্রগতি ১০০%।

১২। পর্যবেক্ষণ :

১২.১। প্রকল্পের আওতায় বিভিন্ন ধরন ও মেয়াদী ৫১ জনকে বৈদেশিক প্রশিক্ষণ এবং ৩০ জনকে স্থাণীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বৈদেশিক প্রশিক্ষণের আওতায় ২০ জনকে UK তে Managerial Trainning, ১৫ জনকে Malaysia তে M.Sc programme এবং ১৬ জনকে Malaysia তে On Job Trainning প্রদান করা হয়েছে।

১২.২। আলোচ্য প্রকল্পের আওতায় বেশ কিছু আধুনিক যন্ত্রপাতি যথা Ore Microscope, Microscope, Muffle Furnace, Slide Polishing Machine, Ultrasound grain dispersing machine, Induced Couple Plasma (ICP), Ion chromatograph (IC), Bomb Calorimeter, CHNS/O Analyzer, Potentiometer Tritrator, Chamber

furnace, Platinum crucible with lid, Muffle Furnace, Ultraviolet Spectophotometer, Ultra-pure water distillation plant, Sample digestion system, Wet sieving method, Oxygen diffusion meter, Top load balance, Fume hood, Chemicals & Reagent, Laboratory glassware, Seismograph, Mud pumps, Resistivity survey equipment, Pumps for aquifer testing, Multi meter for P^h, Conductivity, DO, Temperature, Current meter with synthetic propeller, TLC meter foe salt water intrusion, Total station, Resistivity & IP set with software, Magnetometer with software, Transient Electromagnetic Transmitter (TEM), Ground Penetrating Radar (GPR), Geophysical van, Arc-GIS, Erdas Rapid Eye Satellite Imagery X-RF with lab settings, Gravity Meter, Software for Geophysical Data Processing & Interpretation, Geophysical Accessories ক্রয় করা হয়েছে এবং প্রশিক্ষণের দ্বারা এ সকল যন্ত্রপাতি পরিচালনার জন্য মানব সম্পদ উন্নয়ন করা সম্ভব হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

১২.৩। প্রকল্পটির আওতায় গৃহীত কার্যক্রমের মাধ্যমে ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের বিদ্যমান বিশ্লেষণ ধর্মী ও গবেষণামূলক সুবিধাদি উন্নীতকরণের মাধ্যমে সংস্থার অনুসন্ধানমূলক কাজের সক্ষমতা আন্তর্জাতিক মানে শক্তি শালীকরণ করা এবং মূল্যবান খনিজ সম্পদ ও ভূ-অভ্যন্তরস্থ উপকরণসমূহ চিহ্নিতকরণের ক্ষমতা সম্প্রসারণ করা সম্ভব হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

১২.৪। প্রকল্পের Audit সংক্রান্ত তথ্যঃ

External Audit: During implementation period, last five fiscal years external audit have been accomplished by Foreign –Aided Project Audit Directorate.

Period of Audit	**Date of submission of Audit Report**	**Major findings/objections**	**Whether objections resolved or not**
1	2	3	4
2009-10	07/08/2011	Nil	-
2010-11	23/04/2012	Part-A i) Excess payment of tk. 10,21,600.00 made to the supplier over the market price due to incorrect procurement method. ii) Work order was awarded to non-responsive bidders for supply of equipments. iii) Work order awarded to non-response single bidder for supply of equipments.	Objections were resolved.
2011-12	03/04/2013	Nil	-
2012-13 & 2013-14	06/08/2015	Part-A i) Work order was awarded amount of tk. 500.83 lakh with the non-responsive bidders for supply of equipments. ii) Loss of Tk. 26,25,850.00 due to none deducted from foreign training per diem as per Finance Ministry order. iii) Irregular payment was made amount of Tk. 2,96,220.00 to the stationery supplier & general contractor for vehicle repair. Part-B iv) Tender schedule sold amount Tk. 55,000.00 not deposited into the govt. account.	Reply for the objections are under process.

১২.৫ প্রকল্প আওতায় সংগৃহীত যন্ত্রপাতিসমূহের কতিপয় স্থিরচিত্রঃ



চিত্র-১ Magnetometer



চিত্র-২ Resistivity Set



চিত্র-৩ Induced Couple Plasma (ICP)



চিত্র-৪ Microscope

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নিম্নবর্ণিত প্রকল্প পরিচালকগণ প্রকল্পের দায়িত্ব পালন করেছেন।

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	দায়িত্বের ধরন	সময়কাল
1	Md. Munir Hussain	Director	Full Time	30-06-2010 হতে 09-03-2011
2	Md. Anawarul Huq	Director	Full Time	10-03-2011 হতে 31-12-2014
3	Md. Kamrul Ahsan	Deputy Director	Full Time	01-01-2015 হতে 30-06-2015

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের বিদ্যমান বিশ্লেষণ ধর্মী ও গবেষণামূলক সুবিধাদি উন্নীতকরণের মাধ্যমে সংস্থার অনুসন্ধানমূলক কাজের সক্ষমতা আন্তর্জাতিক মানে শক্তিশালীকরণ	আধুনি যন্ত্রপাতি ক্রয়ের মাধ্যমে ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের বিদ্যমান বিশ্লেষণ ধর্মী ও গবেষণামূলক সুবিধাদি উন্নীতকরণের মাধ্যমে সংস্থার অনুসন্ধানমূলক কাজের সক্ষমতা আন্তর্জাতিক মানে শক্তিশালীকরণ করা সম্ভব হয়েছে মর্মে জানানো হয়েছে।
মূল্যবান খনিজ সম্পদ ও ভূ-অভ্যন্তরস্থ উপকরণসমূহ চিহ্নিতকরণের ক্ষমতা সম্প্রসারণ	আধুনি যন্ত্রপাতি ক্রয়ের মাধ্যমে মূল্য বান খনিজ সম্পদ ও ভূ-অভ্যন্তরস্থ উপকরণসমূহ চি হ্নিতকরণের ক্ষমতা সম্প্রসারণ করা সম্ভব হয়েছে মর্মে জানানো হয়েছে।
উচ্চতর গবেষণা ও অনুসন্ধানমূলক কাজে পারদর্শী জনসম্পদ হিসেবে গড়ে তোলার জন্য দেশ-বিদেশে প্রশিক্ষণ প্রদান	উচ্চতর গবেষণা ও অনুসন্ধানমূলক কাজে পারদর্শী জনসম্পদ হিসেবে গড়ে তোলার জন্য দেশ-বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১৫.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ

Description of procurement (goods/works/consultancy) as per bid document	**Tender/Bid/Proposal Cost (in crore Taka)**		**Tender/Bid/Proposal**		**Date of completion of works/services and supply of goods**	
	As per PP	Contracted value	Invitation date	Contract signing/L.C opening date	As per Contract	Actual
1	2	3	4	5	6	7
Transient Electromagnetic Transmitter (TEM) complete set	2.50	2.4659	08/09/10	09/12/10	13/03/11	13/03/11
X-Ray Fluorescence (X-RF)	3.50	3.3083	10/10/13	29/01/14	28/04/14	18/06/14
Training	6.37	6.29	17/11/11 & 24/07/2013	17/11/13	30/06/14 30/06/15	10/02/15

১৬। সুপারিশ/মন্তব্য :

১৬.১ "Strengthening the Research and Exploration Capabilities of the Geological Survey of Bangladesh (STREC) (Revised)" শীর্ষক প্রকল্পের আওতায় ক্রয়কৃত আধুনিক যন্ত্রপাতি সমূহের যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং Geological Survey of Bangladesh (GSB) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে।

১৬.২ প্রকল্পের আওতায় ক্রয়কৃত আধুনিক যন্ত্রপাতিসমূহ রক্ষনাবেক্ষণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং Geological Survey of Bangladesh (GSB) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে।

১৬.৩ যথাশীঘ্র অডিট আপত্তি নিষ্পত্তি করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

১৬.৪ সুপারিশ অনুচ্ছেদ ১৬.১-১৬.৩ এর আলোকে গৃহীত ব্যবস্থা যথাশীঘ্র আইএমইডিকে অবহিত করতে হবে।

Construction of 03(Three) Storage Tanks(Capacity 13000 MT each) At Eastern Refinery Limited প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৫)

১. প্রকল্পেরনাম : "Construction of 03(Three) Storage Tanks(Capacity 13000 MT each) At Eastern Refinery Limited"

২. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/ বিদ্যুৎ ,জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)এর পক্ষে ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড(ইআরএল)

৪. প্রকল্পের এলাকা : ইআরএল চত্বর, উত্তর পতেংগা, চট্টগ্রাম

৫. প্রকল্পের অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল

প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) মোট জিওবি		প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) মোট জিওবি	বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
			মূল	সর্বশেষ সংশোধিত			
*মূল	* সর্বশেষ সংশোধিত						
৪৬৫৮.১৬ ৪৬৫৮.১৬	৪৯২৬.৯৬ ৪৯২৬.৯৬	৪৮৯২.৬৯ ৪৮৯২.৬৯	জুলাই ২০১২-ফেব্রুয়ারি ২০১৪ পর্যন্ত	জুলাই ২০১২-জুন ২০১৫ পর্যন্ত	জুলাই ২০১২-জুন ২০১৫ পর্যন্ত	২৩৪.৫৩ (৫.০৩%)	১ বছর ৪ মাস (৮০%)

*প্রকল্পটি সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থায়নে বাস্তবায়িত হয়েছে। সরকার প্রদত্ত এ অর্থের ঋণ ও ইক্যুটির অনুপাত ৬০:৪০ ।

৬. প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ

(আর্থিক পরিমাণ: লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	প্রকল্পের অনুমোদিত সংশোধিত ডিপিপি(আরডিপিপি) অনুযায়ী অংগ	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক (%)
	রাজস্ব অংগ				
১	ডিজাইন, ইঞ্জিনিয়ারিং এবং পরামর্শক সেবা	থোক	৪৪.০০		৪৪.০০(১০০%)
২	স্টেশনারী	থোক	০.৫০		০.২৫(৫১.৫৭%)
৩	সম্মানী	থোক	১.৫০		০.৮১(৫৪%)
৪	টেস্টিং ফি	থোক	৮.৫০		১.৪৫৫(১৭.১১%)
	মোট: রাজস্ব		**৫৪.৫০**		**৪৬.৫২ (৮৫.৩৬%)**
	মূলধন অংগ				
৫	ট্যাংক মেটিরিয়াল (স্টীল প্লেট, এক্সেসরিজ, পাইপলাইন, ইরেকশন, পেইন্ট ইত্যাদি)	লট	৩০৯৬.৩৩	লট	৩০৯৬.৩৩(১০০%)
৬	ইলেকট্রিকাল এন্ড ইনস্ট্রুমেন্টাল ইকুইপমেন্ট,পাম্প, মটর, এজিটেটর)	লট	৩৮২.২২	লট	৩৮২.২২(১০০%)
৭	ফায়ার ফাইটিং ইকুইপমেন্টস্		৫৩.১০		৫৩.১০৫(১০০%)
৮	সাইট উন্নয়ন	১০০০ বর্গমিটার	২৯.০০		২৯.০০
৯	পূর্তকাজ (রোডস্, ড্রেন, ডাইক, পিট, ফাউন্ডেশন)	লট	১২৮৫.৫১	লট	১২৮৫.৫১(১০০%)
	মোট: মূলধন		**৪৮৪৬.১৯**		**৪৮৪৬.১৭(১০০%)**
১০	ফিজিক্যাল কন্টিনজেন্সী		২৬.২৮৯		
	মোট (রাজস্ব+মূলধন)		**৪৯২৬.৯৬**		**৪৮৯২.৬৯(৯৯.৩০%)**

সূত্র: জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ,বিপিসি, ইআরএল কর্তৃক প্রণীত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন।

৭. **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি ও উদ্দেশ্যঃ**

৭.১. **প্রকল্পের পটভূমি:-**

৭.১.১ দেশে বেসরকারি পর্যায়ে স্থাপিত বিদ্যুৎ কেন্দ্র ও ভাড়াভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রে অতিরিক্ত জ্বালানী সরবরাহের জন্য বিদেশ হতে অতিরিক্ত ডিজেল ও ফার্নেস ওয়েল আমদানি কর তে হয়। কিন্তু ইআরএল-এ পেট্রোলিয়ামজাত পণ্যের বিদ্যমান মজুদ ক্ষমতা এ অতিরিক্ত জ্বালানী মজুদের জন্য পর্যাপ্ত নয়। উল্লেখযোগ্য যে, ২০১০-১১ সালে দেশে ডিজেল ও ফার্নেস ওয়েলের প্রকৃত চাহিদা ছিল যথাক্রমে ২৩৩৯৩৭৯ মেট্রিক টন (মে:ট:) ও ৫৪৪৬১৭ মে:ট: । বিপিসি'র প্রক্ষেপন মোতাবেক ২০১৫-১৬ সালের এ দু'টি জ্বালানীর চাহিদা দাঁড়াবে যথাক্রমে ৪৮০০০০০ মে:ট: ও ১৫০০০০০ মে:ট:। এ পরিপ্রেক্ষিতে ইআরএল চত্বরে ১৩০০০ মে:ট: ফার্নেস ওয়েল ধারণক্ষমতাসম্পন্ন ২টি স্টোরেজ ট্যাংক ও ১৩০০০ মে:ট: ডিজেল ধারণ ক্ষমতাসম্পন্ন ১টি স্টোরেজ ট্যাংক নির্মাণ করে ইআরএল এর জ্বালানী মজুদ ব্যবস্থা বৃদ্ধি করার মাধ্যমে বিদ্যুৎ কেন্দ্রগুলোতে নিরবচ্ছিন্ন তেল সরবরাহের জন্য আলোচ্য প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পটি ০৫ জুন ২০১২ তারিখের একনেক কর্তৃক অনুমোদিত হয়।

৭.১.২ পরবর্তীতে মুদ্রাস্ফীতি, বৈদেশিক মুদ্রার বিনিময় হার বৃদ্ধি, আন্তর্জাতিকবাজারে মালামালের মূল্য বৃদ্ধি, কারিগরি মূল্যায়নে উত্তীর্ণ টার্ন-কী বিডারদের মধ্যে সর্বনিম্ন দরদাতার উদ্বৃত দর ডিপিপি বাজেট অপেক্ষা বেশী হওয়ায় প্রকল্পের সংশোধন করা হয়। সংশোধিত ডিপিপি (আরডিপিপি) ১৩ জানুয়ারি ২০১৩ তারিখে অনুমোদিত হয়। প্রাকৃতিক দুর্যোগ এবং বিভিন্ন অস্থিরতারকারণে তিন দফায় প্রকল্পের মেয়াদ জুন ২০১৫ পর্যন্ত বর্ধিত করা হয়।

৭.২ **প্রকল্পের মুল উদ্দেশ্য:**

নূতন বিদ্যুৎ কেন্দ্রসমূহে জ্বালানী সরবরাহ বৃদ্ধি করার লক্ষ্যে ইআরএল এ অতিরিক্ত জ্বালানীর (ডিজেল ও ফার্ণেস ওয়েল) মজুদ ব্যবস্থা নিশ্চিত করা, দেশে জ্বালানীর ক্রমবর্ধমান চাহিদা মেটানো এবং দেশে জ্বালানী নিরাপত্তা নিশ্চিত করা আলোচ্য প্রকল্পের মূল উদ্দেশ্য।

৮. **প্রকল্পের মূল কার্যক্রম:**

- টার্ণ-কী কন্ট্রাক্টের ভিত্তিতে ইআরএল চত্বরে প্রতিটি ১৩০০০ মে:ট: ফার্নেস ওয়েল ধারণ ক্ষমতাসম্পন্ন ২টি স্টোরেজ ট্যাংক ও ১৩০০০ মে:ট: ডিজেল ধারণ ক্ষমতাসম্পন্ন ১টি স্টোরেজ ট্যাংক নির্মাণ করা;
- স্টোরেজ ট্যাংকের আনুষংকি সুবিধাদি হিসেবে ইলেকট্রিকাল সাব-স্টেশন (৫০০ কেভিএ সুইস গিয়ার সহ), ফায়ার ফাইটিং সিস্টেম, পাম্প, মটর, পাইপলাইন নেটওয়ার্ক ইত্যাদি নির্মাণ করা;
- ট্যাংক সংলগ্ন এলাকায় রোড, ডাইক,ড্রেন ইত্যাদি নির্মাণ করা।

৯.**প্রকল্প পরিচালকঃ** ইআরএল -এর উপ-মহাব্যবস্থাপক (পরিদর্শন ও নিরাপত্তা) জনাব মো: রাশেদ কাওসার পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে ১৭ জুলাই ২০১২ থেকে প্রকল্প সমাপ্তি পর্যন্ত দায়িত্ব পালন করেন।

১০.**প্রকল্প পরিদর্শন:**

প্রকল্পের বাস্তবায়িত কাজ সরেজমিনে পরিদর্শনের জন্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নবিভাগের শিল্প ও শক্তি সেক্টরের উপ পরিচালক (জ্বালানী) মো: সাইফুল ইসলাম কর্তৃক গত ৩০অক্টোবর ২০১৫ তারিখে প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক এবং প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে সহায়তা প্রদান করেছেন।

১১. **প্রকল্পের আর্থিক সংস্থান,এডিপি/আরএডিপি বরাদ্দ, অর্থ অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্য(লক্ষ টাকায়):**

অর্থবছর	প্রকল্পের আর্থিক সংস্থান		এডিপি বরাদ্দ	আরএডিপিতে বরাদ্দ	অর্থ অবমুক্তি	অর্থ ব্যয়	অব্যয়িত অর্থ ফেরৎ প্রদান
	মূল	আরডিপিপি					
২০১২-১৩	৩২৭২.৮০	১১৮৫.১০৮২	৪৯০.০০	২৬৭.০০	২৬৭.০০	২৬৭.০০	
২০১৩-১৪	১৩৮৫.৩৬	২৯৭৭.২৭৯	২৫০০.০০	২০০০.০০	২০০০.০০	২০০০.০০	
২০১৪-১৫	০.০	৭৬৪.৫৭৩৬	২৬৬০.০০	২৬২৯.০০	২৬২৮.১৭২	২৬২৫.৬৯৪৬৭	২.৪৭৩৩
সর্বমোট	৪৬৫৮.১৬	৪৯২৬.৯৬০৮		৪৮৯৬.০০	৪৮৯৫.১৭২	৪৮৯২.৬৯৪৬৭	২.৪৭৩৩

সূত্র: প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন ও প্রকল্প পরিচালক

১২. **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

আরডিপিপিতে বর্ণিত পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
নূতন বিদ্যুৎ কেন্দ্রসমূহে জ্বালানী সরবরাহ বৃদ্ধি করার লক্ষ্যে ইআরএল এ অতিরিক্ত জ্বালানীর (ডিজেল ও ফার্নেস ওয়েল) মজুদ ব্যবস্থা নিশ্চিত করা, দেশে জ্বালানীর ক্রমবর্ধমান চাহিদা মেটানো এবং দেশে জ্বালানী নিরাপত্তা নিশ্চিত করা।	ইআরএল এ অতিরিক্ত জ্বালানীর মজুদ ব্যবস্থা নিশ্চিত করা, দেশে জ্বালানীর ক্রমবর্ধমান চাহিদা মেটানো এবং দেশে জ্বালানী নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ইআরএল চত্বরে প্রতিটি ১৩০০০ মে:ট: ফার্নেস ওয়েল ধারণ ক্ষমতাসম্পন্ন ২টি ও ১৩০০০ মে:ট: ডিজেল ধারণ ক্ষমতাসম্পন্ন ১টি স্টোরেজ ট্যাংক নির্মাণ ও আনুষংগিক সুবিধাদি স্থাপন করা হয়েছে।

১৩. **প্রকল্পের প্রধান প্রকিওরমেন্টের বিবরণ:**

১৩.১ টার্ণ-কী কন্ট্রাক্টের ভিত্তিতে ইআরএল চত্বরে বর্ণিত ০৩ (তিন)টি স্টোরেজ ট্যাংক আনুষংগিক সুবিধাদিসহ স্থাপনের জন্য জাতীয় প্রতিযোগিতামূলক দরপত্র (One Stage Two Envelope System) আহবান করা হয়। ০৫ মার্চ ২০১১ তারিখে 'দৈনিক সমকাল', ০৬ মার্চ ২০১১ তারিখে 'The Independent, ০৬ মার্চ ২০১১ তারিখে 'দৈনিক আজাদী' ও ০৭ মার্চ ২০১১ তারিখে 'দৈনিক যুগান্তর' পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। এছাড়া সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) ও ইআরএল এর ওয়েব সাইটে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। দু'টি ঠিকাদারী প্রতিষ্ঠান দরপত্র দাখিল করে। কারিগরি মূল্যায়নে প্রতিষ্ঠান দু'টির কারিগরি অফার নন-রেসপন্সিভ বিবেচিত হয়।

১৩.২ এ পরিপ্রেক্ষিতে জাতীয় প্রতিযোগিতামূলক দরপত্র (One Stage Two Envelope System) পুন:দরপত্র আহবান করে চারটি পত্রিকায় (০১ আগষ্ট ২০১১ তারিখে 'দৈনিক সমকাল', ০৫ আগষ্ট ২০১১ তারিখে 'The Independent', ০৭ আগষ্ট ২০১১ তারিখে 'দৈনিক যুগান্তর' ও ০৫ আগষ্ট ২০১১ তারিখে 'The Daily Star' পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি দেয়া হয়। সিপিটিইউ ও ইআরএল এর ওয়েব সাইটে দরপত্র বিজপ্তি দেয়া হয়। ২৪ আগষ্ট ২০১১ তারিখে দরপত্র (কারিগরি অফার সমূহ) খোলা হয়। তন্মধ্যে একটি প্রতিষ্ঠান 'M/s. Western Marine Services Limited, Chittagong' কারিগরি মুল্যায়নে উত্তীর্ণ হয়। উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে ০৬ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে ৪৮৯০.০০ লক্ষ টাকা মূল্যে চুক্তি স্বাক্ষরিত হয়।

১৪. **প্রকল্পের প্রধান প্রধান অংগের বাস্তবায়ন বিবরণ:**

১৪.১ ০৩টি স্টোরেজ ট্যাংকের মালামাল সরবরাহ, ট্যাংকের ফেব্রিকেশন, ট্যাংক ইরেকশন, টেস্টিং ও কমিশনিংএর কাজ সম্পন্ন করা হয়েছে। ফার্নেস ওয়েল স্টোরেজ ট্যাংকে (ট্যাংক নং ৫২ ও ৫৩) এবং ডিজেল ওয়েল স্টোরেজ ট্যাংকে (ট্যাংক নং ৫৪) যথাক্রমে মে ২০১৫ হতে এবং নভেম্বর ২০১৫ হতে তেল মজুদ করা হচ্ছে।

১৪.২ তিনটি স্টোরেজ ট্যাং কের জন্য ফায়ার ফাইটিং সিস্টেম , ৫০০ কেভিএ সাব-স্টেশন (আনুষংগিক যন্ত্রাদি), পাইপলাইন নেটওয়ার্ক স্থাপন করা হয়েছে। ১২ ইঞ্চি ব্যাসের ১৬৫৪ মিটার, ৮ ইঞ্চি ব্যাসের ৬৪০ মিটার , ৬ ইঞ্চি ব্যাসের ৫২৫ মিটার , ৪ ইঞ্চি ব্যাসের ৫০০ মিটার এবং ২ ইঞ্চি ব্যাসের ৪৮০ মিটার কার্বন স্টিল পাইপ আনুষংগিক ফিটিংস সহ (ভাল্ভ, প্লেনজ, রিডিউসার ইত্যাদি) স্থাপন করা হয়েছে। ৫০০ কেভিএ ক্ষমতাসম্পন্ন একটি বৈদ্যুতিক সাব -স্টেশন স্থাপন করা হয়েছে। ৩০০ ঘনমিটার/ঘন্টা পাম্পিং ক্ষমতাসম্পন্ন ০২ টি বৈদ্যুতিক পাম্প স্থাপন করা হয়েছে।

১৪.৩ প্রকল্প এলাকায় প্রায় ১২০০০ বর্গমিটার আয়তনের ভূমি উন্নয়ন করা হয়েছে। নীচুজমি, ডোবা ভরাট, উন্মুক্ত নালা স্থানান্তর, পাইলিং সহ সার্বিক ভূমি উন্নয়ন করা হয়েছে। মোট ৪৭০ মিটার দৈর্ঘ্যের পাকা ড্রেন (প্রস্থ ১ মিটার) নির্মিত হয়েছে। মাটির তৈরী ১.৮ মিটার উচ্চতার ৪২০ মিটার দৈর্ঘ্যের ডাইক নির্মাণ করা হয়েছে। ০৬ মিটার প্রস্থের মোট ২৫০ মিটার পাকা রাস্তা (বিটুমিন কার্পেটিং সহ) নির্মাণ ও ২২০ মিটার পুরাতন রাস্তা সংস্কার করা হয়েছে।

প্রকল্পের বিভিন্ন পর্যায়ের কর্মকান্ডের স্থির আলোকচিত্র



ছাব: প্রকল্প এলাকায় ক্লিনিং ও ভূমি উন্নয়নের কাজ



ছবি:পাইলিং এর কাজ



ছবি: ফাউন্ডেশন নির্মাণের কাজ



ছবি: ট্যাংক ফেব্রিকেশন ও ওয়েল্ডিং এর কাজ





ছবি: ইআরএল চত্বরে নির্মাণ সমাপ্ত ট্যাংক

১৫. **তিনটি ট্যাংক নির্মাণের বিভিন্ন পর্যায়:**

কাজের নাম	ট্যাংক নং ৫২ (ফার্নেস ওয়েল)	ট্যাংক নং ৫৩ (ফার্নেস ওয়েল)	ট্যাংক নং ৫৪ (ডিজেল)
সাইট ক্লিনিং, লেভেলিং, ফিলিং ইত্যাদি শুরু	০৭ ফেব্রুযারি ২০১৩	০৭ ফেব্রুযারি ২০১৩	০৭ ফেব্রুযারি ২০১৩
পাইলিংশুরু (১২ ইঞ্চি ব্যাস, ১২.৯-১৩.৫ মিটার দৈর্ঘ্য বিশিষ্ট)	২৪ মার্চ ২০১৩	১৬ এপ্রিল ২০১৩	০৩ এপ্রিল ২০১৩
পাইলিংসম্পন্ন (প্রতি ট্যাংকে ১০৫০ টি)	১৭ জুলাই ২০১৩	০৪ আগষ্ট ২০১৩	২৪ জুলাই ২০১৩
ক্লিনিং, কোর্স স্যান্ড লেয়িং ও কমপ্যাকশন	১৮ জুলাই ২০১৩	২৫ আগষ্ট ২০১৩	২৫ জুলাই ২০১৩
ম্যাকাডাম শুরু	৩১ আগষ্ট ২০১৩	২৫ সেপ্টেম্বর ২০১৩	০৯ সেপ্টেম্বর ২০১৩
প্রি-লোডিংশুরু (লোডিং উচ্চতা ৮৪৯০ মিমি)	১৬ আগষ্ট ২০১৩	১৬ জানুয়ারি ২০১৪	২৬ আগষ্ট ২০১৩
প্রি-লোডিংসমাপ্ত	২৮ অক্টোবর ২০১৩	১০ মার্চ ২০১৪	২৬ নভেম্বর ২০১৩
সেটেলমেন্ট সময়	১৬ জানুয়ারি ২০১৪	২০ জুলাই ২০১৪	১৬ জানুয়ারি ২০১৪
রিংওয়াল নির্মাণ (১৪৭৫ মিমি উচ্চতা) আরসিসি কাষ্টিং	২৭ মার্চ ২০১৪	০২ অক্টোবর ২০১৪	৩০ মার্চ ২০১৪
রিংওয়ালের কিউরিং (ন্যূনতম স্ট্রেন্থ ৩০০০ পিএসআই)	১৫ এপ্রিল ২০১৪	১৫ অক্টোবর ২০১৪	৩০ মার্চ ২০১৪
ট্যাংক ফাউন্ডেশ সমাপ্ত	২৩ এপ্রিল ২০১৪	২২ অক্টোবর ২০১৪	১৪ এপ্রি ২০১৪
বিটুমিন কার্পেটিং	২৪ এপ্রিল ২০১৪	২৬ অক্টোবর ২০১৪	১৭ এপ্রিল ২০১৪
মেকানিকাল কাজ সমাপ্ত (সেলকোর্স ফিটিংস, বটম ও এনুলার লেয়িং, রুফ প্লেট ফিটিংস, রুফ ট্রাস ফিটিংস)	১৬ জানুয়ারি ২০১৫	২৮ ফেব্রুয়ারি ২০১৫	৩০ নভেম্বর ২০১৪
হাইড্রোটেষ্ট (১২.৮৫ মিটার পর্যন্ত পানি ভর্তি) সেটেলমেন্ট পরীক্ষা	২৭ জানুয়ারি ২০১৫-১৫ মে ২০১৫ পর্যন্ত)	১১ মার্চ ২০১৫-৩০ এপ্রিল ২০১৫	২৩ ডিসেম্বর ২০১৪-১৭ ফেব্রুয়ারি ২০১৫
স্যান্ড ব্লাষ্টিং ও পেইন্টিং	০৪ ডিসেম্বর ২০১৪-১৮ এপ্রিল ২০১৫	০৪ মার্চ ২০১৫-১৫ মে ২০১৫	০৪ ডিসেম্বর ২০১৪-১৫ মে ২০১৫
কেলিব্রেশন রিপোর্ট	১৪ এপ্রিল ২০১৫-১৮ এপ্রিল ২০১৫	০২ মে ২০১৫-০৬ মে ২০১৫	০১ মার্চ ২০১৫-০৫ মার্চ ২০১৫
পাইপলাইন, পাম্পস ও সাব-স্টেশন স্থাপন, টেস্টিং ও কমিশনিং	২৬ অক্টোবর ২০১৪- ১৫ মে ২০১৫	২৫ অক্টোবর ২০১৪- ১৫ মে ২০১৫	২৫ অক্টোবর ২০১৪-১৫ মে ২০১৫
কমিশনিং(জ্বালানী গ্রহণ)	২৫ মে ২০১৫	২১ মে ২০১৫	০৬ নভেম্বর ২০১৫

সূত্র: প্রকল্প পরিচালক হতে প্রাপ্ত তথ্য।

১৬. **পর্যবেক্ষণ:**

১৬.১ আলোচ্য প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ইআরএল এ তথা সামগ্রিকভাবে দেশের ডিজেল ও ফার্নেস ওয়েলের মজুদ ক্ষমতা পূর্বের চেয়ে বৃদ্ধি পেয়েছে। ট্যাংকসমূহ নির্মাণের অব্যবহিত পরেই প্রকল্পের আওতায় নির্মিত তিনটি ট্যাংকেই জ্বালানী তেলের মজুদ কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়েছে।। ডিজেল ও ফার্নেস ওয়েল ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র সমূহে জুন ২০১৫ পরবর্তী সময়ে জ্বালানী সরবরাহের কোন সংকট হয়নি। শিল্প, কৃষি ও পরিবহন খাতে ক্রমবর্ধমান জ্বালানী সরবরাহ নিশ্চিত করা সম্ভব হয়েছে। সর্বোপরি স্টোরেজ অবকাঠামো তৈরীর মাধ্যমে মজুদ ক্ষমতা বৃদ্ধি পাওয়ায় দেশের জ্বালানী নিরাপত্তা উন্নত হয়েছে।

১৬.২ পরিদর্শনে জানা যায় যে , স্টোরেজ ট্যাংকের মেক্যানিকাল ডিজাইন ইআরএল এর নিজস্ব প্রকৌশলী দ্বারা সম্পাদন করা হয়েছে। কোন পরামর্শকের সহায়তার প্রয়োজন হয়নি এবং যথারীতি আন্তর্জাতিক কোড API-650 অনুসরণ করা হয়েছে।এ দক্ষতা/অর্জন ইআরএল এর প্রকৌশলীদের ভবিষ্যতে এ জাতীয় কার্যক্রমে উৎসাহিত করবে আশা করা যায়।

১৬.৩ প্রকল্পের বাস্তবায়নে বিলম্ব ঘটেছে। আলোচ্য প্রকল্পের বাস্তবায়ন দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে ডিপিপি অনুমোদন প্রক্রিয়া ও দরপত্র প্রক্রিয়া একইসাথে পরিচালনা করা হয় । খসড়া ডিপিপি'র প্রাক্কলন করা হয় ২০১০ সালে। ট্যাংক নির্মাণের দরপত্র প্রক্রিয়া সমাপ্ত হয় ২০১১ সালে। সর্বনিম্ন দরদাতার উদ্ধৃত দর খসড়া প্রাক্কলনের অপেক্ষা বেশী হয়। কিন্তু দরপত্রে প্রাপ্ত দরের আলোকে ডিপিপি পুনর্গঠিত না করে ডিপিপি'র অনুমোদন প্রসেস করা হয়। ডিপিপি অনুমোদনের (০৫ জুন ২০১২)পর সংশোধিত ডিপিপি অনুমোদিত হতে ০৭ মাস সময় অতিবাহিত হয়। এতে প্রাথিমকভাবে প্রকল্পের বাস্তবায়ন ০৭(সাত) মাস পিছিয়ে পড়ে। ভৌগোলিক অবস্থানজনিত সৃষ্ট কারণেও প্রকল্পের কাজে বেশী সময় ব্যয় হয়। প্রকল্প এলাকাটি কর্ণফুলী নদীর খুব সন্নিকটে অবস্থিত হওয়ায় এবং প্রকল্প এলাকার ভিতর দিয়ে একটি খাল প্রবাহিত থাকায় জোয়ারের সময় প্রকল্প এলাকাটি পানিতে তলিয়ে যেত। এর ফলে স্যান্ড পাইলিং, সাইট উন্নয়ন ও ফাউন্ডেশনের কাজে বিঘ্ন ঘটে। এছাড়া প্রাকৃতিক দুর্যোগ ও বিভিন্ন অস্থিরতার কারণে প্রকল্পের বাস্তবায়ন বিলম্বিত হয়েছে।

১৬.৪ প্রকল্প চলাকালীন সময়ে এবং প্রকল্প সমাপ্তির পর মহাহিসাবনিরীক্ষক কর্তৃক প্রকল্পের কোন অডিট সম্পন্ন হয়নি বলে জানা যায়। এ বিষয়টি জ্বালানী ও খনিজ বিভাগ / বিপিসি/ ইআরএল কর্তৃক প্রণীত প্রকল্প সমাপ্তি প্রতিবেদনেও উল্লেখ করা হয়েছে । প্রকল্পের অডিট সম্পন্নকরণের জন্য উদ্যোগ গ্রহণ করা সহ অডিট সম্পাদনের পর অডিট প্রতিবেদনে কোন আপত্তি থাকলে তা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

১৭. **সুপারিশ:**

১৭.১ ভবিষ্যতে কোন প্রকল্পের ব্যয় প্রাক্কলন বাস্তবসম্মতভাবে করার পর প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া শুরু করা সমীচীন হবে। প্রকল্পের প্রয়োজনীয় সংশোধন প্রক্রিয়া যথাসম্ভব স্বল্প সময়ে সম্পন্নকরণের জন্য সংশ্লিষ্ট সকলের সচেষ্ট হওয়া আবশ্যক;(অনুচ্ছেদ ১৬.৩)

১৭.২ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ / বিপিসি/ ইআরএল কর্তৃক প্রকল্পের এক্সটারনাল অডিট সম্পন্নকরণের ব্যবস্থা করা সহ অডিট প্রতিবেদনে কোন আপত্তি উত্থাপিত হলে তা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে এবং আইএমইডিকে অবহিত করতে হবে; (অনুচ্ছেদ ১৬.৪)

১৭.৩ বিদ্যুৎ কেন্দ্রসমূহ, শিল্প, কৃষি ও পরিবহন খাতে জ্বালানী চাহিদার বিপরীতে সরবরাহ পরিস্থিতি নিরবচ্ছিন্ন করার লক্ষ্যে ইআরএল এ স্থাপিত সকল ওয়েল ট্যাংকের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে;

১৭.৪ ইআরএল এ স্থাপিত সকল ওয়েল ট্যাংকের নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে;

১৭.৫ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/বিপিসি/ইআরএল আলোচ্য প্রকল্প সূত্রে অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতা পরবর্তীতে প্রকল্প বাস্তবায়নে প্রয়োগ করবে।

বাখরাবাদ ৫ নং কুপ পুন:সম্পাদন প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(গ্যাস উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়িত)

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৪)

০১. প্রকল্পের নাম : বাখরাবাদ ৫ নং কুপ পুন:সম্পাদন

০২. উদ্যোগী বিভাগ/মন্ত্রণালয় : জ্বালানী খনিজ সম্পাদ বিভাগ/বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

০৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) পেট্রোবাংলার একটি কোম্পানী

০৪. প্রকল্প এলাকা : উপজেলা মুরাদপুর, জেলা কুমিল্লা

০৫. প্রকল্পের অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল

*প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	বাস্তবায়ন কাল	প্রকৃত বাস্তবায়ন কাল	** অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের%)
৪২৭৫.০০	৩৮৫৯.৪৮	অক্টোবর ২০১৩- ডিসেম্বর ২০১৪ পর্যন্ত	অক্টোবর ২০১৩- ডিসেম্বর ২০১৪ পর্যন্ত	-৪১৫.৫২ (৯.৭২)	-

* প্রকল্পের সম্পূর্ণ অর্থায়ন গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) হতে নির্বাহ করা হয়েছে।

** প্রকৃত ব্যয় প্রাক্কলিত ব্যয় অপেক্ষা ৯.৭২% কম হয়েছে।

৬. **<u>প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি:</u>**

(আর্থিক পরিমাণঃ লক্ষ টাকায়)

ক্রমিক নং	ডিপিপি মোতাবেক অংগের নাম	কাজের একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক (%)
রাজস্ব অংশ						
১.	সিডি/ভ্যাট	থোক	-	৪৯৫		৪৬২.৬৩ (৯৩.৪৬৮%)
২.	কর	থোক	-	১৯৫		১৭৭.৭৬ (৯১.১৫%)
৩.	বীমা,ব্যাংক,পোর্ট চার্জ	থোক	-	১৫.০০		১১.৯২ (৭৯.৪৬)
৪.	লোকাল এজেন্ট কমিশন	থোক	-	২৩.০০		৭.১০ (৩০.৮৬%)
৫.	স্টেশনারী, সীল ও স্ট্যাম্পস	থোক	-	৭.০০		১.৬৩ (২৩.২৮%)
৬.	প্রচারণা ও বিজাপন	থোক		১০.০০		৫.১৬ (৫১.৬০%)
৭.	মালামাল পরিবহণ খরচ	থোক		২.০০		০.৪৪ (২২%)
৮.	অনিয়মিত শ্রমিক	থোক		১০.০০		৩.১৫ (৩১.৫০%)
৯.	সম্মানী (দরপত্র মূল্যায়ন কমিটি'র জন্য)	থোক		৫.০০		৩.০৪ (৬০.৮০%)
১০.	আইই, ইআএ, নবায়ন ফি ইত্যাদি			৪.০০		১.৩০ (৩২.৫০%)
১১.	অন্যান্য খরচ					

ক্রমিক নং	ডিপিপি মোতাবেক অংগের নাম	কাজের একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক (%)
	কূপের পুন: সম্পাদন/ওয়ার্কওবার সার্ভিস	সংখ্যা	০১টি কূপ	২৭৩৫.০০	০১টি কূপ	২৬১৩.২২ (৯৫.৫৪%)
	তৃতীয় পরীক্ষায় প্রকৌশল সেবা (বৈদেশিক)	থোক	০১টি কূপ	৬৫৮.০০	০১টি কূপ	৪৭৭.৩৬ (৭২.৫৪%)
১২.	মেরামত, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ					
	মেশিনারি, ইকুইপমেন্ট, টুলস ও ভেহিক্যাল	থোক		২.০০		০.২৬ (১৩%)
	সংযোগ সড়ক, মাড পুকুর সংস্কার	থোক		১.০০		
	মোট রাজস্ব			**৪১৬২.০০**		**৩৭৬৪.৯৭ (৯০.৪৬%)**
	মূলধন অংগ					
১৩.	সম্পদ সংগ্রহ					
	ওয়ার্কওভার মেটিরিয়ালস (প্রি-শিপন্টে পরিদর্শন সহ)	থোক		৯৫.০০		৮৬.৭৯ (৯১.৩৫%)
	স্থানীয়ভাবে সংগৃহীত মেশিনারি, ইকুইপমেন্টস ও স্পেয়ার ইত্যাদি	থোক		১০.০০		০.০৫ (০.৫%)
১৪.	কম্পিউটার ও এক্সেরিজ	থোক		৪.০০		৩.৯৭ (৯৯.২৫%)
১৫.	**অফিস মেশিনারি ও ইকুইপমেন্ট**	থোক		৪.০০		৩.৭০ (৯২.৫০%)
	মূলধন অংগ			**১১৩.০০**		**৯৪.৫১ (৮৩.৬৩%)**
	মোট: রাজস্ব+মূলধন			**৪২৭৫.০০**		**৩৮৫৯.৪৮ (৯০.২৮%)**

সূত্র: জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা/বিজিএফসিএল কর্তৃক প্রণীত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন

৭. প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি ও উদ্দেশ্যঃ

৭.১ প্রকল্পের পটভূমি:

১৯৬২ সালে শেল ওয়েল কোম্পানি কর্তৃক বাখরাবাদ ১ নং গ্যাস কূপ খননের মাধ্যমে বাখরাবাদ গ্যাস ফিল্ড আবিস্কৃত হয়। পরবর্তীতে ১৯৮১-৮২ সালে বাখরাবাদ ২, ৩, ৪ ও ৫ নং কূপের খনন কাজ সম্পন্ন হওয়ার পর এ ফিল্ড হতে বাণিজ্যিকভাবে গ্যাসের উৎপাদন শুরু হয়। ১৯৮৯ সালে আরো তিনটি কূপ (বাখরাবাদ ৬,৭ ও ৮ নং) খনন করে গ্যাস উপৎপাদন বৃদ্ধি করা হয়। পরবর্তীতে কূপের ওয়েল হেড প্রেশার পর্যায়ক্রমে হ্রাস পাওয়ায় এবং কূপ হতে অত্যধিক পরিমানে পানি নির্গমন হওয়ার কারণে বাখরাবাদ ২, ৪, ৫ ও ৬ নং কূপ যথাক্রমে জুন ১৯৯৯, জুন ১৯৯৮, মে ১৯৯৭ ও আগষ্ট ১৯৯৮ সালে বন্ধ করে দেয়া হয়। উক্ত কূপ সমূহ বন্ধ করে দেয়ার সময় এ ফিল্ডের অপর ০৪ টি কূপের (১, ৩, ৭ ও ৮ নং) প্রতিদিনের গ্যাসের সম্মিলিত গড় গ্যাস উৎপাদনের পরিমাণ ছিল ৩৫ মিলিয়ন কিউবিক ফিট (এমএমসিএফ)।

বাখরাবাদ গ্যাস ফিল্ডে বিভিন্ন সময়ে গ্যাস কুপ খননের মাধ্যমে মোট ১০টি গ্যাস স্যান্ড জোন যথা: A, B,C, D(upper), D(lower), F, G, J, K ও L আবিস্কার করা হয়। উত্তোলনযোগ্য গ্যাসের মজুদ বিবেচনায় B ,D(upper), D(lower), G ও K -কে মুখ্য গ্যাস স্যান্ড জোন এবং A, C ,F, K ও L-কে গৌণ গ্যাস স্যান্ড জোন হিসেবে বিবেচনা করা হয়। ২০১০ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের হাইড্রোকার্বন ইউনিটের গ্যাস রিজার্ভ প্রাক্কলন মোতাবেক বাখরাবাদ ফিল্ডে মোট গ্যাস মজুদের পরিমাণ ১৩৮৭.০০ বিলিয়ন কিউবিক ফিট (বিসিএফ); তন্মধ্যে জানুয়ারি-২০১৪ পর্যন্ত উত্তোলনকৃত গ্যাসের পরিমাণ ৭৪৮.৮৯ বিসিএফ।

৭.৩ বাখরাবাদ ফিল্ডের কূপসমূহ একে একে বন্ধ হয়ে যাওয়া তথা সামগ্রিকভাবে গ্যাসের উৎপাদন কমে যাওয়ার কারণে বাখরাবাদ গ্যাস ফিল্ডের পুন: উন্নয়নের লক্ষ্যে ০৪ জানুয়ারি ২০০৫ তারিখে বিজিএফসিএল, সিলেট গ্যাস ফিল্ডস্ লিমিটেড, বাপেক্স, হাইড্রোকার্বন ইউনিট ও পেট্রোবাংলর এক্সপার্টদের নিয়ে গঠিত কমিটি কর্তৃক বাখরাবাদ ফিল্ডে নতুন একটি কূপ (বাখরাবাদ ৯নং) ও বন্ধ দু'টি কূপের (বাখরাবাদ ২ ও ৫নং) ওয়ার্কওভারের মাধ্যমে গ্যাসের উৎপাদন বৃদ্ধির সুপারিশ দেয়া হয়। এর ফলে বাখরাবাদ গ্যাস ফিল্ডে পুন: উন্নয়ন (১ম পর্যায়) শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। উক্ত প্রকল্পের আওতায় বাখরাবাদ ২নং ও ৯নং কূপ খনন করে গ্যাস পাওয়া গেলেও ৫নং কূপে কোন গ্যাস পাওয়া যায়নি।

৭.৪। উল্লেখ্য যে, ৫নং কূপের B (upper) জোনে ওয়ার্কওভারের কাজ করা হয়েছিল। গ্যাস পাওয়া না গেলেও কূপ খননের লগ রেজাল্ট হতে দেখা যায় যে, G, J ল্যান্ড জোন অথবা অন্য কোন সম্ভাবনাময় লোয়ার স্যান্ড জোনে গ্যাস পাওয়া যেতে পারে। এ পরিপ্রেক্ষিতে ২৮ জানুয়ারি ২০১৪ তারিখে বাপেক্স ও বিজিএফসিএল-এর কারিগরি এক্সপার্টদের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক ৫নং কূপে ওয়ার্কওভারের মাধ্যমে পটেনশিয়াল স্যান্ড G ও K তে ড্রিল ষ্টীম টেস্টিং (ডিএসটি) সম্পাদনপূর্বক হাইড্রোকার্বনের পটেনশিয়ালিটি যাচাই করার সিদ্ধান্ত নেয়া হয়। এ প্রেক্ষাপটে "বাখরাবাদ ৫নং কূপ পুন: সম্পাদন" প্রকল্প গ্রহণ করা হয়। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ২৮মে ২০১৪ তারিখে প্রকল্পের প্রশাসনকি অনুমোদন প্রদান করা হয়।

৮. **প্রকল্পের মূল উদ্দেশ্য:**

বাখরাবাদ গ্যাস ফিল্ডে বন্ধ হয়ে যাওয়া ৫নং গ্যাস কূপ ওয়ার্কওভারের মাধ্যমে পুনরায় সচল করা এবং প্রতিদিন ১০ মিলিয়ন কিউবিক ফুট হারে (এমএমসিএফডি) গ্যাস উৎপাদনের মাধ্যমে সামগ্রিকভাবে গ্যাসের উৎপাদন বৃদ্ধি করা।

৯. **প্রকল্পের মূল কার্যক্রম:**

- বাখরাবাদ ৫নং কূপের ওয়ার্কওবার কার্যক্রমের প্রয়োজনীয় মালামাল সংগ্রহ করা;
- বাখরাবাদ ৫নং কূপের ওয়ার্কওভার কাজ সম্পন্ন করা; এবং
- কূপের ওয়ার্কওভার কার্যক্রমে তৃতীয় পক্ষীর প্রকৌশল সেবা (বৈদেশিক) গ্রহণ করা।

১০. প্রকল্প পরিচালক

বিজিএফসিএল এর উপ-মহাব্যবস্থাপক জনাব মো: আব্দুল জাহিদ পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে ১৫ জুলাই ২০১৪ তারিখ হতে প্রকল্পের সমাপ্তি পর্যন্ত দায়িত্ব **পালন করেন।**

১১. **প্রকল্প পরিদর্শন:**

প্রকল্পের বাস্তবায়িত কাজ সরেজমিনে পরিদর্শনের জন্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন (আইএমই) বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের উপ পরিচালক (জ্বালানী) মো: সাইফুল ইসলাম কর্তৃক ১০ ডিসেম্বর ২০১৫ তারিখে প্রকল্পের বাস্তবায়িত কাজ সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক, বিজিএফসিএল এর উপ-মহাব্যবস্তাপক (পরিকল্পনা) ও প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে সহায়তা প্রদান করেছেন।

১২. প্রকল্পের প্রধান প্রধান অংগের প্রকিউরমেন্ট:

প্রকিউরমেন্ট বর্ণনা (দরপত্র ডকুমেন্ট মোতাবেক পণ্য/কাজ/সেবা)	টেন্ডার/বীড (লক্ষ টাকায়)		টেন্ডার/বীড		প্রকিউরমেন্ট পদ্ধতি	নির্বাচিত ঠিকাদারি/পরামর্শক/সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম	পণ্য/কাজ/সেবা সরবরাহকারী/সম্পাদনের তারিখ		প্রকৃত খরচ
	ডিপিপি মোতাবেক	চুক্তি মূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষর			চুক্তি মোতাবেক	প্রকৃত	
ড্রিলীং বিটস ও নোযল	৭৪.০০	৭০.৩৩	৯.৯.১৩	১৬.৭.১৪	আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক	Varel Europe S.A.S, France	৩১.১২.১৪	** ২৮.১২.১৪	*৭০.৫০
প্যাকার মিলিং টুলস ও এক্সেসরিজ	১৯.০০	১৬.৩৫	২১.১১.১৩	১.৬.১৪	আইসিটি	Botil Oil Tools India Private Limited, India	৩১.১২.১৪	৭.৯.১৪	১৬.২৯
স্থানীয়ভাবে সংগৃহীত মেশিনারি, ইকুপমেন্টস ও স্পেয়ার	১০.০০		২০.৮.১৪ ১৩.১১.১৪		ক্যাশ পারচেজ				০.৫০

প্রকিউরমেন্ট বর্ণনা (দরপত্র ডকুমেন্ট	টেন্ডার/বীড (লক্ষ টাকায়)		টেন্ডার/বীড		প্রকিউরমেন্ট পদ্ধতি	নির্বাচিত ঠিকাদারি/পরামর্শক/স	পণ্য/কাজ/সেবা সরবরাহকারী/সম্পাদনের তারিখ		প্রকৃত খরচ
কম্পিউটার ও এক্সেসরিজ	৪.০০	১.৯৫ ১.১৪ ০.০৮	১৫.৯.১৪ ১৩.১১.১৪		আরএফকিউ আরএফকিউ ক্যাশ পারচেজ	Shurid IT Limited, Brahamanbaria Computer Plaza	২৯.৯.১৪ ২৮.১২.১৪	২৩.৯.১৪ ১৮.১২.১৪	১.৯৫ ১.৯৪ .০৮
অফিস মেশিনারি/ইকুপমেন্টস ইত্যাদি	৪.০০	২.০০ ১.৭০			আরএফকিউ আরএফকিউ	Business Machines Company Brahamanbaria Electrpoo Fair Brahamanbaria	২৮.১০.১৪ ২৮.১২.১৪	৯.১০.১৪ ২৪.১২.১৪	২.০০ ১.৭০
তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা									
ওয়ার লাইন লগিং	৩১০.০০	২৫৯.২৫	২৭.৮.১৩	৯.৬.১৪	আইসিটি	China Petroleum Logging Co. Ltd, China	৩১.১২.১৪	১৮.৮.১৪-৩.১০.১৪	২৪৩.২৭
ড্রিল স্টীম টেস্টিং	৩১৫.০০	৩০৪.৮৯	২০.১১.১৩	২৬.৬.১৪	আইসিটি	Halliburrom International Inc (HII), USA	৩১.১২.১৪	১৮.৮.১৪ ২৯.৯.১৪	২১৮.৫৯
ওয়ার লাইন অপারেশন	৩৩.০০	২৯.৬৪	২৭.৮.১৩	১২.৬.১৪	আইসিটি	Almansoori Petroleum Services L,L,C, UAE	৩১.২.১৪	৩.১০.১৪ ১২.১০.১৪	৯.১৫
ওয়ার্ক ওভার অপারেশন (সিমেন্টেশন সার্ভিসেস এন্ড ড্রিলীং সুপারভাইজার ও জিওলজিক্যাল পরামর্শক সেবা	২৭৩৫.০০	২৬১২.১২		২.৯.১৪	নেগোশিয়েশনের মাধ্যমে সরাসরি কন্ট্রাক্ট	BAPEX	৩১.১২.১৪	১৫.৩.১৪ ১৩.১০.১৪	২৬১৩.২২

সুত্র: প্রকল্প পরিচালকের দেয়া তথ্য।

* বৈদেশিক মুদ্রার পরিমাণ অপরিবর্তিত হয়েছে; টাকার সাথে বৈদেশিক মুদ্রার বিনিময় হারের কারণে টাকার অংকে বৃদ্ধি পেয়েছে।


** বিজিএফসিএম এর আওতাধীন অন্যান্য প্রকল্প এবং বাপেক্স হতে ধার ভিত্তিতে ড্রিলীং বিটস ও নোযল সংগ্রহ করে বাখরাবাদ -৫নং কুপ ওয়ার্কওবার/পুন: সম্পাদন কাজ শুরু করে কূপে বিদ্যমান সিমেন্ট কাটা, টেইল পাইপ কাটা, কয়েকটি ব্রিজ প্লাগ অপসারণ, Junk অপসারণ করার পর সিমেন্ট কাটা ইত্যাদি কাজ সম্পাদন করা হয়। পরবর্তীতে অত্র প্রকল্পের আওতায় ক্রয়কৃত-ড্রিলীং বিটস ও নোযলসমূহ বিজিএফসিএল এর সংশ্লিষ্ট প্রকল্প এবং বাপেক্সকে ফেরত প্রদান করা হয়।

১৩. প্রকল্পের প্রধান প্রধান অংগের বাস্তবায়ন বিবরণ:


১৩.১ বাখরাবাদ ৫নং কূপের ওয়ার্কওবার কার্যক্রম:

১৩.১.১ বাপেক্সের বিজয়-১১ (ZJ40DBT) রিগ দ্বারা কূপের ওয়ার্কওভারের কাজ ১৫ মার্চ ২০১৪ তারিখে শুরু করা হয়। প্রথমে কূপটি kill করা হয়। এরপর কূপে বিদ্যমান X-mass Tree সরিয়ে টিউবিং হ্যাংগার উঠানো হয় এবং পুরাতন ওয়েল হেড পরিবর্তন করে নতুন ওয়েল হেড স্থাপন করা হয়। পরবর্তীতে BOF Stack স্থাপন করে কূপের অভ্যন্তরস্থ প্রায় ৪০.০০ মিটার গভীরতায় মোট ০৪টি ব্রীজ প্লাগ অপসারণ, ৩.৩৫ মিটার দীর্ঘ Junk অপসারণ, ২৮ মিটার সিমেন্ট ড্রিলীং এবং কূপে বিদ্যমান বিভিন্ন প্রকার left over materials যেমন: পারফোরেশন গান, পাইপ ইত্যাদি অপসারণ করে ২৮৬৩ মিটার গভীরতা পর্যন্ত হোল ক্লিন করা হয়। এছাড়াও ২২৯৯-২৩৭১ মিটার গভীরতা পর্যন্ত D(upper) স্যান্ড এবং ২৩১৪-২৩৪৮ মিটার গভীরতা পর্যন্ত D (lower) স্যান্ডের বিদ্যমান পারফোরেশন ইন্টারভেল সমূহ সিমেন্ট কুইজ করে বন্ধ করে দেয়া হয়। কূপটিতে বিভিন্ন প্রকার লগ রান করা হয়।


১৩.১.২ পরিচালিত লগ সমূহের ফলাফলের ওপর ভিত্তি করে কূপটিতে K,G,F এবং B স্যান্ডে সর্বমোট ০৪টি ডিএসটি (Drill Stem Test) পরিচালনা করা হয়। এর মধ্যে স্যান্ডের ২৬৭৫-২৬৭৮ মিটার ইন্টারভেল পর্যন্ত (ডিএসটি-১), G স্যান্ডের ২৪৪৪-২৪৮৯.৫০ মিটার ইন্টারভেল পর্যন্ত (ডিএসটি-২) এবং F স্যান্ডের ২৩৭৬-২৩৮১ মিটার ইন্টারভেল পর্যন্ত (ডিএসটি-৩) মোট ০৩টি ডিএসটি পরিচালনা করা হলেও এ তিনটি স্যান্ডে আশানুরুপ গ্যাসের উপস্থিতি পাওয়া যায়নি। এরপর ডিএসটি-১ এবং ডিএসটি-২ পারফোরেশন ইন্টাভেলসমূহ সিমেন্ট স্কুইজ ও প্লাগ করা হয় এবং ডিএসটি-৩ এর পারফোরেশন ইন্টারভেল এর ওপর একটি ব্রীজ প্লাগ স্থাপন করে F স্যান্ডকে Isolate করা হয়।



ছবি: বাখরাবাদ ৫ নং গ্যাস কূপ



ছবি: বাখরাবাদ ফিল্ডে বিভিন্ন গ্যাস কূপ



ছবি: বাখরাবাদ ফিল্ডে গ্যাস প্রসেস প্লান্ট

১৩.১.৩ পরিশেষে 'B' স্যান্ডের ২০৫৮-২০৬০ মিটার ইন্টারভেল পর্যন্ত ডিএসটি পরিচালনা করা হলে দৈনিক ৬.২৪ মিলিয়ন ঘনফুট হারে (এমএমসিএফডি) গ্যাস উৎপাদন পরীক্ষণ সফলভাবে সম্পন্ন করা হয়। এরপর ২০২৮ মিটার গভীরতায় পারমানেন্ট প্যাকার স্থাপন ও কমপ্লিশন স্ট্রিং রান করে x-mass স্থাপন করে প্রোডাকশন টেস্টিং-কাজ ১১ অক্টোবর ২০১৪ তারিখে সম্পন্ন করা হয়। ১২ অক্টোবর ২০১৪ তারিখ হতে দৈনিক প্রায় ৫ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস জাতীয় গ্রীডে সরবরাহ করা হয়। কূপটির ওয়ার্কওভার কাজ ১৩ অক্টোবর ২০১৪ তারিখে শেষ হয়।

১৩.১.৪ ১০ ডিসেম্বর ২০১৫ তারিখে প্রকল্প পরিদর্শনের দিন বাখরাবাদ ৫নং কুপ হতে গড় গ্যাস উৎপাদনের পরিমাণ ছিল ৪.৯৩ এমএমসিএফডি এবং বিপরীতে ওয়েল হেড প্রেসার ছিল ১৩১০ পাউন্ড/বর্গ ইঞ্চি (পিএসআইজি)

১৩৩.২ <u>তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা</u>:

ওয়ার্কওভার অপারেশন চলাকালে প্রকল্পের আওতায় China Petroleum Logging Company Limited, China' হতে ওয়ার লাইন লগিং, "Haliburton International Inc. (Hii), USA' হতে ডিএসটি এবং "Almansoori Petroleum Services L.L.C., UAE' হতে ওয়ার লাইন অপারেশন এ তিন ক্যাটাগরিতে প্রকৌশল সেবা গ্রহণ করা হয়। ওয়ার লাইন লগিং ক্যাটাগরিতে ০২ জন লগিং প্রকৌশলী এবং ২ জন লগিং অপারটর ১৮ আগস্ট-০৪ অক্টোবর ২০১৪ পর্যন্ত মোট ৪৮ দিনের সেবা প্রদান করা হয়। ডিএসটি ক্যাটাগরিতে ০১ জন ডিএসটি অপারেটর ও ০১ জন গেজ স্পেশালিস্টের ১৮ আগষ্ট-০১ অক্টোবর ২০১৪ পর্যন্ত মোট ৪৫ দিনের সেবা গ্রহণ করা হয়। ওয়ার লাইন অপারেশন ক্যাটাগরিতে ০১ জন ওয়ার লাইন অপারেটরের ০৩ অক্টোবর-১২ অক্টোবর ২০১৪ তারিখ পর্যন্ত মোট ১০ দিন সেবা গ্রহণ করা হয়। কূপটিতে পরামর্শক সেবা এবং সিমেন্টেশন সার্ভিস বাপেক্স প্রদান করে।

১৪. <u>বাখরাবাদ ৫ নং কুপের ওয়ার্কওভারের পর প্রতিমাসে গড় গ্যাস ও কনডেনসেট উৎপাদনের পরিমাণ:</u>

মাস ও বছরের নাম	প্রতি দিন গড়ে গ্যাস উৎপাদনের পরিমাণ (এমএমসিএফডি)	ওয়েল হেড প্রেসার (পিএসআইজি)	কনডেনসেট উৎপাদন (ব্যারেল)
অক্টোবর ২০১৪ (১২ অক্টোবর হতে উৎপাদন শুরু)	৫.৪২	১৬৬২	৩.৫৩
নভেম্বর ২০১৪	৫.০০	১৬৫৯	৩.২৬
ডিসেম্বর ২০১৪	৫.১০	১৬৩৪	৩.৩২
জানুয়ারি ২০১৫	৫.১৩	১৬০৪	৩.৩২

মাস ও বছরের নাম	প্রতি দিন গড়ে গ্যাস উৎপাদনের পরিমাণ (এমএমসিএফডি)	ওয়েল হেড প্রেসার (পিএসআইজি)	কনডেনসেট উৎপাদন (ব্যারেল)
ফেব্রুয়ারি ২০১৫	৫.১০	১৫৯০	৩.২৬
মার্চ ২০১৫	৫.০২	১৫৫১	৩.৩০
এপ্রিল ২০১৫	৫.০৮	১৫১৭	৩.৩০
মে ২০১৫	৫.০৭	১৪৮৫	৩.৩০
জুন ২০১৫	৪.৯১	১৫১২	৩.২০
জুলাই ২০১৫	৪.৯৪	১৫০৭	৩.১৯
আগস্ট ২০১৫	৪.৯১	১৪৯৫	৩.১৯
সেপ্টেম্বর ২০১৫	৪.৯৫	১৪৬৩	৩.২০
অক্টোবর ২০১৫	৪.৯৬	১৪৫৬	৩.২৩
নভেম্বর	৪.৭০	১৪৫৭	৩.০৬

১৫. প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

ডিপিপিতে পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
বাখরাবাদ গ্যাস ফিল্ডে বন্ধ হয়ে যাওয়া ৫নং গ্যাস কূপ ওয়ার্কওভার করে পুনরায় সচল করা এবং ১০ এমএমসিএফডি গ্যাস উৎপাদনের মাধ্যমে সামগ্রিকভাবে গ্যাসের উৎপাদন বৃদ্ধি করা।	বাখরাবাদ গ্যাস ফিল্ডে বন্ধ হয়ে যাওয়া ৫নং গ্যাস কূপ ওয়ার্কওভার করে পুনরায় সচল করা হয়েছে। ওয়ার্কওভারে পর হতে আনুমানিক ৫ এমএমসিএফডি হারে গ্যাস উৎপাদিত হচ্ছে।

১৬. পর্যবেক্ষণ:

১৬.১ গ্যাসের উৎপাদন:

বাখরাবাদ ৫নং কূপের ওয়ার্কওভারের মাধ্যমে গ্যাস উৎপাদন করা সম্ভব হয়েছে। অক্টোবর ২০১৪ হতে প্রতিমাসে গড়ে আনুমানিক ৫ এমএমসিএফডি হারে গ্যাস উৎপাদন করা হচ্ছে। তবে এ উৎপাদন ডিপিপিতে প্রক্ষেপিত লক্ষ্যমাত্রার (১০ এমএমসিএফডি) অর্ধেক। ফলে বাস্তবে প্রকল্পের 'Benefit-Cost ratio' ও 'Internal Rate of Return' সূচক সমূহ ডিপিপি'র/প্রক্ষেপনের চেয়ে কম পরিলক্ষিত হচ্ছে। কূপের ওয়েল হেড প্রেশারও ক্রমশ: কমে আসছে। ফলে ভবিষ্যতে গ্যাসের উৎপাদন স্বভাবত:ই আরো কমে আসতে পারে এবং একইসাথে এ দু'টো সূচক আরো নিম্নগামী হবে। তবে সামগ্রিকভাবে দেশের জ্বালানীর সংকটের মুহূর্তে বাখরাবাদ ৫নং কূপ হতে গ্যাস প্রাপ্তি জ্বালানী সংকট কিছুটা হলেও পূরণ করবে আশা করা যায়। গ্যাসের উপজাত হিসেবে নভেম্বর ২০১৫ পর্যন্ত মোট আনুমানিক ১২৫১ ব্যারেল কনডেনসেট উৎপাদন করে ডিজেল ও পেট্রোলে রূপান্তর করা হয়েছে। এর ফলে জ্বালানী আমদানিতে বৈদেশিক মুদ্রার সাশ্রয় ঘটেছে।

১৬.২ সঠিক সমীক্ষার অভাব:

বাখরাবাদ ৫নং কূপের ওয়ার্কওভারের উদ্যোগ ইতোপূর্বেও গ্রহণ করা হয়েছিল। "বাখরাবাদ গ্যাস ক্ষেত্র পুন: উন্নয়ন (১ম পর্যায়) (সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় ২০০৯ সালে সম্পাদিত ৫নং কূপের ওয়ার্কওভারে পূর্ব নির্ধারিত 'B' গ্যাস স্যান্ড জোনের উপরিভাগ হতে গ্যাস না পাওয়া যাওয়ায় এবং আরো গভীরে অন্যান্য স্যান্ড জোনে গ্যাস অনুসন্ধানের সুযোগ থাকলেও ওয়ার্কওভার রিগের কার্যক্ষমতার সীমাবদ্ধতার কারণে সে সময় সেটি সম্ভব হয়নি। পরবর্তীতে জানুয়ারি ২০১৪ মাসে বাপেক্স ও বিজিএফসিএল এর একটি এক্সপার্ট কমিটি শুধুমাত্র G ও K স্যান্ডে জোনে অনুসন্ধানের সুপারিশ করে (ডিপিপি পৃষ্ঠা নং ৮৯)। কিন্তু উক্ত দু'টি স্যান্ড জোনে গ্যাস পাওয়া যায়নি। গ্যাস পাওয়া গিয়েছে 'B' গ্যাস স্যান্ড জোনের উপরিভাগে। সুতরাং এ কূপের ওয়ার্কওভারের জন্য সঠিক স্যান্ড জোন নির্ধারণে বিভিন্ন সময়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণে সমস্যার বিষয়টি পরিলক্ষিত হয়।

১৬.৩ বাখরাবাদ গ্যাস ফিল্ডের নিম্নগামী উৎপাদন:

বাখরাবাদ ৫নং কূপ ছাড়াও এ ফিল্ডে বিভিন্ন সময়ে আরো ০৮টি কূপ খনন করে গ্যাস উৎপাদন করা হয়েছে। বর্তমানে ০৫টি কূপ উৎপাদনে রয়েছে। এক সময় অধিকাংশ কূপের প্রতিটি হতে সর্বোচ্চ ৩০ এমএমসিএফডি হারে গ্যাস উত্তোলন করা সম্ভব হলেও বর্তমানে তা ৫ এমএমসিএফডি-এর পর্যায়ে নেমে এসেছে।

কূপ নং	উৎপাদন শুরুর তারিখ	প্রতিদিন গড়ে সর্বোচ্চ উৎপাদন (এমএমসিএফডি)	প্রতিদিন গড়ে সর্বনিম্ন উৎপাদনের (এমএমসিএফডি)	বন্ধ হওয়ার তারিখ
বাখরাবাদ-১	আগস্ট ১৯৮৫	৩০	৩.৮৫	১৬ আগস্ট ২০১৫
বাখরাবাদ-২	ডিসেম্বর	৩০	২.১	
বাখরাবাদ-৩	অক্টোবর	৩০	৪.০১	
বাখরাবাদ-৪	অক্টোবর	৩০	২.০৯	৩০ জুন ১৯৯৮
বাখরাবাদ-৬	ডিসেম্বর	৩০	৫.৭২	১৪ আগস্ট ১৯৯৮
বাখরাবাদ-৭	ডিসেম্বর	৩০	৩.৮০৫	ডিসেম্বর ২০১৫
বাখরাবাদ-৮	ডিসেম্বর	৩০	৮.২৫৭	
বাখরাবাদ-৯	আগস্ট ২০১৫	১৫	১২.১০৩	

তথ্য সূত্রঃ প্রকল্প পরিচালক

উল্লেখ্য যে, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের ২০১২ সালে সমাপ্ত অপর একটি প্রকল্প "এ্যাপ্রাইজাল অব গ্যাস ফিল্ডস্ (৩ডি-সাইসমিক)" আওতায় ত্রিমাসিক সাইসমিক সার্ভে সম্পাদনের মাধ্যমে অন্যান্য ফিল্ডের সাথে বাখরাবাদ ফিল্ডের বিভিন্ন জোনে বিভিন্ন অনুসন্ধান কূপ, উন্নয়ন কূপ খননের সুপারিশ করা হয়েছে। তবে এ মুহূর্তে উক্ত সাইসমিক সার্ভের ফলাফলের ভিত্তিতে সরাসরি অন্যান্য কূপ খনন কার্যক্রমে যাওয়ার পূর্বে পুরো সাইসসিক ইন্টারপ্রেটেশন রেজাল্ট রিভিউ এর প্রয়োজন রয়েছে কিনা সেটি পরীক্ষা-নিরীক্ষা করে দেখা যেতে পারে। কেননা সিলেট গ্যাস ফিল্ডের ক্ষেত্রে উক্ত সাইসমিক ফলাফলের ভিত্তিতে একটি কূপের খনন (কৈলাশটিলা-৭ নং কূপ) করা হলে আশানুরূপ ফলাফল না পাওয়ায় সিলেট গ্যাস ফিল্ডস্ লিমিটেড কর্তৃপক্ষ কর্তৃক সাইসমিক ফলাফল রিভিউ/যাচাই-বাচাই এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

১৬.৪. <u>অডিট সংক্রান্ত ও অন্যান্য</u>:

প্রকল্পের এক্সটারনাল অডিট সম্পাদনের বিষয়ে পিসিআর এ যে তথ্য দেয়া হয়েছে তা পরীক্ষায় দেখা যায় যে, এটি মূলত: বিজিএফসিএল কর্তৃক নিয়োগকৃত একটি বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক বিজিএফসিএল এর ফাইন্যান্সিয়াল স্টেটমেন্ট, ক্যাশ ফ্লো ব্যালান্স শীট ইত্যাদি সংক্রান্ত অডিট। বাণিজ্যিক অডিট অধিদপ্তর, মহাহিসাব নিরীক্ষক এর দপ্তর কর্তৃক প্রকল্পের কোন অডিট সম্পাদিত হয়নি।

১৬.৫. <u>প্রকল্পের অব্যয়িত অর্থ ও ব্যাংক একাউন্টে অর্জিত সুদ:</u>

পরিদর্শনে জানা যায় যে, প্রকল্পের একাউন্টে জিডিএফ এর জমাকৃত অর্থের ওপর অর্জিত সুদ জিডিএফ তহবিলে ফেরত প্রদান না করে বিজিএফসিএল এর তহবিলে স্থানান্তর করা হয়েছে। তবে প্রকল্পের অব্যয়িত অর্থ জিডিএফ ফান্ডে ফেরত প্রদান করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক অবহিত করেন।

১৭. সুপারিশ:

১৭.১ বিদ্যমান কূপে ওয়ার্কওভার এবং নতুন কূপ খননের কার্যক্রম গ্রহণ করার পূর্বে সার্ভে/সমীক্ষা এবং ফলাফল বিশ্লেষণ আন্তর্জাতিক মানসম্পন্ন বিশেষজ্ঞ কর্তৃক সম্পাদন করা প্রয়োজন। ফলাফল বিশ্লেষণকালে অর্থনৈতিক ও কারিগরি দিক সতর্কতার সংগে সম্পন্ন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ ১৬.২)

১৭.২ বাপেক্সের সক্ষমতা বৃদ্ধিকল্পে অধিক গভীরতায় গ্যাস অনুসন্ধান কার্যক্রমের জন্য প্রয়োজনীয় ক্ষমতাসম্পন্ন রিগসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহের বিষয়ে মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করবে; (অনুচ্ছেদ ১৬.২)

১৭.৩ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ বাণিজ্যিক অডিট অধিদপ্তর, মহাহিসাব নিরীক্ষক এর দপ্তর কর্তৃক প্রকল্পের অডিট সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করবে এবং অডিট প্রতিবেদনে উত্থাপিত (প্রযোজ্য ক্ষেত্রে) সকল অডিট আপত্তি চূড়ান্ত নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; (অনুচ্ছেদ ১৬.৪)

১৭.৪ প্রকল্পের একাউন্টে জিডিএফ এর জমাকৃত অর্থের ওপর অর্জিত সুদ এবং বিজিএফসিএল এর তহবিলে স্থানান্তর করা অর্থের ওপর অর্জিত সুদ (প্রযোজ্য ক্ষেত্রে) বিধি মোতাবেক জিডিএফ এ ফেরত প্রদান করতে হবে। প্রকল্পের অব্যয়িত অর্থ ও সুদ জিডিএফ ফান্ডে ফেরত প্রদান করার বিষয়টি জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ও পেট্রোবাংলা যাচাই বাচাই করে দেখবে; (অনুচ্ছেদ ১৬.৫)

১৭.৫ সুপারিশ অনুচ্ছেদ ১৭.১-১৭.৪ এর সমূহের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে যথাশীঘ্র আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

Seismic Survey for Feasibility Study of Coal Deposit at Dighipara, Dinajpur **শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন ২০১৫)

(নিজস্ব তহবিলে বাস্তবায়িত)

১. **প্রকল্পের নাম** : "Seismic Survey for F easibility Study of Coal Deposit at Dighipara, Dinajpur"

২. **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

৩. **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ তৈল , গ্যাস এবং খনিজ কর্পোরেশন (পেট্রোবাংলা)

৪. **প্রকল্প এলাকা** : দিনাজপুরের নবাবগঞ্জ উপজেলার দীঘিপাড়া এলাকা

৫. **প্রকল্পের ব্যয় ও বাস্তবায়ন কাল** :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট (প্র: সা:)	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল (প্র: সা:)	সর্বশেষ সংশোধিত (প্র: সা:)		মূল	সর্বশেষ সংশোধিত			
৭২২.০৫ (-)	৭২২.০৫ (-)	৬৮৮.৯০ (-)	নভেম্বর ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত	নভেম্বর ২০১৩ থেকে মার্চ ২০১৫ পর্যন্ত	নভেম্বর ২০১৩ থেকে মার্চ ২০১৫ পর্যন্ত	(-) ৩৩.১৫ (মূল ব্যয় অপেক্ষা ২১.৭৮% কম ব্যয় হয়েছে)	৩ মাস (২১.৪২%)

৬. **সাধারণ পর্যবেক্ষণ :**

৬.১ **পটভূমি :** বাংলাদেশের দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলার দিঘীপাড়া এলাকায় বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) কর্তৃক নিবিড় অনুসন্ধানের ফলে "গন্ডওয়ানা কয়লা" আবিষ্কৃত হয়। ১৯৯৫-২০০৫ সালের মধ্যে এ এলাকায় জিএসবি ৪টি bore hole খনন করে এবং ৩২৮ মিটার থেকে ৪১৮ মিটার গভীরে ৭টি কয়লার মজুদের দেখা পাওয়া যায়। ১ .২৫ বর্গ কিলোমিটার এলাকা ব্যাপী আনুমানিক ৬০০ মিলিয়ন টন কয়লার মধ্যে ১০৫ মিলিয়ন টন কয়লার নিশ্চিত মজুদ পাওয়া যায়। আবিষ্কৃত এ কয়লা মজুদের অনুসন্ধান ও ব্যবহার বিষয়ে অতিরিক্ত উপাত্ত সংগ্রহের জন্য আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়।

৬.২ **উদ্দেশ্য :** এ প্রকল্পের মূল উদ্দেশ্য হলো দীঘিপাড়া কয়লা মজুদ এলাকায় খনি গঠনের জন্য কয়লা মজুদের বিস্তৃতিসহ সংশ্লিষ্ট স্ট্রাকচার ও কয়লা বেডের faults, folds ও configuration নির্ণয়ের জন্য ৪০ বর্গ কিলোমিটার এলাকা জুড়ে close grid high resolution সাইসমিক জরিপ পরিচালনাপূর্বক অতিরিক্ত তথ্য/উপাত্ত সংগ্রহ করা ও সংগৃহীত তথ্য/উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণপূর্বক প্রতিবেদন দাখিল।

৬.৩ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন :** পেট্রোবাংলার নিজস্ব অর্থায়নে ৭২২.০৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় ও নভেম্বর ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ২৫ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করে। কিন্তু উক্ত মেয়াদে প্রকল্পের কার্যক্রম শেষ করা সম্ভব হয়নি বিধায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়নকাল মার্চ ২০১৫ পর্যন্ত জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ৮ জানুয়ারি ২০১৫ তারিখে বৃদ্ধি করে।

৬.৪ **প্রকল্প পরিদর্শন:** আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের পরিচালক (শক্তি) বেগম নাসিমা মহসিন কর্তৃক গত ১১ আগস্ট ২০১৬ তারিখে প্রকল্পটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ পেট্রোবাংলার সংশ্লিষ্ট

কর্মকর্তারা উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন

৬.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য: পেট্রোবাংলার মহাব্যবস্থাপক জনাব জাভেদ চৌধুরী নভেম্বর ২০১৩ থেকে ৮ জুন ২০১৪ পর্যন্ত প্রকল্প ব্যবস্থাপক হিসাবে এবং ৯ জুন ২০১৪ থেকে মার্চ ২০১৫ পর্যন্ত খন্ডকালীন প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন।

৬.৬ প্রকল্পের কার্যক্রম: প্রকল্পের মূল কার্যক্রমসমূহ নিম্নরূপ:

- জিএসবি থেকে সংগৃহীত প্রতিবেদন/তথ্য পরীক্ষাপূর্বক অতিরিক্ত উপাত্ত/তথ্য সংগ্রহের সুপারিশ;
- দিনাজপুরের দীঘিপাড়া খনি এলাকায় মজুদকৃত কয়লার বিস্তৃতি ও কয়লা বেড ও সংশ্লিষ্ট স্ট্রাকচারে fault, folds ও configuration চিহ্নিতকরণের জন্য ৪০ বর্গ কিলোমিটার এলাকা ব্যাপী বিস্তারিত close grid high resolution সাইসমিক উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ;
- দিঘীপাড়ায় একটি কয়লা খনি গঠনের উদ্দেশ্য ফিজিবিলিটি সমীক্ষা প্রণয়নের জন্য খনন কার্যসহ মাঠপর্যায়ের বিস্তারিত ও গবেষণামূলক কর্মসূচী প্রণয়ন; এবং
- প্রকল্প এলাকার খনির মজুদ বিষয়ে প্রাথমিক অর্থনৈতিক প্রাক্কলন, ভূতাত্ত্বিক তথ্য এবং খনির নকশা ও খনন বিষয়ক বিস্তারিত কর্মসূচী সংবলিত সাইসমিক জরিপ প্রতিবেদন দাখিল।

৭. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

৭.১ প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নরূপ

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	সর্বশেষ ডিপিপি অনুযায়ী		বাস্তবায়ন অগ্রগতি	
		পরিমাণ/ সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	বাস্তব	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
১	আইটি/ভ্যাট	থোক	১৩৭.৫৮	থোক	১৩৭.৫৫ (৯৯.৯৮%)
২	ডাক/কুরিয়ার	থোক	০.৫০	-	০.০০ (০%)
৩	টেলিফোন	থোক	০.৫০	-	০.০০ (০%)
৪	নেটওয়ার্ক সার্ভিসেস	থোক	০.২৫	-	০.০০ (০%)
৫	ব্যাংক চার্জ	থোক	১.০০	থোক	০.০৬ (০৬%)
৬	মুদ্রণ ও প্রকাশনা	থোক	২.০০	থোক	০.৪৩ (২১.৫%)
৭	স্টেশনারী, সিল ও স্ট্যাম্প	থোক	১.৫০	থোক	০.২৪ (১৬%)
৮	আপ্যায়ন ব্যয়	থোক	১.০০	থোক	০.৩২ (৩২%)
৯	ভাড়া গাড়ী (পিওএল/সিএনজিসহ)	১টি	১০.৮০	-	০.০০ (০%)
১০	অনিয়মিত শ্রমিক	৪ জন, ১২৬০ দিন	৩.৭৮	-	০.০০ (০%)
১১	কন্সালটেন্সি সার্ভিসেস (স্থানীয়)	৫ জনমাস	৫.০০	-	০.০০ (০%)
১২	কপি/ফটোকপি ব্যয়	থোক	০.৫০	থোক	০.১১ (২২%)
১৩	কম্পিউটার ও যন্ত্রাংশ (ডেস্কটপ, ল্যাপটপ, প্রিন্টার, ইউপিএস, স্ক্যানার, কম্পিউটার)	১টি করে	২.০০	-	০.০০ (০%)
১৪	অফিস সরঞ্জাম (ফটোকপিয়ার, এয়ারকুলার	১টি করে	৩.২০	থোক	০.০০ (০%)
১৫	অফিস আসবাবপত্র	থোক	২.১২	থোক	০.০০ (০%)
১৬	খনিজ অনুসন্ধান (১০০ লাইন কিলোমিটার সাইসমিক সার্ভে)	থোক	৫৫০.৩২	থোক	৫৫০.১৯ (৯৯.৯৮%)
	সর্বমোট:		**৭২২.০৫**		**৬৮৮.৯০ (৯৫.৪১%)**

৮. **পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:**

প্রধান প্রধান অঙ্গের বাস্তবায়ন অগ্রগতির বিবরণ:

৮.১ **প্রকল্প এলাকায় জিএসবি'র কার্যক্রম:** দিনাজপুরের নবাবগঞ্জ উপজেলার দীঘিপাড়া এলাকায় কয়লা আবিষ্কৃত হওয়ার পর ১৯৯৫-২০০৫ সালের মধ্যে উক্ত এলাকায় জিএসবি ৪টি bore hole যথা GDH-৪৯, GDH-৫৮, GDH-৬০ ও GDH-৬১ খনন করে। উক্ত ৪টি হোল ৪৮৮ মিটার থেকে ৫২৬ মিটার পর্যন্ত গভীরে খনন করা হয় এবং ৩২৮ মিটার থেকে ৪১৮ মিটার পর্যন্ত গভীরে কয়লা সংবলিত ৭টি স্তরের দেখা পাওয়া যায়। জিএসবি কর্তৃক এ কয়লা মজুদকে বাণিজ্যিকভাবে viable ঘোষণা করা হয়;

৮.২ **সাইসমিক জরিপ পরিচালনা:** জিএসবি কর্তৃক সংগৃহীত তথ্যের মধ্যে কয়লা মজুদ, খনি এলাকার ভূ-তাত্ত্বিক অবস্থা, কয়লা মজুদ স্ট্রাকচারে গ্যাস উদগীরণ অবস্থা, ভূ-জলীয় অবস্থা ইত্যাদি তথ্য অন্তর্ভুক্ত ছিল না বিধায় এগুলি চিহ্নিতকরণের জন্য সাইসমিক জরিপের মাধ্যমে একটি সম্ভাব্যতা যাচাইয়ের প্রয়োজন হয়ে পড়ে। দীঘিপাড়া কয়লা খনির জন্য একটি উপযুক্ত মাইনিং পরিকল্পনা প্রণয়ন ও উক্ত খনি থেকে সফলভাবে কয়লা উত্তোলন বাস্তবায়নের একটি ফিজিবিলিটি স্টাডির জন্য বাপেক্স প্রকল্প এলাকায় ৪০বর্গ কিঃমিঃ স্থান ব্যাপী ১৬ ফেব্রুয়ারী ২০১৪ তারিখ থেকে close grid high resolution সাইসমিক জরিপ পরিচালনা শুরু করে;

৮.৩ সাইসমিক জরিপ চলাকালীন অবস্থায় ফসলের ক্ষতি হওয়াকে কেন্দ্র করে স্থানীয় জনগণ বাধার সৃষ্টি করলে ২৪ মার্চ ২০১৪ তারিখ থেকে বাপেক্স জরিপ কাজ বন্ধ রাখতে বাধ্য হয়। পরবর্তীতে ফসল কাটা শেষ হওয়ার পর ২ জুন ২০১৪ তারিখ থেকে পুনরায় জরিপ শুরু করা হয় এবং ১২ জুলাই ২০১৪ তারিখে নির্ধারিত ১৪০ লাইন কিঃমিঃ সাইসমিক জরিপ সম্পন্ন করে। জরিপ কাজে বাঁধা সৃষ্টির কারণে বাস্তবায়ন ব্যাহত হয় বলে প্রকল্প পরিচালক জানান;

৮.৪ সাইসমিক জরিপের মাধ্যমে সংগৃহীত উপাত্ত প্রক্রিয়াকরণকালে সফট্ওয়্যার জনিত কারণে নভেম্বর মাসে ২ সপ্তাহ উপাত্ত প্রক্রিয়াকরণের কাজ স্থগিত থাকে। এ জন্য জরিপ পরবর্তী বাপেক্স কর্তৃক প্রতিবেদন দাখিল করতে বিলম্ব হয়। এছাড়া বাপেক্স কর্তৃক উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ সংক্রান্ত পরামর্শক নিয়োগেও বিলম্ব হয়। কারণ প্রথমবার আহবানকৃত দরপত্রটি নন-রেসপনসিভ হয়। ফলে প্রকল্প বাস্তবায়ন ব্যাহত হয় বলে প্রকল্প পরিচালক জানান;

৮.৫ পরিশেষে সকল কার্যক্রম সম্পন্নপূর্বক বাপেক্স সাইসমিক জরিপ সংক্রান্ত প্রতিবেদন ২৪ ডিসেম্বর ২০১৪ তারিখে দাখিল করে। প্রকল্প এলাকার প্রধান কয়লা স্তর ১, ২ ও ৪ এ কয়লার প্রাথমিক মজুদ প্রায় ৬২৮.৬ মিলিয়ন কিউবিক মিটার/৮৬৫ মিলিয়ন মেট্রিন টন আছে বলে বাপেক্সের সাইসমিক জরিপে প্রকাশ পায়;

৮.৬ বাপেক্স কর্তৃক দাখিলকৃত সাইসমিক জরিপ প্রতিবেদন পেট্রোবাংলা কর্তৃক গঠিত একটি কমিটি পর্যালোচনা করে ২৮ জানুয়ারি ২০১৫ তারিখে অনুমোদনপূর্বক অপর আরেকটি প্রতিবেদন দাখিল করে। দীঘিপাড়ার কয়লা খনি থেকে ভূ-গর্ভস্থ মাইনিংয়ের মাধ্যমে কয়লা উত্তোলনের বিষয়ে পেট্রোবাংলার কমিটি সুপারিশ করে। উক্ত কমিটি আশা প্রকাশ করে যে বর্ণিত কয়লা খনি থেকে প্রতিবছর ১.৫ থেকে ২ মিলিয়ন মেট্রিক টন কয়লা উত্তোলন করা সম্ভব হবে। এছাড়া বাস্তবে খনি থেকে উত্তোলন কার্যক্রম শুরুর পূর্বে আরও একটি বিস্তারিত ফিজিবিলিটি সমীক্ষা সম্পন্নের বিষয়ে উক্ত কমিটি সুপারিশ করে; এবং

৮.৭ সকল বিশ্লেষণ শেষে জানা যায় যে দীঘিপাড়া খনির কয়লা "High Volatile Bituminous" প্রকৃতির যা বিদ্যুৎ উৎপাদনসহ সকল thermal conversion কাজে ব্যবহারযোগ্য। এ কয়লার একটি অংশ ইস্পাত শিল্পেও ব্যবহার করা যাবে।

৯. প্রকল্প সংশ্লিষ্ট স্থির চিত্র প্রকল্প সংশ্লিষ্ট ২ (দুই) টি স্থির চিত্র নিম্নে প্রদান করা হলো:-



চিত্র-১: দীঘিপাড়া এলাকায় সোর্স পয়েন্টে বিস্ফোরক লোডিং এর জন্য ড্রিলিং কার্যক্রম।



চিত্র-২: সাইসমিক উপাত্ত রেকর্ডিং কার্যক্রম।

১০. প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য: প্রকল্পটি সমীক্ষা প্রকৃতির বিধায় কোন প্রকিউরমেন্ট সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন হয়নি।

১১. প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
ক) দিনাজপুরের দীঘিপাড়া খনি এলাকায় মজুদকৃত কয়লার বিস্তৃতি, কয়লা বেড ও সংশ্লিষ্ট স্ট্রাকচারে fault, folds ও configuration চিহ্নিতকরণের জন্য ৪০ বর্গ কিলোমিটার এলাকা ব্যাপী বিস্তারিত close grid high resolution সাইসমিক জরিপ পরিচালনা করা;	ক) দীঘিপাড়া কয়লা খনি এলাকায় মজুদকৃত কয়লা, কয়লা বেড ও স্ট্রাকচার সংক্রান্ত তথ্য/উপাত্ত সংগ্রহের জন্য ৪০ বর্গ কিলোমিটার এলাকা ব্যাপী বিস্তারিত close grid high resolution সাইসমিক জরিপ পরিচালনা করা হয়;
খ) সাইসমিক জরিপের মাধ্যমে প্রাপ্ত উপাত্ত/তথ্য প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ; এবং	খ) সাইসমিক জরিপের মাধ্যমে প্রাপ্ত উপাত্ত/তথ্য প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ করা হয়; এবং
গ) প্রকল্প এলাকার খনির মজুদ বিষয়ে প্রাথমিক অর্থনৈতিক প্রাক্কলন, ভূতাত্ত্বিক তথ্য এবং খনির নকশা ও খনন বিষয়ক বিস্তারিত কর্মসূচী সংবলিত সাইসমিক জরিপ প্রতিবেদন দাখিল।	গ) দীঘিপাড়া কয়লা খনি এলাকায় মজুদ বিষয়ে প্রাথমিক অর্থনৈতিক প্রাক্কলন, ভূতাত্ত্বিক তথ্য, খনির নকশা ও খনন বিষয়ক বিস্তারিত কর্মসূচী সংবলিত সাইসমিক জরিপ প্রতিবেদন ২৪ ডিসেম্বর ২০১৪ তারিখে দাখিল করা হয়।

১২. অডিট সংক্রান্ত তথ্য : পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের অধীনে কোন অডিট সম্পন্ন হয়নি।

১৩. সমস্যা:

১৩.১ সাইসমিক জরিপ কাজে বাঁধা দান: সাইসমিক জরিপ চলাকালীন অবস্থায় ফসলের ক্ষতি হওয়াকে কেন্দ্র করে স্থানীয় জনগণ বাধার সৃষ্টি করলে ২৪ মার্চ ২০১৪ তারিখ থেকে বাপেক্স জরিপ কাজ বন্ধ রাখতে বাধ্য হয়। পরবর্তীতে ফসল কাটা শেষ হওয়ার পর ২ জুন ২০১৪ তারিখ থেকে পুনরায় জরিপ শুরু করা হয় এবং ১২ জুলাই ২০১৪ নির্ধারিত ১৪০ লাইন কিঃমিঃ সাইসমিক জরিপ সম্পন্ন করে। জরিপ কাজে বাঁধা সৃষ্টির কারণে বাস্তবায়ন ব্যাহত হয়;

১৩.২ সাইসমিক জরিপের উপাত্ত প্রক্রিয়াকরণ ব্যাহত: সাইসমিক জরিপের মাধ্যমে সংগৃহীত উপাত্ত প্রক্রিয়াকরণকালে সফট্ওয়্যার জনিত কারণে নভেম্বর মাসে ২ সপ্তাহ উপাত্ত প্রক্রিয়াকরণের কাজ স্থগিত থাকে। এ জন্য জরিপ পরবর্তী বাপেক্স কর্তৃক প্রতিবেদন দাখিল করতে বিলম্ব হয়;

১৩.৩ উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ সংক্রান্ত পরামর্শক নিয়োগে বিলম্ব: বাপেক্স কর্তৃক উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ সংক্রান্ত পরামর্শক নিয়োগে বিলম্ব হয়। কারণ প্রথমবার আহবানকৃত দরপত্রটি নন-রেসপনসিভ হয়। ফলে প্রকল্প বাস্তবায়ন ব্যাহত হয়; এবং

১৩.৩ প্রকল্পের অডিট সম্পন্ন না হওয়া: প্রকল্পের জন্য কোন এক্সটারনাল অডিট সম্পন্ন হয়নি যা আর্থিক শৃঙ্খলার পরিপন্থী।

১৪. সুপারিশ:

১৪.১ যে কোন জরিপ কার্যক্রম পরিচালনা করার পূর্বে সংশ্লিষ্ট এলাকার স্থানীয় জনগণকে কার্যক্রম সম্পর্কে সার্বিকভাবে অবহিতকরণের বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজনে স্থানীয় প্রশাসনের সহায়তায় পরিচিতমূলক আলোচনা সভার আয়োজন করা যেতে পারে (অনুচ্ছেদ ১২.১);

১৪.২ জরিপের মাধ্যমে প্রাপ্ত উপাত্ত/তথ্য যথাসময়ে প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণের বিষয়টি যাতে যথাসময়ে সম্পন্ন সে বিষয়টি প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা নিশ্চিত করবে (অনুচ্ছেদ ১২.২);

১৪.৩ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন যথাসময়ে সম্পন্নের উদ্দেশ্যে ভবিষ্যতে সকল পরামর্শক নিয়োগ দ্রুত সম্পন্নের বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা সচেষ্ট থাকবে (অনুচ্ছেদ ১২.৩);

১৪.৪ আলোচ্য প্রকল্পের এক্সটারনাল অডিট সম্পন্ন না হওয়ার বিষয়টি জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ ১২.৪);

১৪.৫ দীঘিপাড়া কয়লা খনি থেকে বাস্তবে কয়লা উত্তোলনের কার্যক্রম শুরুর পূর্বে পেট্রোবাংলার কমিটির সুপারিশ অনুসারে আরও একটি বিস্তারিত ফিজিবিলিটি সমীক্ষা সম্পন্নের বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিশ্চিত করবে (অনুচ্ছেদ ৮.৬); এবং

১৪.৬ অনুচ্ছেদ ১৪.১-১৪.৫ এর অলোকে গৃহীত ব্যবস্থাদি আইএমই বিভাগকে দ্রুত অবহিত করতে হবে।

TA to review the Approach for Increasing the Efficiency of Gas Utilization in Certain Major Users (Revised) সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : মার্চ, ২০১৫)

১। প্রকল্পেরনাম : TA to review the Approach for Increasing the Efficiency of Gas Utilization in Certain Major Users (Revised).

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৩। বাস্তবায়ন সংস্থা : বাংলাদেশ তৈল,গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃতব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের %)
মূল সর্বমোট টাকা (বৈ:মু:)	সর্বশেষ সংশোধিত সর্বমোট টাকা (বৈ:মু:)	সর্বমোট টাকা	মূল	সর্বশেষ সংশোধিত (ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধিসহ)			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪২২.০০ ৪২২.০০ (১৯২.৬০)	৪৫৩.০০ ৪৫৩.০০ (১৯২.০০)	৪১৯.৬৮ ৪১৯.৬৮	জানুয়ারী,২০১১ হতে জুন,২০১২	জানুয়ারী,২০১১ হতে মার্চ, ২০১৫	জানুয়ারী,২০১১ হতে মার্চ, ২০১৫	(-) ২.৩২ * (০.৫৫%)	২ বছর ৯ মাস (১৮৩.৩৩%)

*প্রকল্পের অনুকূলে প্রকৃত ব্যয় মূল প্রাক্কলিত ব্যয়ের চেয়ে ২.৩২ লক্ষ টাকা হ্রাস পেয়েছে।

৫। প্রকল্পের অবস্থান : পেট্রোসেন্টার, ৩ কাওরান বাজার সি/এ,ঢাকা-১২১৫।

৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন : পিসিআর অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

Economic Code	Items of works (as per 1st Revised TPP)	Unit	Target (as per 1st Revised TPP)		Actual Progress		Reason for Deviation (+)
			Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7	8
(a) Revenue Component :							
4801	TA/DA, Conveyance for the counterpart personnel	-	2.50	-	2.50	100%	
4813	VAT on Consultant's total contract price	-	40.00	-	37.06	100%	
4814	AIT on Consultant's total contract price	-	26.00	-	25.51	100%	
4815	Postage / Courier	-	0.25	-	0.05	100%	
4817	Fax	-	0.50	-	0.37	100%	
4823	POL / CNG	-	5.00	-	4.87	100%	
4828	Stationery, Seal & Stamp	Lump-sum	2.50	Lump-sum	2.50	100%	
4833	Advertisement	-	1.00	-	0.93	100%	
4845	Entertainment		2.00		1.99	100%	
4846	Rental Vehicle (Microbus)	No.	15.50	01	15.49	01	
4874	Consultancy Services	No. , MM	259.45	Exp: No. 02, MM:06 Local: No.03, MM:11	243.74	Exp: No. 02, MM:06 Local: No.03, MM:11	

Economic Code	Items of works (as per 1st Revised TPP)	Unit	Target (as per 1st Revised TPP)		Actual Progress		Reason for Deviation (±)
			Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7	8
4883	Honarium	-	1.50	-	1.29	100%	
4887	Photocopying, Spiral binding	-	1.00	-	1.00	100%	
4888	Computer accessories & Consumables	Lump-sum	2.50	Lump-sum	2.49	100%	
4899	Others / Miscellaneous	-	3.04	-	3.03	100%	
	Sub Total of Revenue Component (a) :		**362.74**		**342.82**		
(b) Capital Component :							
6813	Machineries & other Equipment	-	77.00	-	63.65	100%	
6815	Desktop Computer, Laptop Computer, Laser Printer, Scanner	No.	4.43	2,3,1,1	4.43	2,3,1,1	
6819	Photocopier	No.	3.19	01	3.18	01	
6819	Air Cooler (Split Type)	No.	1.64	02	1.64	02	
6821	Office Furniture, Fixture & Furnishing	Lump-sum	4.00	Lump-sum	3.96	100%	
	Sub Total of Capital Component (b) :		90.26		**76.86**		
	Total (a+b)		**453.00**		**419.68**	**100%**	

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ : প্রকল্প সমাপ্ত প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নাই।

৮। প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য :

৮.১। প্রকল্পের পটভূমি :

প্রাকৃতিক গ্যাস বাংলাদেশের প্রাথমিক বাণিজ্যিক জ্বালানীর একটি অপরিহার্য উৎস। দেশে গ্যাসের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। গ্যাস সংকট নিরসনের অন্যতম একটি উপায় হচ্ছে গ্যাস ব্যবহারের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে গ্যাসের অপচয় রোধ করা। গ্যাস ব্যবহারের দক্ষতা বৃদ্ধি করে বিশ্বের উন্নত দেশসমূহ গ্যাস সাশ্রয় করতে সক্ষম হয়েছে। পরামর্শকের মাধ্যমে বাংলাদেশে গ্যাস ব্যবহারের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাস্তবে কি ধরনের কর্মসূচী নেয়া যায়, বর্তমান গ্যাস ব্যবহারের দক্ষতা কম হওয়ার কারণ, গ্যাস ব্যবহারের অদক্ষতা দূরীকরণের কারিগরি সমাধান নির্ধারণের জন্য এই প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়।

৮.২। প্রকল্পের উদ্দেশ্য:

- বিদ্যমান নির্দিষ্ট গুরুত্বপূর্ণ গ্রাহকদের (সার কারখানা, ক্যাপটিভ পাওয়ার, স্টীল রি-রোলিং মিল, গলাস কারখানা, অন্যান্য শিল্প কারখানা যারা বয়লার ব্যবহার করে) গ্যাস ব্যবহার দক্ষতা বৃদ্ধির উপায় নির্ধারণ করা ;
- অদক্ষ গ্যাস ব্যবহারকারী চিহ্নিতকরণ;
- বর্তমানে অদক্ষভাবে গ্যাস ব্যবহারের কারণ এবং গ্যাস ব্যবহারের অদক্ষতা দূরীকরণে কারিগরী (Technical) সমাধানের সুপারিশ প্রণয়ন করা;
- সাশ্রয়ীভাবে গ্যাস ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে পাইলট প্রোগ্রাম বাস্তবায়ন করা এবং
- কম খরচে বাস্তবায়নযোগ্য Norms এবং Standard প্রণয়ন করা।

৯। প্রকল্প অনুমোদন :

‘‘TA to review the Approach for Increasing the Efficiency of Gas Utilization in Certain Major Users’’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি গত ০২ /০২/২০১১ তারিখে ৪২২.০০ লক্ষ (চার কোটি বাইশ লক্ষ) টাকা প্রাক্কলিত (জেডিসিএফ ২৪৯.০০ লক্ষ টাকা (বৈদেশিক মুদ্রা ১৯২.৬০ লক্ষ টাকা) এবং পেট্রোবাংলার নিজস্ব তহবিল ১৭৩.০০ লক্ষ টাকা) ব্যয়ে জানুয়ারী, ২০১১ হতে জুন , ২০১২ মেয়াদ কালে অনুমোদিত হয় । গত ১০/০৪/২০১২ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ

বিভাগ কর্তৃক প্রকল্পটির মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জানুয়ারী ,২০১১ হতে জুন ,২০১২ এর পরিবর্তে জানুয়ারী ,২০১১ হতে জুন,২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে গত ১৩/০৮/২০১৩ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক ৪৫৩.০০ লক্ষ (চার কোটি তিপান্ন লক্ষ) টাকা প্রাক্কলিত (জিওবি (জেডিসিএফ) ২৪৯.০০ লক্ষ টাকা এবং পেট্রোবাংলার নিজস্ব অর্থায়ন ২০৪.০০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী ,২০১১ হতে জুন ,২০১৪ মেয়াদকালে প্রকল্পটির ১ম সংশোধন অনুমোদিত হয়। গত ১৮/০৩/২০১৪ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত (০৬ মাস) বৃদ্ধি করা হয়। সর্বশেষ গত ১৯/০১/২০১৫ তারিখে প্রকল্পটির মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জানুয়ারী , ২০১১ হতে ডিসেম্বর, ২০১৪ এর পরিবর্তে জানুয়ারী, ২০১১ হতে মার্চ, ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

১০। প্রকল্পের অর্থায়ন :

ক) জিওবিঃ

(লক্ষ টাকা)

মোট	ঋণ	অনুদান	Cash Foreign Exchange
(১)	*(২)*	*(৩)*	*(৪)*
*৪৫৩.০০	-	৪৫৩.০০	১৯২.০০

*GOB cost equals JDCF Tk 249.00 Lakh (including Cash F.E. Tk 192.00 Lakh) and Petrobangla Tk 204.00 Lakh.

১১। প্রকল্পের সার্বিক অগ্রগতি :

১ম সংশোধন অনুযায়ী প্রকল্পটির সর্বমোট প্রাক্কলিত ব্যয় ৪৫৩ .০০ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। প্রকল্পের সার্বিক আর্থিক অগ্রগতি ৪১৯.৬৮ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা যা মোট সংশোধিত প্রাক্কলিত ব্যয়ের ৯২.৬৪%। প্রকল্প সমাপ্ত প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত না থাকায় প্রকল্পের সার্বিক ভৌত অগ্রগতি ১০০%।

১২। পর্যবেক্ষণ :

১২.১। প্রকল্পের আওতায় ২৪৩.৭৪ এম এম পরামর্শক সেবা গ্রহণ করা হয়েছে।

১২.২। প্রকল্পের আওতায় পরামর্শক ফার্ম Technoconsult International limited, Bangladesh কর্তৃক Technical Assistance to review the Approach for Increasing the Efficiency of Gas Utilization in Certain Major Users (TAIEGU) প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

১২.২। পিসিআর এর ৪ নং অনুচ্ছেদ অনুযায়ী প্রকল্পটিতে পরামর্শক সেবার আওতায় ১২ জনকে বৈদেশিক প্রশিক্ষণ এবং ২০ জনকে স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পরামর্শক সেবার আওতায় না রেখে প্রশিক্ষণ (বৈদেশিক এবং স্থানীয়) অংগটি পৃথকভাবে টিপিপিতে প্রতিফলন করা অধিক যুক্তিযুক্ত হবে মর্মে প্রতীয়মান হয়।

১২.৩। কারিগরী সহায়তা প্রকল্পটির মাধ্যমে সাশ্রয়ীভাবে গ্যাস ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে পাইলট প্রোগ্রাম (Captive Power, re-rolling mill and industrial boiler) বাস্তবায়ন করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান। বিভিন্ন টেকনোলজি ব্যবহারের ফলে Captive Power, re-rolling mill and industrial boiler এ গ্যাসের সাশ্রয় বিষয়োক তথ্য পরামর্শক ফার্ম Technoconsult International limited, Bangladesh কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে (Final report এর পৃষ্ঠা ৩৩-৫৩)।

১২.৪। প্রকল্পটির মাধ্যমে বিদ্যমান নির্দিষ্ট গুরুত্বপূর্ণ গ্রাহকদের (সার কারখানা, ক্যাপটিভ পাওয়ার, স্টীল রি-রোলিং মিল, গলাস কারখানা, অন্যান্য শিল্প কারখানা যারা বয়লার ব্যবহার করে) গ্যাস ব্যবহার দক্ষতা বৃদ্ধির উপায় নির্ধারণ করা সম্ভব হয়েছে মর্মে জানানো হয়।

১২.৫। বিদ্যমান নির্দিষ্ট গুরুত্বপূর্ণ গ্রাহকদের (সার কারখানা, ক্যাপটিভ পাওয়ার, স্টীল রি-রোলিং মিল, গলাস কারখানা, অন্যান্য শিল্প কারখানা যারা বয়লার ব্যবহার করে) গ্যাস ব্যবহা রের দক্ষতা বৃদ্ধির জন্য বাংলাদেশ তৈল,গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এবং মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

১২.৬। পিসিআর এবং প্রকল্প পরিচালকের দেয়া তথ্য অনুযায়ী প্রকল্পটির অনুকূলে ২টি অডিট আপত্তি নিষ্পন্ন করা হয়েছে এবং কোন অডিট আপত্তি আনিষ্পন্ন নেই।

১২.৭। TA to review the Approach for Increasing the Efficiency of Gas Utilization in Certain Major Users (Revised) শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত বছরওয়ারি আর্থিক বিবরণী নিম্নে দেয়া হ'লঃ

(লক্ষ টাকায়)

অর্থ-বছর	অর্থ অবমুক্তি	প্রকল্প ব্যয়			সরকারী কোষাগারে ফেরৎ প্রদান
		জেডিসিএফ	পেট্রোবাংলা	মোট	
২০১০-১১	০.০০	০.০০	০.৭৩	০.৭৩	০.০০
২০১১-১২	৭৪.৫০	১৮.৬৫	৩৬.২৩	৫৪.৮৮	৫৫.৮৫
২০১২-১৩	১৪২.০০	১০৭.৩২	৩১.৫৪	১৩৮.৮৬	৩৪.৬৮
২০১৩-১৪	১৯.০০	১২.৮৪	১৩.২৯	২৬.১৩	৬.১৬
২০১৪-১৫	১০৩.০০	৯৪.৫৮	১০৪.৫০	১৯৯.০৮	৮.৪২
মোট	৩৩৮.৫০	২৩৩.৩৯	১৮৬.২৯	৪১৯.৬৮	১০৫.১১

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নিম্নবর্ণিত প্রকল্প পরিচালকগণ প্রকল্পের দায়িত্ব পালন করেছেন।

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	দায়িত্বের ধরন	সময়কাল
1	Engr. Md. Anwarul Islam	Manager, Petrobangla	Part Time	01-03-2011 হতে 26-12-2011
2	Engr. Pravanjan Biswas	Deputy General Manager, Petrobangla	Part Time	26-12-2011 হতে প্রকল্প সমাপ্ত পর্যন্ত

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
(১) বিদ্যমান নির্দিষ্ট গুরুত্বপূর্ণ গ্রাহকদের (সার কারখানা, ক্যাপটিভ পাওয়ার, স্টীল রি-রোলিং মিল, গলাস কারখানা, অন্যান্য শিল্প কারখানা যারা বয়লার ব্যবহার করে) গ্যাস ব্যবহার দক্ষতা বৃদ্ধির উপায় নির্ধারণ করা।	বিদ্যমান নির্দিষ্ট গুরুত্বপূর্ণ গ্রাহকদের (সার কারখানা, ক্যাপটিভ পাওয়ার, স্টীল রি-রোলিং মিল, গলাস কারখানা, অন্যান্য শিল্প কারখানা যারা বয়লার ব্যবহার করে) গ্যাস ব্যবহার দক্ষতা বৃদ্ধির উপায় নির্ধারণ করা সম্ভব হয়েছে।
(২) বর্তমানে অদক্ষভাবে গ্যাস ব্যবহারের কারণ এবং গ্যাস ব্যবহারের অদক্ষতা দূরীকরণে কারিগরী (Technical) সমাধানের সুপারিশ প্রণয়ন করা।	বর্তমানে অদক্ষভাবে গ্যাস ব্যবহারের কারণ এবং গ্যাস ব্যবহারের অদক্ষতা দূরীকরণে কারিগরী (Technical) সমাধানের সুপারিশ প্রণয়ন করা সম্ভব হয়েছে।

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
৩) সাশ্রয়ীভাবে গ্যাস ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে পাইলট প্রোগ্রাম বাস্তবায়ন করা।	সাশ্রয়ীভাবে গ্যাস ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে পাইলট প্রোগ্রাম বাস্তবায়ন করা হয়েছে।

১৫. প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ

Description of procurement (goods/works / constancy) as per bid document	Tender/Bid/Proposal Cost		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of goods	
	As per TPP (in Lakh Taka)	Contracted Value	Invitation date	Contract Signing/L. C Opening date	As per Contract	Actual
1	2	3	4	5	6	7
Consultancy Services	259.45 CFE :192.00	USD 2,26,800 and BDT 67,45,000.00	EOI published in the national dailies on 12-03-2011 & 13-03-2011	28-12-2011	28-06-2012	28-02-2015

১৬। সুপারিশ/মন্তব্য :

- বিদ্যমান নির্দিষ্ট গুরুত্বপূর্ণ গ্রাহকদের (সার কারখানা, ক্যাপটিভ পাওয়ার, স্টীল রি-রোলিং মিল, গলাস কারখানা, অন্যান্য শিল্প কারখানা যারা বয়লার ব্যবহার করে) গ্যাস ব্যবহা রের দক্ষতা বৃদ্ধির জন্য বাংলাদেশ তৈল,গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এবং মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।
- পরবর্তীতে প্রশিক্ষণ (বৈদেশিক এবং স্থানীয়) অংগটি পরামর্শক সেবার আওতায় না রেখে পৃথকভাবে টিপিপিতে প্রতিফলন করা যেতে পারে।

Construction of 7000 MT Jet A-1 and 7000+8000 MT HSD Storage Tank at Godenail Depot **শীর্ষক প্রকল্পের** সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : মে ২০১৫)

১। **প্রকল্পের নাম** : Construction of 7000 MT Jet A-1 and 7000+8000 MT HSD Storage Tank at Godenail Depot

২। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

৩। **বাস্তবায়নকারী সংস্থা** : পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড (বিপিসি'র একটি অঙ্গ প্রতিষ্ঠান)

৪। **প্রকল্প এলাকা** : নারায়ণগঞ্জ জেলার গোদনাইল উপজেলা

৫। **প্রকল্পের ব্যয় ও বাস্তবায়ন কাল :**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	প্রাক্কলিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৬৩৭.৫০	২৬৩৭.৫০	২০৩৫.৫৫	জানুয়ারী ২০১২ থেকে ডিসেম্বর ২০১৩	জানুয়ারী ২০১২ থেকে জুন ২০১৫	জানুয়ারী ২০১২ থেকে মে ২০১৫	(-) ৬০১.৯৫ (-২২.৮২ %)	১৭ মাস (৭০.৮৩%)

৬। সাধারণ পর্যবেক্ষণ:

৬.১. পটভূমি: ২০১৫-১৬ অর্থ বছরে দেশের প্রাক্কলিত ৭৭২৫০০০ মে: টন জ্বালানী চাহিদার বিপরীতে মোট মজুদ ক্ষমতা ছিল ৪৬৩০০০ মে: টন। অর্থাৎ এক মাসের জ্বালানী চাহিদা পূরণের মজুদ ক্ষমতা বিপিসি'র রয়েছে। জ্বা লানী নিরাপত্তার স্বার্থে দেশে কমপক্ষে ৬০ দিনের মজুদ রাখা জরুরী। এছাড়া সেচ মৌসুমে জ্বালানী চাহিদা বৃদ্ধি পায় বলে জ্বালানী মজুদের ক্ষমতা বৃদ্ধি করা না হলে খাদ্য উৎপাদন ব্যাহত হবার আশংকা থেকে যায়। এ সকল দিক বিবেচনা করে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়।

৬.২. উদ্দেশ্য: * পদ্মা অয়েল কোম্পানী লি: ও মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের নারায়ণগঞ্জের গোদনাইল ডিপোর জেট এ ১ ও High Speed Diesel (HSD) এর মজুদ ক্ষমতা বৃদ্ধি; এবং

* ভাড়াভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রসমূহ ও বিমানের জ্বালানী হিসাবে জেট এ জ্বালানীর চাহিদা পূরণ

৬.৩. প্রকল্পের অনুমোদন ও সংশোধন: ২৬৩৭.৫০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় ও জানুয়ারী ২০১২ থেকে ডিসেম্বর ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য আলোচ্য প্রকল্পটি ৫ জুন ২০১২ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। ১৩ ফেব্রুয়ারী ২০১৪ তারিখে এ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়। অত:পর ৭ জানুয়ারী ২০১৫ তারিখে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ মার্চ ২০১৫ পর্যন্ত এবং ১২ মে ২০১৫ তারিখে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন ২০১৫ পর্যন্ত সর্বশেষ বৃদ্ধি করা হয়।

৬.৪. প্রকল্প পরিদর্শন: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিচালক (শক্তি) বেগম নাসিমা মহসিন কর্তৃক ৩০ নভেম্বর ২০১৬ তারিখে প্রকল্পটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক উপস্থিত হয়ে সহায়তা করেন।

৬.৫. প্রকল্পের কার্যক্রম: প্রকল্পের মূল কার্যক্রম নিম্নরূপ:

* ৭০০০ মে: টন ধার ণ ক্ষমতাসম্পন্ন ১টি জেট এ-১ স্টোরেজ ট্যাংক নির্মাণ;

* ৭০০০ ও ৮০০০ মে: টন ধার ণ ক্ষমতাসম্পন্ন ২টি এইচএসডি স্টোরেজ নির্মাণ:

* স্টোরেজ ট্যাংক নির্মাণ সামগ্রী সংগ্রহ;

* ভূমি উন্নয়ন; এবং

* ট্যাংক নির্মাণ সংক্রান্ত অবকাঠামো নি র্মাণ।

৬.৬ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য: পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডের উপমহাব্যবস্থাপক জনাব আবু বকর মো: সিদ্দিক প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন।

৭। প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি:

প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র রাজস্ব অঙ্গসমূহের প্রাক্কলিত ব্যয় ২.৫৭ লক্ষ টাকার বিপরীতে ১৩.৪৬ লক্ষ টাকা পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডের নিজস্ব তহবিল থেকে ব্যয় করা হয়েছে। এ বিষয়ে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে পদ্মা অয়েল কোম্পানীর বিদ্যমান নিজস্ব জনবল দ্বারা এ প্রকল্পের কাজ সম্পন্ন করা হয়েছে এবং তাদের অনুকূলে প্রদত্ত বেতন-ভাতাদি এ ব্যয়ের অন্তর্ভুক্ত করা হয়েছে বিধায় ব্যয় বৃদ্ধি পেয়েছে। মূলধন অঙ্গসমূহের আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

ক্রমিক: নং	অঙ্গের নাম	সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		বাস্তবায়ন অগ্রগতি	
		পরিমাণ /সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	বাস্তব	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
১।	রাজস্ব ব্যয়	-	২.৫৭	-	১৩.৪৬ (৫২৩.৭৩%)
২।	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম (ট্যাংক কনস্ট্রাকশন ম্যাটেরিয়েলস, এমএম প্লেট, এম এম এ্যাংগেল, এমএম পাইপ, গেইট ভাল্ব, পাম্প, মটর ইত্যাদি	-	১৪৪৪.৭০	-	১১৬৮.৪৭ (৮০.৮৭%)
৩।	অগ্নি নির্বাপণ সরঞ্জাম (প্রতিস্থাপনসহ)	-	১১০.৭৮	-	১১০.৩৫ (৯৯.৬১%)
৪।	ভূমি উন্নয়ন (ভরাট ও সমানকরন)	৬২১৫০ ঘনমিটার	১০৫.০৪	২৪১৫০ ঘনমিটার	৪০.৮১ (৩৮.৮৫%)
৫।	অবকাঠামো (ট্যাংক ফাউন্ডেশন, সীমানা প্রাচীর, ড্রেইন, পাম্প, ইরেকশন, ক্যালিব্রেশন এন্ড টেস্টিং অব ট্যাংক ইত্যাদি)	-	৯১২.৪১	-	৭০২.৪৩ (৭৬.৯৮%)
৬।	প্রাইস কন্টিনজেন্সি (৩%)	-	৫০.০০	-	-
৭।	ফিজিক্যাল কন্টিনজেন্সি (১%)	-	১২.০০	-	-

ক্রমিক: নং	অঙ্গের নাম	সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		বাস্তবায়ন অগ্রগতি	
		পরিমাণ /সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	বাস্তব	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
	সর্বমোট		২৬৩৭.৫০	-	২০৩৫.৫৪ (৭৭.১৭%)

৮। পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:

৮.১ প্রধান অঙ্গসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিবরণ:

৮.১.১. ভূমি উন্নয়ন: ডিপিপি'র নির্ধারিত ৬২১৫০ ঘনমিটারের মধ্যে বাস্তবে ২৪১৫০ ঘনমিটার ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন করা হয়েছে এবং এ বাবদ ৪০.৮১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ ডিপিপি প্রণয়নকালে প্রাক্কলন সঠিকভাবে করা হয়নি;

৮.১.২. যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম সংগ্রহ:ডিপিপিতে ১৪৪৪.৭০ লক্ষ টাকা ব্যয়ের সংস্থান ছিল। বাস্তবে ১১৬৮.৪৭ লক্ষ টাকা ব্যয়ে এ অঙ্গের কাজ সম্পন্ন করা হয়েছে। অর্থাৎ ডিপিপি'র প্রাক্কলন অপেক্ষা বাস্তবে ২৭৬.২৩ লক্ষ টাকা কম ব্যয় হয়েছে;

৮.১.৩. ৭০০০ মে: টন ধার ণ ক্ষমতাসম্পন্ন ১টি জেট এ-১ স্টোরেজ ট্যাংক নির্মাণ:জেট এ-১ বিমানের জ্বালানী হিসাবে ব্যবহৃত হয়ে থাকে। নারায়ণগঞ্জের গোদনাইল ডিপোতে ৩টি জেট এ-১ স্টোরেজ ট্যাংক ছিল বলে প্রকল্প পরিচালক জানান। এ জ্বালানীর চাহিদা বৃদ্ধি পাওয়ার কারনে আলোচ্য প্রকল্পের অধীনে পদ্মা অয়েল কোম্পানীর চত্বরে ৭০০০ মেট্রিক টন ধার ণ ক্ষমতাসম্পন্ন আরও ১টি জেট এ-১ স্টোরেজ ট্যাংক নির্মাণ করা হয়েছে। ট্যাংকটি নির্মাণপূর্বক জানুয়ারী ২০১৬ মাসে কমিশনিং করা হয়েছে ;

৮.১.৪. ৭০০০ ও ৮০০০ মে: টন ধারণ ক্ষমতাসম্পন্ন ২টি এইচএসডি স্টোরেজ ট্যাংক নির্মাণ: সেচ কার্যক্রম ও বিদ্যুৎ কেন্দ্র পরিচালনার জন্য এইচএসডি জ্বালানীর প্রয়োজন হয়। ঢাকা ও আশপাশের এলাকায় একাধিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ /নির্মাণাধীন থাকার কারণে এইচএসডি'র চাহিদা বৃদ্ধি পায়। গোদানাইল ডিপোতে পদ্মা অয়েল কোম্পানীর চত্বরে ৪টি ও মেঘনা পেট্রোলিয়ামের চত্বরে ৪টি এইচএসডি স্টোরেজ ট্যাংক ছিল। চাহিদা বৃদ্ধি পাওয়ার কার ণে প্রকল্পটির অধীনে পদ্মা অয়েল কোম্পানীর চত্বরে ৭০০০ মেট্রিক টন ধার ণ ক্ষমতাসম্পন্ন ১টি এই চএসডি স্টোরেজ ট্যাংক ও মেঘনা পেট্রোলিয়ামের চত্বরে ৮০০০ মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন অপর আরেকটি এইচএসডি স্টোরেজ ট্যাংক নির্মাণ করা হয়েছে। কেলিব্রেশন, ফায়ার ফাইটিং সিস্টেমসহ ট্যাংক দুটি জানুয়ারী ২০১৬ মাসে কমিশনিং করা হয়েছে। অনুমোদিত ডিপিপি'র প্র কিউরমেন্ট পরিকল্পনা অনুযায়ী ট্যাংক ৩টি ৩০ নভেম্বর ২০১৬ এর মধ্যে নির্মাণের জন্য নির্ধারিত ছিল। বাস্তবে উক্ত সময়ের ২৫ মাস পর জানুয়ারী ২০১৬ মাসে ৩টি ট্যাংক কমিশনিং করা হয়েছে।

৮.১.৫. প্রকল্পটির বাস্তবায়ন জানুয়ারী ২০১২ থেকে শুরু হওয়ার জন্য নির্ধারিত থাকলেও প্রকল্পটি ৩ জুলাই ২০১২ তারিখে অনুমোদিত হয়। পদ্মা অয়েল কোম্পানীর প্রকল্প সাইট ১৩ সেপ্টেম্বর ২০১২ ও মেঘনা পেট্রোলিয়ামের প্রকল্প সাইট ১৬ অক্টোবর ২০১২ তারিখে ঠিকাদারকে হস্তান্তর করা হয। এ কার ণে প্রকল্পের বাস্তবায়ন প্রাথমিকভাবে প্রায় ৮ মাস বিলম্বিত হয় বলে প্রকল্প পরিচালক উল্লেখ করেন ; এবং

৮.১.৬ মেঘনা পেট্রোলিয়াম এর প্রকল্প সাইটে ভূমি উন্নয়ন ও পাইলিং চলাকালীন স্থানীয় কতিপয় জনগণ বাঁধার সৃস্টি করে বিধায় বাস্তবায়ন ব্যাহত হয়। এছাড়া শীতলক্ষ্যা নদীর পানিতে দূষ ণের মাত্রা অধিক হওয়ার কার ণে গোদনাইল ডিপো থেকে অপেক্ষাকৃত দূরে মেঘনা নদী থেকে পানি বয়ে আনার কার ণে ট্যাংকের ক্যালিব্রেশন ও লোডটেস্টিং বিলম্বিত হয় বলে প্রকল্প পরিচালক আরও জানান।

৯। প্রকল্পের স্থির চিত্র:



চিত্র-১: গোদনাইল ডিপোতে পদ্মা অয়েল কোম্পানীর চত্বরে নির্মিত জেট-১ স্টোরেজ ট্যাংক



চিত্র-২: গোদনাইল ডিপোতে পদ্মা অয়েল কোম্পানীর চত্বরে নির্মিত এইচএসডি স্টোরেজ ট্যাংক



চিত্র-৩: গোদনাইল ডিপোতে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের চত্বরে নির্মিত এইচএসডি স্টোরেজ ট্যাংক

৯.১ প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য: প্রকল্পের ডিপিপি'র প্রকিউরমেন্ট পরিকল্পনায় ১টি মাত্র প্যাকেজ অন্তর্ভুক্ত আছে। উক্ত প্যাকেজের বিবরণ নিম্নে দেয়া হলো:

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	কাজের নাম	দরপত্র আহবানের তারিখ	-চুক্তি স্বাক্ষরের তারিখ -চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ -বাস্তবে কার্যসম্পাদনের তারিখ -চুক্তি মুল্য -পরিশোধিত মূল্য
১	২	৩	৪
১।	গোদনাইল ডিপোতে ৭০০০ মে: টন ধারণ	১৫ অক্টোবর ২০১১	-৭ আগষ্ট ২০১২ - ৬ আগষ্ট ২০১৩

	ক্ষমতাসম্পন্ন ১টি জেট এ-১ ও ৭০০০+ ৮০০০ মে: টন ধারণ ক্ষমতাসম্পন্ন ২টি এইচএসডি স্টোরেজ ট্যাংক নির্মণ		-৩০ মে ২০১৫ -২২০৪.২৩ -২০২২.০৮

১০. প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
গোদনাইল ডিপোতে ৭০০০ মেঃ টন ধার ণ ক্ষমতাসম্পন্ন ১টি জেট এ-১ ও ৭০০০+৮০০০ মেঃ টন ধার ণ ক্ষমতাসম্পন্ন ২টি এইচএসডি স্টোরেজ ট্যাংক নির্মাণ	গোদনাইল ডিপোতে ৭০০ ০ মেঃ টন ধার ণ ক্ষমতাসম্পন্ন ১টি জেট এ-১ ও ৭০০০+৮০০০ মেঃ টন ধারণ ক্ষমতাসম্পন্ন ২টি এইচএসডি স্টোরেজ ট্যাংক নির্মা ণপূর্বক ১৬ জানুয়ারী ২০১৬ মাসে কমিশনিং করা হয়েছে। ট্যাংক ৩টি নির্মা ণের ফলে ডিপোর জেট এ-১ এর ধারন ক্ষমতা ৩০৪২ মেঃ টন থেকে ১১০২৩ মেঃ টন এবং এইচএসডি এর ধার ণ ক্ষমতা ১১৭০৮ মেঃ টন থেকে ১৪২৯৯ মেঃ টনে উন্নীত হয়েছে।

১১. অডিট সংক্রান্ত তথ্য: প্রাপ্ত পিসিআর এর তথ্য মতে প্রকল্পের কোন অভ্যন্তরীণ ও এক্সটারনাল অডিট সম্পন হয়নি।

১২. সমস্যা:

১২.১. প্রকল্পের টাইম ওভাররান: প্রকল্পের ৭০.৮৩% (১৭মাস) টাইম ওভাররান ঘটেছে (অনুচ্ছেদ ৫);

১২.২. ডিপিপি'র প্রাক্কলন সঠিকভাবে নির্ধার ণ না করা: প্রকল্পের ভূমি উন্নয়ন অঙ্গের জন্য ডিপিপি'র নির্ধারিত ৬২১৫০ ঘনমিটারের মধ্যে ২৪১৫০ ঘন মিটার ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন হয়েছে। অর্থাৎ ভূমি উন্নয়নের প্রাক্কলন সঠিকভাবে নির্ধা রণ করা হয়নি (অনুচ্ছেদ ৮.১.১);

১২.৩. বিলম্বে প্রকল্প অ নুমোদন: প্রকল্পের ডিপিপি-তে বাস্তবায়ন শুরু জানুয়ারী ২০১২ উল্লেখ থাকলেও ৩ জুলাই ২০১২ তারিখে অর্থাৎ ৬ মাস পর প্রকল্পটি অনুমোদিত হয়েছে। এ কার ণে প্রকল্পের বাস্তবায়ন বিলম্বিত হয় (অনুচ্ছেদ ৮.১.৫);

১২.৪. প্রকল্পের অডিট অসম্পন্ন: প্রকল্পের অধীন অভ্যন্তরীন ও এক্সটারনাল অডিট সম্পন্ন হয়নি (অনুচ্ছেদ ১১);

১২.৫. স্থানীয় জনগণের বাঁধা: প্রকল্প সাইটে ভূমি উন্নয়ন ও পাইলিং চলাকালীন স্থানীয় জনগনের বাঁধার কার ণে বাস্তবায়ন ব্যাহত হয় (অনুচ্ছেদ ৮.১.৬);

১২.৬. দূরবর্তী স্থান থেকে পানি বয়ে আনার কার ণে বাস্তবায়ন বিলম্বিত: নিকটবর্তী শীতলক্ষ্যা নদীর পানিতে দূষণের মাত্রা বেশী থাকার কারণে অপেক্ষা দূরবর্তী মেঘনা নদী থেকে পানি বয়ে আনার কারণে স্টোরেজ ট্যাংকের ক্যালিব্রেশন ও লোড টেস্টিং বিলম্বিত হয় (অনুচ্ছেদ ৮.১.৬)।

১৩. সুপারিশ:

১৩.১. ভবিষ্যতে প্রকল্পের অঙ্গসমূহের পরিমা ণ/সংখ্যা ও প্রাক্কলন বাস্তবতার নিরিখে নির্ধার ণে সচেষ্ট থাকতে হবে (অনুচ্ছেদ ১২.২.);

১৩.২ ভবিষ্যতে প্রকল্পের টাইম ওভাররান যাতে না ঘটে সে জন্য কর্মপরিকল্পনা কঠোরভাবে অনুসর ণ করার বিষয়ে সর্বাত্নক উদ্যোগ গ্রহ ণ করতে হবে (অনুচ্ছেদ ১২.১);

১৩.৩ ঠিকাদার চুক্তি অনুসারে যথা সময়ে কার্য সম্পাদন না করে প্রায় দুই বছর বিলম্বে কার্য সম্পাদন করে। এ বিলম্বে কার্য সম্পাদনের জন্য ঠিকাদারের বিরুদ্ধে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমই বিভাগকে অবহিত করতে হবে (অনুচ্ছেদ ৮.১.৪);

১৩.৪ প্রকল্পের অনুমোদনের সঙ্গে সঙ্গতি রেখে ডিপিপি-তে বাস্তবায়নকাল নির্ধারণ যৌক্তিক হবে (অনুচ্ছেদ ১২.৩.);

১৩.৫ ভবিষ্যতে যথাসময়ে প্রকল্পের অডিট সম্পন্ন করতে হবে (অনুচ্ছেদ ১২.৪);

১৩.৬ প্রকল্প বাস্তবায়নকালে কোন অনাকাঙ্খিত ঘটনার আশংকা থাকলে বাস্তবায়নকালের পূর্বে স্থানীয় প্রশাসনের সহায়তা গ্রহ ণ করা বাঞ্ছনীয় হবে (অনুচ্ছেদ ১২.৫.) ; এবং

১৩.৭ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে সকল লজিস্টিক সার্পোট পূর্ব থেকে প্রস্তুত রাখা বাঞ্ছনীয় হবে (অনুচ্ছেদ ১২.৬)।

১৫০০ হর্স পাওয়ার রিগ সংগ্রহ (১ম সংশোধিত)শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন ২০১৫)

(জিডিএফ তহবিলে বাস্তবায়িত)

১. **প্রকল্পের নাম** : ১৫০০ হর্স পাওয়ার রিগ সংগ্রহ (১ম সংশোধিত)

২. **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

৩. **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

৪. **প্রকল্প এলাকা** : বাপেক্স ভবন, , কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

৫. **প্রকল্পের ব্যয় ও বাস্তবায়ন কাল** :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
২১১৭৮.০০	২১১৭২.৪৫	১৯৭০০.৫৭	জুলাই ২০১২ থেকে ডিসেম্বর ২০১৩ পর্যন্ত	জুলাই ২০১২ থেকে জুন ২০১৫ পর্যন্ত	জুলাই ২০১২ থেকে জুন ২০১৫ পর্যন্ত	(-) ১৪৭৭.৭৩ (৬.৯৮%)	১ বছর ৬ মাস (১০০%)

৬. **সাধারণ পর্যবেক্ষণ :**

৬.১ **পটভূমি :** ১ জুলাই ১৯৮৯ তারিখে প্রতিষ্ঠালগ্ন থেকে তেল/গ্যাস অনুসন্ধানের জন্য অত্যাবশকীয় বাপেক্স এর ৩টি ড্রিলিং রিগ ও ১টি ওয়ার্কওভার রিগ ছিল। এ ৪টি রিগের মধ্যে ২টি রিগ সম্পূর্ণ অচল হয়ে যায়। অবশিষ্ট ২টির মধ্যে IDECO-H-1700 রিগটি ১৯৮২ সালে ও IPS Cardwell রিগটি ১৯৮৭ সালে সংগ্রহ করা হয়। রিগ ২টি ৩৪ ও ২৯ বছরের পুরানো বিধায় ভূগর্ভে খুব গভীরে সর্বোচ্চ ক্ষমতায় ড্রিলিং করার জন্য এগুলো উপযোগী নয় । এ প্রেক্ষাপটে নতুন রিগ সংগ্রহের জন্য আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়েছে।

৬.২ **উদ্দেশ্য :** প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে বাপেক্স এর ড্রিলিং অপারেশনাল সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে আধুনিক প্রযুক্তির বৈদ্যুতিক একটি রিগ সংগ্রহ।

৬.৩ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন :** গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) দ্বারা বাস্তবায়নের উদ্দেশ্যে ২১১৭৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১২ থেকে থেকে ডিসেম্বর ২০১৩ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য আলোচ্য প্রকল্পটি জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ২৯ আগস্ট ২০১২ তারিখে অনুমোদিত হয়। উক্ত মেয়াদের মধ্যে সংগৃহীত রিগের কমিশনিং, টেস্টিং ও ১টি পরীক্ষামূলক কূপ খনন কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়নি বিধায় প্রাক্কলিত ব্যয় ২১১৭২.৪৫ লক্ষ টাকায় হ্রাসপূর্বক প্রকল্পের ১ম সংশোধন জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ১২ ফেব্রুয়ারী ২০১৪ তারিখে অনুমোদন করে। অনুমোদিত এ মেয়াদের মধ্যে রিগ সরবরাহকারী প্রতিষ্ঠানকে চূড়ান্ত বিল পরিশোধ করা সম্ভব হয়নি বিধায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ৬ জানুয়ারি ২০১৫ তারিখে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ জুন ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করে।

৬.৪ **প্রকল্পের মূল কার্যক্রমসমূহ নিম্নরূপ:**

- এক্সেসারজসহ একটি ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন Variable Frequency Drive (VFD) বৈদ্যুতিক ড্রিলিং রিগ সংগ্রহ; এবং
- উক্ত রিগ ইরেকশন ও কমিশনিং সম্পন্নকরণ।

৬.৫ **প্রকল্প পরিদর্শন:** আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের পরিচালক (শক্তি) বেগম নাসিমা মহসিন কর্তৃক গত ২৩ আগস্ট জুলাই ২০১৬ তারিখে বাপেক্স এর প্রধান কার্যালয়ে অবস্থিত প্রকল্প পরিচালক এর কার্যালয়ে প্রকল্পটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

৬.৬ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য: জনাব মাসুদ রেজা, উপ ব্যবস্থাপক, বাপেক্স প্রকল্প ব্যবস্থাপক হিসাবে ১ জুলাই ২০১২ তারিখ থেকে ১৭ নভেম্বর ২০১২ পর্যন্ত এবং ১৮ নভেম্বর ২০১২ থেকে ৩০ জুন ২০১৫ পর্যন্ত পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন।

৭. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

৭.১ প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নরূপ

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	সর্বশেষ ডিপিপি অনুযায়ী		বাস্তবায়ন অগ্রগতি	
		পরিমাণ/ সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	বাস্তব	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
১	কাস্টম, শুল্ক/ভ্যাট	থোক	৯২১.২০	থোক	৮৯৬.৩৫ (৯৭.৩০%)
২	পেট্রোল/লুব্রিকেন্ট	থোক	৫১.৫১	থোক	২৮.৪৪ (৫৫.২১%)
৩	বীমা (২.৫০% আমদানীতব্য)	থোক	৪৬০.৬০	থোক	৩৫৩.৬৮ (৭৬.৭৮%)
৪	ব্যাংক চার্জ (১% আমদানীতব্য)	থোক	৩৪৫.০০	থোক	৩৪২.৩৬ (৯৯.২৩%)
৫	স্টেশনারী/সীলস্/স্ট্যাম্প	থোক	১.০০	থোক	১.০০ (১০০%)
৬	প্রচার ও বিজ্ঞাপন	থোক	১.০০	থোক	০.৯৮ (৯৮%)
৭	প্রশিক্ষণ ব্যয়	৩১ জন	১৪৬.০০	৩১ জন	১৩৭.৪৩ (৯৪.১৩%)
৮	আপ্যায়ন ব্যয়	থোক	১.০০	থোক	০.৯৯ (৯৯%)
৯	রিগ পরিবহন ব্যয় (চট্টগ্রাম পোর্ট থেকে আঞ্চলিক বাপেক্সের সাইটে হস্তান্তর)	থোক	৪৬৩.০০	থোক	৩৭১.৯৭ (৮০.৩৩%)
১০	অনিয়মিত শ্রমিক	থোক	৫.০০	থোক	৫.০০ (১০০%)
১১	সম্মানী ভাতা	থোক	০.৫০	থোক	০.৫০ (১০০%)
১২	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম (রিগ ও রিগ এক্সেসরিজ)	থোক	১৮৪৯০.০০	থোক	১৭৪৭১.৩৭ (৯৪.৪৯%)
১৩	অন্যান্য ব্যয়				
	ক) জেটি এক্সপেনডিচার, সিএন্ডএফ কমিশন ইত্যাদি	থোক	১৮৪.২৪	থোক	৫৬.৬৪ (৩০.৭৪%)
	খ) প্রি-শিপমেন্ট ইন্সপেকশন ফি (পিএসআই)	থোক	৯২.১২	থোক	২৭.৮০৬ (৩০.১৮%)
	গ) স্থানীয়ভাবে উৎপাদিত মালামাল, পিপিই ইত্যাদি	থোক	৫.০০	থোক	১.৪১ (২৮.২%)
১৪	মোটরযান				
	১টি ডাবল কেবিন পিক-আপ/মাইক্রোবাস ভাড়া; (৪ মাসের জন্য)	১টি	৪.২৮	১টি	৪.২৮ (১০০%)
১৫	ফটোকপি ব্যয়	থোক	১.০০	থোক	০.৩৭ (৩৭%)
	সর্বমোট:		**২১১৭২.৪৫**		**১৯৭০০.৫৭ (৯৩.০৪%)**

৮. **পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:**

প্রধান প্রধান অঙ্গের বাস্তবায়ন অগ্রগতির বিবরণ:

৮.১ **প্রকল্পের ডিপিপি সংশোধন:** সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি অনুযায়ী ৩০ জানুয়ারি ২০১৪ তারিখের মধ্যে রিগ সরবরাহ করার জন্য নির্ধারিত ছিল। রিগ প্রাপ্তির পর অনুমোদিত মেয়াদের মধ্যে (ডিসেম্বর ২০১৩) চুক্তি অনুযায়ী রিগ কমিশনিং, টেস্টিং ও ১টি পরীক্ষামূলক কূপ খনন কাজ সম্পন্ন করা সম্ভব ছিল না বিধায় ডিপিপি সংশোধানপূর্বক বাস্তবায়ন মেয়াদ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত বৃদ্ধি এবং প্রাক্কলিত ব্যয় ২১১৭৮.০০ লক্ষ টাকা থেকে ২১১৭২.৪৫ লক্ষ টাকায় হ্রাস করা হয়;

৮.২ **প্রকল্পের মেয়াদ বৃদ্ধি:** প্রকল্পের বর্ধিত মেয়াদের (ডিসেম্বর ২০১৪) মধ্যে প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হলেও চুক্তি অনুযায়ী পরীক্ষামূলকভাবে ১টি কূপ খনন কার্যক্রম সম্পন্নপূর্বক সরবরাহকারী প্রতিষ্ঠানকে চুড়ান্ত বিল পরিশোধ করা সম্ভব ছিল না। কারণ খনন কার্যক্রম চলাকালীন কোন ধরনের সমস্যার উদ্ভব হলে বা রিগের কোন অংশ বিকল হয়ে পড়লে সরবরাহকারী প্রতিষ্ঠান নিজ ব্যয়ে মেরামত/প্রতিস্থাপন করার সংস্থান আছে। অতএব খনন কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত চূড়ান্ত বিল পরিশোধ করা সম্ভব নয়। চূড়ান্ত বিল পরিশোধের স্বার্থে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়;


৮.৩ **রিগ সংগ্রহ:** প্রকল্পের আওতায় ১টি ১৫০০ এইচপি রিগ ক্রয়ের লক্ষ্যে ৫ আগস্ট ২০১২ তারিখে ঠিকাদারের সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয় এবং ২৩ অক্টোবর ২০১২ তারিখে ঋণপত্র খোলা হয়। ঋণপত্র খোলার ১৫ মাসের মধ্যে রিগ সরবরাহ করার কথা এবং সে অনুসারে চট্টগ্রাম বন্দরে রিগ পৌঁছার পর জানুয়ারি ২০১৪ মাসে তা সংগ্রহ করা হয়। রিগ ইরেকশন, টেস্টিং, কমিশনিং ও ১টি কূপ খনন কার্যক্রমের জন্য কুষ্টিয়ার মোবারকপুর ১ নম্বর কূপ এলাকায় স্থানান্তর করা হয়। রিগ ইরেকশনকালে নিরাপত্তার মানদন্ড বজায় রাখার জন্য পূর্ব নির্ধারিত রিগ ফাউন্ডেশনের নকশায় পরিবর্তন আনা হয়। এ অনির্ধারিত পরিবর্তনের কারণে রিগ টেস্টিং ও কমিশনিং বিলম্বিত হয় বলে প্রকল্প পরিচালক জানান; এবং

৮.৪ **বিলম্বে ডিপিপি অনুমোদন:** প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০১২ থেকে শুরু হলেও জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ২৯ আগস্ট ২০১২ তারিখে ডিপিপি অনুমোদিত হয়। বিলম্বে ডিপিপি অনুমোদনের কারণে বাস্তবায়ন বিলম্বিত হয়।

৯. প্রকল্প সংশ্লিষ্ট স্থির চিত্র প্রকল্প সংশ্লিষ্ট ৩ (তিন) টি স্থির চিত্র নিম্নে প্রদান করা হলো-



চিত্র-১: সংগৃহীত ১৫০০ হর্স পাওয়ার রিগের সাবস্ট্রাকচারসহ মাস্ট। সাবস্ট্রাকচারসহ মাস্টের উচ্চতা ১৫৪ ফুট।



চিত্র-২: সংগৃহীত ১৫০০ হর্স পাওয়ার রিগের আয়রন রাফনেক। এটি দিয়ে ড্রিলিং পাইপ জোড়া লাগানো হয়।



চিত্র-৩: সংগৃহীত ১৫০০ হর্স পাওয়ার রিগের ৩টি মাড পাম্প

১০. প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য: আলোচ্য প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য নিম্নে প্রদান করা হ'লঃ

ক্রমিক নম্বর	কাজের নাম/প্যাকেজের নাম	দরপত্র আহবানের তারিখ	-চুক্তি স্বাক্ষরের তারিখ - চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ - বাস্তবে কার্য সম্পাদনের তারিখ - চুক্তি মূল্য -পরিশোধিত মূল্য
১	২	৩	৪
১।	এক্সেসরিজসহ ১টি ১৫০০ হর্স পাওয়ার AC-AC VFD রিগ ও এর ইরেকশন, টেস্টিং ও কমিশনিং	৩ অক্টোবর ২০১০	- -২৩ অক্টোবর ২০১২ - -জানুয়ারি ২০১৪ - - জানুয়ারি ২০১৪ - - ১৮৫৭০.০০ - - ১৭৪৭১.৩৭
২।	বাপেক্স প্রকৌশলীদের প্রশিক্ষণ	ঐ	- -২৩ অক্টোবর ২০১২ - - ডিসেম্বর ২০১৩ - -ডিসেম্বর ২০১৩ - - ১৪৬.০০ - - ১৩৭.০০
৩।	রিগ ও রিগ যন্ত্রপাতির পরিবহন	ঐ	- -২৩ অক্টোবর ২০১২ - -ফেব্রুয়ারি ২০১৪ - -ফেব্রুয়ারি ২০১৪ - -৪৬৩.০০ - -৩৭১.৯৭

১১. প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
ক) এক্সেসরিজসহ ১টি ১৫০০ হর্স পাওয়ার VFD বৈদ্যুতিক ড্রিলিং রিগ সংগ্রহ; এবং	ক) এক্সেসরিজসহ ১টি ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতা সম্পন্ন VFD বৈদ্যুতিক ড্রিলিং রিগ সংগ্রহ করা হয়েছে; এবং
খ) উক্ত রিগের ইরেকশন, টেস্টিং ও কমিশনিং সম্পন্নকরণ।	খ) কুষ্টিয়ার মোবারকপুর গ্যাস ক্ষেত্রে সংগৃহীত রিগের ইরেকশন, টেস্টিং ও কমিশনিং সম্পন্ন করা হয়।

১২. অডিট সংক্রান্ত তথ্য : ২০১২-১৩ থেকে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত ৩ দফায় এক্সটারনাল অডিট সম্পন্ন করা হয়। ২০১২-১৩ ও ২০১৪-১৫ অর্থবছরে কোন আপত্তি উত্থাপিত হয়নি। ২০১৪-১৫ অর্থবছরে উত্থাপিত আপত্তি নিষ্পত্তি করা হয়েছে বলে প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

১৩. সমস্যা:

১৩.১ প্রকল্পের টাইমওভার রান: সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি অনুযায়ী ৩০ জানুয়ারি ২০১৪ তারিখের মধ্যে রিগ সরবরাহ করার জন্য নির্ধারিত ছিল। রিগ প্রাপ্তির পর অনুমোদিত মেয়াদের মধ্যে (ডিসেম্বর ২০১৩) চুক্তি অনুযায়ী রিগ কমিশনিং, টেস্টিং ও ১টি পরীক্ষামূলক কূপ খনন কাজ সম্পন্ন করা সম্ভব হয়নি বিধায় ডিপিপি সংশোধনপূর্বক বাস্তবায়ন মেয়াদ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়। এ বর্ধিত মেয়াদের মধ্যেও বাস্তবায়ন সম্পন্ন না হলে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয় (অনুচ্ছেদ ৮.১ ও ৮.২);

১৩.২ রিগ ফাউন্ডেশনের নকশায় পরিবর্তন: সংগৃহীত রিগ ইরেকশন, টেস্টিং, কমিশনিং ও ১টি কূপ খনন কার্যক্রমের জন্য মোবারকপুর ১ নম্বর কূপ এলাকায় স্থানান্তর করা হয়। রিগ ইরেকশনকালে নিরাপত্তার মানদন্ড বজায় রাখার জন্য পূর্ব নির্ধারিত রিগ ফাউন্ডেশনের নকশায় পরিবর্তন আনা হয়। এ অনির্ধারিত পরিবর্তনের কারণে রিগ টেস্টিং ও কমিশনিং বিলম্বিত হয় ও প্রকল্প বাস্তবায়নে বিলম্ব ঘটে (অনুচ্ছেদ ৮.৩);

১৩.৩ বিলম্বে ডিপিপি অনুমোদন: প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০১২ থেকে শুরু হলেও জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ২৯ আগস্ট ২০১২ তারিখে ডিপিপি অনুমোদিত হয়। বিলম্বে ডিপিপি অনুমোদনের কারণে বাস্তবায়ন বিলম্বিত হয় (অনুচ্ছেদ ৮.৪); এবং

১৩.৪ বিলম্বে পিসিআর প্রেরণ: প্রকল্প সমাপ্তির ১ বছর ১মাস পর পিসিআর প্রেরণ করা হয়।

১৪. সুপারিশ:

১৪.১ ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়ন যাতে নির্ধারিত মেয়াদের মধ্যে সম্পন্ন হয় এবং টাইম ওভাররান যাতে না ঘটে সে বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করবে (অনুচ্ছেদ ১৩.১);

১৪.২ প্রকল্পের পূর্ত কাজের সকল নকশা যাতে মানসম্পন্ন ও সঠিকভাবে প্রণীত হয় সে বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ ১৩.৩);

১৪.৩ ডিপিপি অনুমোদনকালে প্রকল্পের বাস্তবায়নকাল যথাযথভাবে নির্ধারণ করার বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ নিশ্চিত করবে (অনুচ্ছেদ ১৩.৪)

১৪.৪ প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ নিশ্চিত করবে (অনুচ্ছেদ: ১৩.৫); এবং

১৪.৫ অনুচ্ছেদ ১৪.১ - ১৪.৪ এর আলোকে গৃহীত ব্যবস্থা অবিলম্বে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

"রূপগঞ্জ তেল/গ্যাস অনুসন্ধান কূপ খনন"শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: জুন ২০১৫)

(জিডিএফ তহবিলে বাস্তবায়িত)

১. **প্রকল্পের নাম** : রূপগঞ্জ তেল/গ্যাস অনুসন্ধান কূপ খনন

২. **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

৩. **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)

৪. **প্রকল্প এলাকা** : নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলা

৫. **প্রকল্পের ব্যয় ও বাস্তবায়ন কাল** :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট (প্র: সা:)	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল (প্র: সা:)	সর্বশেষ সংশোধিত (প্র: সা:)		মূল	সর্বশেষ সংশোধিত			
৯৭০০.০০ (-)	৯৭০০.০০ (-)	৬১২৭.৫৩ (-)	জুলাই ২০১২ থেকে জুন ২০১৪	জুলাই ২০১২ থেকে জুন ২০১৫ (ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি)	জুলাই ২০১২ থেকে জুন ২০১৫	-৩৫৭২.৪৭ (মূল ব্যয় অপেক্ষা ০.৬৩% কম ব্যয় হয়েছে)	১ বছর (৫০%)

৬. **সাধারণ পর্যবেক্ষণ :**

৬.১ **পটভূমি :** দেশের উন্নয়নে জ্বালানী প্রধান চালিকাশক্তি। বাংলাদেশের প্রধান জ্বালানী প্রাকৃতিক গ্যাস। গ্যাসের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে অনুসন্ধান ও উৎপাদন কার্যক্রম জোরদার করা প্রয়োজন। বাপেক্সের ভূ-বৈজ্ঞানিকগণ পেট্রোবাংলা ও বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা দ্বারা সম্পাদিত গ্র্যাভিটি ম্যাগনেটিক, এরো ম্যাগনেটিক ও সাইসমিক সার্ভের ব্যাখ্যা দ্বারা গ্যাস ও তেল অনুসন্ধান কার্যক্রমের ৯ নম্বর ব্লকে হাইড্রোকার্বনের দুটি লেড্স ও প্রসপেক্টস্ আবিষ্কার করেন। আলোচ্য প্রকল্পের রূপগঞ্জ স্ট্রাকচার ৯ নম্বর ব্লকের উত্তর পশ্চিমাঞ্চলে অবস্থিত। রূপগঞ্জ স্ট্রাকচারের সম্ভাবনা ও উত্তোলনযোগ্য হাইড্রোকার্বনের মজুদ বিবেচনায় এ স্ট্রাকচারে একটি অনুসন্ধানমূলক কূপ খননের জন্য আলোচ্য প্রকল্প বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়।

৬.২ **উদ্দেশ্য :**

- রূপগঞ্জ স্ট্রাকচারে ১টি অনুসন্ধান কূপ খনন;
- কূপের ড্রিল স্টীম টেস্টিং (ডিএসটি) ও কূপ পরীক্ষণ সম্পাদন; এবং
- রূপগঞ্জ স্ট্রাকচার থেকে তেল/গ্যাস আবিষ্কার।

৬.৩ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন :** ৯৭০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় ও জুলাই ২০১২ থেকে জুন ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য "রূপগঞ্জ তেল/গ্যাস অনুসন্ধান কূপ খনন" প্রকল্পটি জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ৭ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে অনুমোদন করে। প্রকল্পটি গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) থেকে বাস্তবায়ন করা হয়েছে। কিন্তু নির্ধারিত মেয়াদে বাস্তবায়ন সম্পন্ন করা সম্ভব হয়নি বিধায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন ২০১৫ পর্যন্ত জ্বালানী ও খনিজ সম্পদ ১০ জুলাই ২০১৪ তারিখে বৃদ্ধি করে। অতঃপর ৪টি অঙ্গের ব্যয় বৃদ্ধি ও ২টি অঙ্গের ব্যয় হ্রাসপূর্বক প্রকল্পের আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় ১ জুন ২০১৫ তারিখে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক অনুমোদিত হয়।

৬.৪ **প্রকল্পের মূল কার্যক্রম:** প্রকল্পের মূল কার্যক্রমসমূহ নিম্নরূপ:

- রূপগঞ্জ স্ট্রাকচারে ৩৭০০(১০০) মিটার গভীর ১টি অনুসন্ধান কূপ খনন;

- কূপের ড্রিল স্টীম টেস্টিং (ডিএসটি) ও কূপ পরীক্ষণ সম্পাদন; এবং
- রূপগঞ্জ স্ট্রাকচার থেকে তেল/গ্যাস আবিষ্কার।

৬.৫ প্রকল্প পরিদর্শন: আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের পরিচালক **(শক্তি)** বেগম নাসিমা মহসিন কর্তৃক গত ২৮ জুলাই ২০১৬ তারিখে প্রকল্পটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ বাপেক্সের সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

৬.৬ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য: বাপেক্সের উপ মহাব্যবস্থাপক জনাব তোফায়েল আহমেদ ১ জুলাই ২০১২ থেকে ১ মে ২০১৩ পর্যন্ত প্রকল্প ব্যবস্থাপক হিসাবে এবং ২ মে ২০১৩ থেকে ৩০ জুন ২০১৫ পর্যন্ত প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন।

৭. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

৭.১ প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নরূপ (লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	সর্বশেষ ডিপিপি অনুযায়ী		বাস্তবায়ন অগ্রগতি	
		পরিমাণ/সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	বাস্তব	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
১	ভাড়া অফিস, বাড়ী, গোডাউন, ইয়ার্ড,জমি ও ক্যাম্প সেটিং ইত্যাদি	থোক	৫.০০	থোক	১.২৬ (২৫.২০%)
২	কাস্টম, শুল্ক /ভ্যাট	থোক	৫৯৪.০০	থোক	২১৭.৮৬ (৩৬.৬৮%)
৩	টেলিফোন (ল্যান্ড ফোন ও মোবাইল বিল)	থোক	১.৪০	থোক	১.৩২ (৯৪.৯১%)
৪	পেট্রোল ও লুব্রিকেন্ট	থোক	৫০০.০০	থোক	৩৮২.৯৪ (৭৬.৫৯%)
৫	বীমা (আমদানিকৃত মালামাল ও যন্ত্রপাতির ২.৫০%)	থোক	১০২.০০	থোক	৫৬.৬৬ (৫৫.৫৫%)
৬	ব্যাংক চার্জেস (আমদানিকৃত মালামাল ও যন্ত্রপাতির ১%)	থোক	৪১.০০	থোক	১৬.৪২ (৪০.০৬%)
৭	এক্সপ্লোরেশন বীমা	থোক	৩০.০০	থোক	০.০০
৮	ষ্টেশনারী/সীলস্/ষ্ট্যাম্প	থোক	৫.০০	থোক	১.১৭ (২৩.৫৪%)
৯	প্রচার ও বিজ্ঞাপন	থোক	৮.০০	থোক	৮.০০ (১০০%)
১০	আপ্যায়ন ব্যয়	থোক	৩.০০	থোক	২.৬৮ (৮৯.৬৬%)
১১	পরিবহন ব্যয় (রিগ মোবিলাইজেশন এন্ড ডিমবিলাইজেশনসহ মালামাল পরিবহন)	থোক	১০৯.০০	থোক	৫৬.৭৮ (৫২.১০%)
১২	অনিয়মিত শ্রমিক	১০০-১৫০ জন	১৩৪.০০	১০০-১৫০ জন	১৩৩.৮৮ (৯৯.৯১%)
১৩	এপিআই ক্লাস “জি” সিমেন্ট	৩০০ মে.টন	৬৫.০০	৩০০ ম.টন	২০.১১০ (৩০.৯৪%)
১৪	সিমেন্ট এডিটিভস্	থোক	৬০.০০	থোক	৫৭.৪৩ (৯৫.৭২%)
১৫	মাড কেমিক্যাল এন্ড কমপ্লিশন কেমিক্যাল	থোক	৩৫০.০০	থোক	৩২৬.৬৪ (৯৩.৩৩%)
১৬	চিকিৎসা ব্যয়	থোক	১.০০	থোক	০.০০
১৭	ওয়ার লাইন লগিং সার্ভিস	থোক	১০০০.০০	থোক	৩৩৩.৭৮ (৩৩.৩৮%)
১৮	ডিএসটি ও প্রেডাকশন টেস্টিং সার্ভিসেস	থোক	৪০০.০০	থোক	২৮১.১৭

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	সর্বশেষ ডিপিপি অনুযায়ী		বাস্তবায়ন অগ্রগতি	
		পরিমাণ/সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	বাস্তব	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
					(৭০.২৯%)
১৯	যন্ত্রাংশসহ সিমেন্টেশন সার্ভিসেস	থোক	১৫৫.০০	থোক	১৪১.০৫ (৯১.০০%)
২০	নিরাপত্তা প্রহরী	সংখ্যা	৩৬.৬০	সংখ্যা	৩৬.৪৫ (৯৯.৫৯%)
২১	সম্মানী ভাতা/ফি/পারিশ্রমিক	থোক	২.০০	থোক	১.৯৫ (৯৭.৭৫%)
২২	সার্ভে (ইআইএ)	থোক	৭.০০	থোক	৬.৬৪ (৯৪.৯১%)
২৩	জেটি ব্যয়, সি এন্ড এফ কমিশন (আমদানিকৃত মেশিনারীজ ও কেমিক্যাল ১%)	থোক	৩৮.০০	থোক	২৯.৮২ (৭৮.৫০%)
২৪	প্রাক-শিপমেন্ট ইন্সপেকশন (পিএসআই)	থোক	২০.০০	থোক	৬.৩৯ (৩১.৯৮%)
২৫	বিবিধ ব্যয় (ফিল্ড মেসিং, কনভেয়ন্স ইত্যাদি)	থোক	৮৮.০০	থোক	৮৮.০০ (১০০%)
২৬	বিদ্যমান রাস্তা ও প্রয়োজনীয় এ্যাপ্রাচ রোড মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	২৫.০০	থোক	১০.৩৫ (৪১.৪০%)
২৭	জীপ (১২ মাস)	১টি	২০.০০	১টি	০.০০
২৮	ডাবল কেবিন পিক-আপ (১৮ মাস)	১টি	২০.০০	১টি	১২.৮৯ (৬৪.৪৭%)
২৯	মাইক্রোবাস (১২ মাস)	২টি	২৬.০০	২টি	১৩.৯৬ (৫৩.৬৯%)
৩০	কেসিং (বিভিন্ন আকারের)	থোক	১০০০.০০	থোক	৫৭৮.৩০ (৫৭.৮৩%)
৩১	ওয়েল হেড ও এক্স-মাস-ট্রি, ওয়েল হেড কন্ট্রোল প্যানেল	থোক	৩২০.০০	থোক	৩১৩.৩২ (৯৭.৯১%)
৩২	ড্রিল বিট (বিভিন্ন আকারের)	থোক	২০০.০০	থোক	১৮৮.০৩ (৯৪.০২%)
৩৩	কেসিং এর আনুষঙ্গিক উপকরণ ও লাইনার হ্যাঙ্গার	থোক	২০০.০০	থোক	১২০.৩২ (৬০.১৬%)
৩৪	ড্রিল ফ্লার হ্যান্ডলিং টুলস ও স্পেয়ার্স	থোক	১০০.০০	থোক	০.০০
৩৫	ডাউন হোল সরঞ্জাম (জার, শক সাব, মটর ও স্পেয়ার্স)	থোক	২৫০.০০	থোক	০.০০
৩৬	ওয়েল কন্ট্রোল সরঞ্জাম ও চোক ম্যানিফোল্ড স্পেয়ার্স	থোক	৫০.০০	থোক	০.০০
৩৭	রিগ ইন্সট্রুমেন্টেশন স্পেয়ার্স	থোক	৫০.০০	থোক	৪১.৭৬ (৮৩.৫৪%)
৩৮	ওয়েল সার্ভিসিং টুলস (মিলিং, ফিশিং ও সার্ভ স্পেয়ার্স ইত্যাদি)	থোক	১৫০.০০	থোক	১৪৫.০৭ (৯৬.৭২%)
৩৯	বিবিধ (রিগ ও ড্রিল কনজিউমবল, সেফটি গিয়ার্স ইত্যাদি)	থোক	২০০.০০	থোক	১৭১.২৫ (৮৫.৬৩%)
৪০	টিউবিং ও আনুষঙ্গিক উপকরণ	থোক	২০০.০০	থোক	১৪৮.৩৬ (৭৪.১৮%)

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	সর্বশেষ ডিপিপি অনুযায়ী		বাস্তবায়ন অগ্রগতি	
		পরিমাণ/সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	বাস্তব	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
৪১	ড্রিলিং যন্ত্রপাতির সার্ভিসিং এর জন্য ওয়ার্কশপ টুল, স্পেয়ার্স	থোক	২০.০০	থোক	০.০০
৪২	সেলফ্ লোডেড ক্রেন	থোক	১৩৮.০০	থোক	০.০০
৪৩	রিগের জন্য ওভারহলিং/রানিং স্পেয়ার্স ও যন্ত্রপাতি	থোক	২৫০.০০	থোক	১৫২.৬৭ (৬১.০৭%)
৪৪	বৈদ্যুতিক স্পেয়ার ও সরঞ্জাম	থোক	৩২০.০০	থোক	০.০০
৪৫	ভারী /হালকা যানবাহন, ক্রেন, ফর্ক লিফটার স্পেয়ার্স পার্টস	থোক	১৫০.০০	থোক	১১০.১৯ (৭৩.৪৬%)
৪৬	মোবাইল মাড ল্যাবরেটরী রি-এজেন্টস এবং সংশ্লিষ্ট যন্ত্রপাতি	থোক	১৫০.০০		১৩২.৫৪ (৮৮.৩৬%)
৪৭	ওয়ার্কশপের জন্য হ্যান্ডলিং টুলস্	থোক	৫০.০০	থোক	২.৪৯ (৪.৯৮%)
৪৮	টেস্টিং ম্যাটেরিয়াল ও ব্রীজ প্লাগ সংগ্রহ	থোক	৪০.০০	থোক	৩৯.৯৯ (৯৯.৯৯%)
৪৯	কমপ্লিশন ম্যাটেরিয়ালস্	থোক	১৬০.০০	থোক	০.০০
৫০	সিমেন্টিং ইউনিট রক্ষণাবেক্ষণের জন্য স্পেয়ার পার্টস ও আনুষঙ্গিক যন্ত্রপাতি	থোক	৩০.০০	থোক	২২.১৬ (৭৩.৮৭%)
৫১	গ্যাস গ্যাদারিং লাইন	৪'' ডায়া, ৫০০ মি.	৬৬.০০	৪'' ডায়া, ৫০০ মি.	৬৪.৮৪ (৯৮.২৪%)
৫২	কম্পিউটার ও যন্ত্রাংশ	৫ সেট	৩.০০	৫ সেট	২.৯৯ (৯৯.৭৪%)
৫৩	অফিস সরঞ্জাম	থোক	১.০০	থোক	১.০০ (১০০%)
৫৪	আসবাবপত্র (ফার্নিচার, ফিক্সচার, ইন্টরিয়র ডেকোরেশন)	থোক	৩.০০	থোক	২.৬০ (৮৬.৭০%)
৫৫	বৈদ্যুতিক সরঞ্জাম	থোক	২৫.০০	থোক	১১.৩০ (৪৫.২২%)
৫৬	অন্যান্য (স্থানীয়ভাব প্রস্তুতকৃত মালামাল, যন্ত্রাংশ ও স্পেয়ার্স)	থোক	৫০.০০	থোক	৪৯.৮৮ (৯৯.৭৮%)
৫৭	অগ্নিনির্বাপক সরঞ্জাম	থোক	২.০০	থোক	০.০০
৫৮	ভূমি অধিগ্রহণ/ক্রয়	৩.০৩ একর	১০০০.০০	৩.০৩ একর	৯৯৭.২০ (৯৯.৭২%)
৫৯	বিদ্যমান পুকুর মাটি খনন কাজ	১৭০০ কি.মি.	২.০০	১৭০০ কি.মি.	২.০০ (১০০%)
৬০	অভ্যন্তরীণ রাস্তা ও খনন এলাকার মেশিন কম্পেকশনসহ) ভূমি উন্নয়ন	৭৯০০ কি.মি.	৩৮.০০	৭৯০০ কি.মি.	৩০.০০ (৭৮.৯৫%)
৬১	রিগ ফাউন্ডেশন	১২৮ কি.মি.	৬৮.০০	১২৮ কি.মি.	৬৭.১৫ (৯৮.৭৬%)
৬২	অন্যান্য মেশিনারীজ ও সহায়ক ফাউন্ডেশন	১৬৬৮ বর্গ মি.	১০২.০০	১৬৬৮ বর্গ মি.	১০১.৯৮ (৯৯.৯৯%)
৬৩	খনন এলাকা ও এ্যাপ্রোচ রোড বিএফএম ও এইচবিবি কাজ	১ কি.মি.	৯৫.০০	১ কি.মি.	৬৪.৯০ (৬৮.৩২%)
৬৪	রাস্তার পাড় ও কূপ এলাকার চারদিক	১১০০ আর এম	৫.০০	১১০০ আর এম	০.০০

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	সর্বশেষ ডিপিপি অনুযায়ী		বাস্তবায়ন অগ্রগতি	
		পরিমাণ/সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	বাস্তব	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
	প্যালাসাইড				
৬৫	কাটার তারের বেড়া	১১০০ বর্গ মি.	৭.০০	১১০০ বর্গ মি.	৭.০০ (১০০%)
৬৬	পানির কূপ (পাম্প, ওভারহেড ট্যাংক, ট্যাংক টাওয়ার, পানি সরবরাহ লাইনসহ)	১ টি	২৮.০০	১ টি	২৪.৩১ (৮৬.৮২%)
৬৭	অগভীর নলকূপ	থোক	৫.০০	থোক	০.০০
৬৮	অস্থায়ী গোডাউন	থোক	১৪.০০	থোক	১০.৬৭ (৭৬.২৪%)
৬৯	মাস্টার ড্রেইন ও অন্যান্য ড্রেইন	থোক	১৩.০০	থোক	৯.৫৮০০ (৭৩.৬৯%)
৭০	বিদ্যুতায়ন কাজ এবং অফিস শেড, অনিয়মিত শ্রমিক শেড, ডাইনিং শেড, টয়লেট, সেপটিক ট্যাঙ্ক ও সোক ওয়েল সাইট নির্মাণ, ক্যারাভান ফাউন্ডেশন এবং সয়ল টেষ্ট	-	৩৬.০০	-	৩৫.৯৯ (৯৯.৯৮%)
৭১	সেমিপাকা অফিসার্স শেড, পিউবয়েল, পানির লাইন, সাবমার্সিবল পাম্প, স্যুয়ারজ লাইন, বাউন্ডারী ওয়াল মেরামত ও রক্ষণাবেক্ষণ	-	১৪.০০	-	২.১২ (১৫.২১%)
৭২	ক্যারাভান নির্মাণ	-	২০০.০০	১২ টি	১৮৪.৫৩ (৯২.২৭%)
৭৩	কামতায় বাড়ি-ঘর সংস্কার	-	৪৯.০০	৫ টি	৪৫.৪৩ (৯২.৭৩%)
	মোট :		৯৭০০.০০		৬১২৭.৫৩ (৬৩.১৭%)

৮. পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:

প্রধান প্রধান অঙ্গের বাস্তবায়ন অগ্রগতির বিবরণ:

৮.১ ভূমি অধিগ্রহণ/ক্রয়: প্রকল্পের অধীনে কূপ খননের জন্য ৯৯৭.২০ লক্ষ টাকা ব্যয়ে ৩.০৩ একর ভূমি ক্রয় করা হয়। প্রকল্প এলাকায় বিদ্যমান পুকুরে ১৭০০ কিউবিক মিটার মাটি খনন এবং ৭৯০০ কিউবিক মিটার ভূমি উন্নয়ন সম্পন্ন করা হয়;

৮.২ রূপগঞ্জ স্টাকচারে কূপ খনন: রূপগঞ্জ স্ট্রাকচারটি দেশের ২৩টি ব্লকের মধ্যে ৯ নম্বর ব্লকের উত্তর পশ্চিম অংশে অবস্থিত। এ স্ট্রাকচারের প্রধান স্টাকচারটি কামতার ১ নম্বর কূপের ৪.৫ কিঃমিঃ দক্ষিণে, মেঘনা গ্যাস ফিল্ডের ২৭ কিঃমিঃ উত্তর-পশ্চিমে এবং নরসিংদী গ্যাস ফিল্ডের ২৭.৫ কিঃমিঃ পশ্চিমে অবস্থিত। ২০০৯-১০ সালে নারায়ণগঞ্জ জেলায় বাপেক্স কর্তৃক ১০৯ লাইন কিলোমিটারের ৩০ ফোল্ডের ২ডি সাইসমিক সার্ভে সম্পাদন করা হয়। উক্ত সার্ভের পরিপ্রেক্ষিতে অনুমান করা হয় যে রূপগঞ্জ স্ট্রাকচারে ০.২০৩ ট্রিলিয়ন ঘনফুট গ্যাসের মজুদ রয়েছে যার মধ্যে উত্তোলনযোগ্য মজুদের পরিমাণ ০.১৪২ ট্রিলিয়ন ঘনফুট।

৮.৩ রূপগঞ্জ স্ট্রাকচারের বিস্তারিত পেট্রোলিয়াম-ভূতাত্ত্বিক বিশ্লেষণের সন্তোষজনক ফলাফলের পর বাপেক্স কর্তৃক রূপগঞ্জ ১ নম্বর কূপ খনন কার্যক্রম শুরু করা হয়। প্রকল্প পরিচালক জানান ডিপিপি'র নির্ধারিত ৩৭০০(+) মিটারের মধ্যে ৩৬১৫ মিটার গভীরতা পর্যন্ত খনন সমাধা করা হয়। পরবর্তীতে খননকৃত কূপ বরাবর বাপেক্স wireline logging পরিচালনা ও নমুনা rock সংগ্রহ করে যার ভিত্তিতে উক্ত এলাকার ভূতাত্ত্বিক গঠন সম্পর্কে সম্যক জ্ঞান পাওয়া সম্ভব হবে এবং ভবিষ্যতে নতুন গ্যাস ক্ষেত্র আবিষ্কারের অনুকূলে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করবে বলে জানা যায়;

৮.৪ **কূপের টেস্টিং/কমপ্লিশন সম্পাদন ও তেল/গ্যাস আবিষ্কার:** wireline logging এর মাধ্যমে সংগৃহীত উপাত্ত বিশ্লেষণ করার পর ২টি DST পরিচালনা করা হয় এবং খননকার্যের ৩৩৩০ মিটার গভীরে গ্যাসের মজুদ আবিষ্কার করা হয়। অনুমান করা হয় যে এ গ্যাস ক্ষেত্রে ৪৮ বিলিয়ন কিউবিক ফিট গ্যাস মজুদ আছে এবং ১০ এমএমসিএফডি গ্যাস উত্তোলন করা সম্ভব হবে;

৮.৫ প্রকল্প পরিচালক জানান যে জাতীয় জ্বালানী পলিসি অনুসারে নিজস্ব অর্থায়ন দ্বারা প্রতি বছর ন্যূনতম ৪টি অনুসন্ধান ও ড্রিলিং কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। উক্ত পলিসির সঙ্গে সঙ্গতি রেখে বাপেক্সের নিজস্ব অর্থায়ন দ্বারা আলোচ্য গ্যাস ক্ষেত্রে ড্রিলিং কার্যক্রম সম্পন্ন করা হয়;

৮.৬ পরিদর্শনকালে জানা যায় যে প্রকল্পটি জুলাই ২০১২ থেকে ৩০ জুন ২০১৪ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। কিন্তু বাস্তবে প্রকল্পের ডিপিপি ৭ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে অনুমোদিত হয়। অর্থাৎ বাস্তবায়ন মেয়াদ শুরুর ৭ মাস পর ডিপিপি অনুমোদিত হয়। বাস্তবায়ন শুরুর সময় ডিপিপি অনুমোদিত না হওয়ার কারণে বাজেট বরাদ্দের অর্থ অবমুক্ত করা সম্ভব হয়নি এবং সে কারণে প্রকল্পের মূল অঙ্গসমূহের বাস্তবায়ন কাজ শুরু করা যায়নি। পরবর্তীতে এ বিলম্বের কারণে প্রকল্পের বাস্তবায়ন বিলম্বিত হয় ও বাস্তবায়ন মেয়াদ ১ বছর বৃদ্ধি করতে হয়; এবং

৮.৭ এ প্রকল্পের খনন কার্যক্রমের জন্য IPS Cardwell রিগ ব্যবহারের কথা থাকলেও সে সময় রিগটি অন্যত্র কাজে অধিকৃত ছিল। পরবর্তীতে ৩০ বছরের পুরাতন IDECO রিগ দ্বারা খনন কার্যক্রম সম্পন্ন করা হয়। ৩০ বছরের পুরাতন এ রিগটি সচল রাখার জন্য আর্থ ব্যয়ে রক্ষণাবেক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হয়। এ কারণে সময়ে সময়ে বাস্তবায়ন কার্যক্রম ব্যাহত হয়েছে;

৮.৮ এ প্রকল্পের খনন কার্যক্রমের সময় বাপেক্সের অধিকাংশ ড্রিলিং জ্ঞান সম্পন্ন জনবল ফেঞ্চুগঞ্জের ৫ নম্বর কূপ, তিতাসের ২১ নম্বর কূপ ও বাখরাবদের ৫ নং কূপ খনন কার্যে নিয়োজিত ছিল বিধায় এ প্রকল্পের খনন কার্যক্রম শুরু করতে বিলম্ব হয়েছে বলে প্রকল্প পরিচালক জানান।

৯. প্রকল্প সংশ্লিষ্ট স্থির চিত্র: প্রকল্প সংশ্লিষ্ট ৩ (তিন) টি স্থির চিত্র নিম্নে প্রদান করা হলো:-



চিত্র-১: রূপগঞ্জ গ্যাস ক্ষেত্রের খননকৃত ১ নম্বর কূপ।



চিত্র-২: রূপগঞ্জ গ্যাস প্ল্যান্টের সেপারেটর।



চিত্র-৩: রূপগঞ্জ গ্যাস ক্ষেত্রের তিতাস গ্যাস কর্তৃক সরবরাহ লাইনের সংযোগস্থল।

১০. প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য:

ক্রমিক নম্বর	কাজের নাম/প্যাকেজের নাম	দরপত্র আহবানের তারিখ (পত্রিকার নাম)	-চুক্তি স্বাক্ষরের তারিখ - চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ - বাস্তবে কার্য সম্পাদনের তারিখ - চুক্তি মূল্য -পরিশোধিত মূল্য
১	২	৩	৪
১।	মাড ক্যামিক্যালস রি-এজেন্টস এন্ড এপেরাটাস	২৬ নভেম্বর ২০১২	-১১/৪/২০১৩ -১০/৬/২০১৩ -৭/৯/২০১৩ -৩৩৪.৯৬৬৪৭ -৩২৬.৬৪
২।	ওয়ার লাইন লগিন সার্ভিস	২৭ আগস্ট ২০১৩	-২৮/৪/২০১৪ -৩১/১২/২০১৪ -৪/৭/২০১৪ -৩৯৩.৪৭২৮৫ -৩৩৩.৭৮
৩।	কেসিং (বিভিন্ন সাইজ)	৩১ অক্টোবর ২০১২	-২২/৪/২০১৪ -৩১/১২/২০১৪ -৪/৭/২০১৪ -৫৯৫.৫৪৮০১৯৫ -৫৭৮.৩০
৪।	ওয়েল হেডস্ এন্ড এক্স-মাস ট্রি। ওয়েল হেড কন্ট্রোল প্যানেল	৬ মার্চ ২০১৩	-১৮/১১/২০১৩ -২৪/২/২০১৩ -৮/২/২০১৫ -৩১৩.২৩৫ -৩১৩.২৩
৫।	ডিএসটি	১৩ মে ২০১৩	-১৬/২/২০১৪ -৩০/১/২০১৪ -১/৬/২০১৪ -৩২৩.০৮৯ -২৮১.১৭

১১. প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
ক) রূপগঞ্জ স্ট্রাকচারে ৩৭০০(+১০০) মিটার গভীরতাসম্পন্ন ১টি অনুসন্ধান কূপ খনন;	ক) রূপগঞ্জ স্ট্রাকচারে ৩৬১৫ মিটার গভীরতাসম্পন্ন ১টি অনুসন্ধান কূপ খনন করা হয়েছে;
খ) কূপ খনন শেষে কূপের ডিএসটি ও কূপ পরীক্ষণ সম্পাদন; এবং	খ) কূপ খনন শেষে কূপের ২টি ডিএসটি ও কূপ পরীক্ষণ সম্পন্ন করা হয়েছে; এবং
গ) রূপগঞ্জ স্ট্রাকচার থেকে তেল/গ্যাস আবিস্কার।	গ) রূপগঞ্জ স্ট্রাকচার থেকে গ্যাস আবিষ্কার করা হয়েছে।

১২. অডিট সংক্রান্ত তথ্য : ২০১২-২০১৩ থেকে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত ৩ দফায় External অডিট সম্পন্ন করা হয়েছে। ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থবছরে কোন আপত্তি উত্থাপিত হয়নি। ২০১৪-১৫ অর্থ বছরে ২টি অডিট আপত্তি উত্থাপিত হয়। আপত্তি ২টি নিষ্পত্তিকরণ প্রক্রিয়াধীন আছে বলে জানা যায়।

১৩. সমস্যা:

১৩.১ ডিপিপি প্রণয়নে বিলম্ব: প্রকল্পের মেয়াদ শুরুর ৭ মাস পর ডিপিপি অনুমোদিত হয়। এ কারণে বাজেট বরাদ্দের অর্থ অবমুক্ত করা যায়নি এবং প্রকল্পের মূল অঙ্গসমূহের কাজ শুরু করা যায়নি (অনুচ্ছেদ ৯.৬);

১৩.২ খনন কাজের জন্য রিগের অপ্রাপ্যতা: রূপগঞ্জ গ্যাস ক্ষেত্রে পূর্ব নির্ধারিত IPS Cardwell রিগটি সময়মত না পাওয়ার কারণে IDECO এর ৩০ বছরের পুরাতন রিগ দ্বারা খনন কার্যক্রম শুরু করা হয়। পুরাতন এ রিগের কারণে সময়ে সময়ে খনন কার্যক্রম ব্যাহত হয়েছে (অনুচ্ছেদ ৯.৭);

১৩.৩ ড্রিলিং জ্ঞানসম্পন্ন কারিগরি জনবলের অপ্রাপ্যতা: রূপগঞ্জ গ্যাস ক্ষেত্রের খনন কার্যক্রমের সময় বাপেক্সের ড্রিলিং জ্ঞানসম্পন্ন অধিকাংশ জনবল অন্যত্র ড্রিলিং কাজে নিয়োজিত ছিল বিধায় প্রকল্পের ড্রিলিং কার্যক্রম শুরু করতে বিলম্ব হয়েছে। ফলে বাস্তবায়ন ব্যাহত হয়েছে (অনুচ্ছেদ ৯.৭); এবং

১৩.৪ অনিষ্পন্ন অডিট আপত্তি: ২০১৪-১৫ অর্থবছরে External অডিট কর্তৃপক্ষ কর্তৃক উত্থাপিত ২টি অডিট আপত্তি এখনও অনিষ্পন্ন অবস্থায় আছে (অনুচ্ছেদ ১২)।

১৪. সুপারিশ:

১৪.১ প্রকল্প অনুমোদনকালে বাস্তবসম্মতভাবে প্রকল্পের মেয়াদ (শুরুসহ) নির্ধারণে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ সচেষ্ট থাকবে। বাস্তবায়নকারী সংস্থা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে এ বিষয়ে নিবিড়ভাবে যোগাযোগ/সমন্বয় রক্ষা করবে (অনুচ্ছেদ ১৩.১);

১৪.২ প্রকল্পের বাস্তবায়ন শুরুর পূর্বে রিগের প্রাপ্যতা নিশ্চিত করে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা ড্রিলিং কার্যক্রম শুরু করবে। বাস্তবায়নকারী সংস্থা বছরের প্রথমার্ধে রিগ বরাদ্দ বিষয়ে প্রয়োজনে একটি সময়সূচী প্রণয়ন করতে পারে এবং প্রয়োজনে রিগের সংখ্যা বৃদ্ধি করতে পারে (অনুচ্ছেদ-১৩.২);

১৪.৩ একইসময়ে বিভিন্ন গ্যাস ক্ষেত্রে ড্রিলিং কার্যক্রম পরিচালনা করার ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক জনবল যথাসময়ে নিয়োজিত করার বিষয়টি বাস্তবায়নকারী সংস্থা নিশ্চিত করবে। বাস্তবায়নকারী সংস্থা জনবলের ঘাটতি পূরণের জন্য প্রয়োজনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারে (অনুচ্ছেদ-১৩.৩);

১৪.৪ মন্ত্রণালয়/সংস্থা রূপগঞ্জ গ্যাস ক্ষেত্র থেকে সংগৃহীত ভূতাত্ত্বিক উপাত্ত/তথ্য যথাযথ বিশ্লেষণের মাধ্যমে ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণ করবে (অনুচ্ছেদ-৯.৩);

১৪.৫ জাতীয় জ্বালানী পলিসি অনুসারে নিজস্ব অর্থায়ন দ্বারা প্রতি বছর ন্যূনতম ৪টি ড্রিলিং কার্যক্রম সম্পন্নের বিষয়ে বাপেক্স সচেষ্ট থাকবে (অনুচ্ছেদ-৯.৫);

১৪.৬ সকল অডিট আপত্তি নিষ্পন্নের বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা দ্রুত ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ-১৩.৪); এবং

১৪.৪ অনুচ্ছেদ ১৪.১-১৪.৬ এর আলোকে গৃহীত ব্যবস্থাদির বিষয়ে যথাশীঘ্র আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

বাপেক্সের ৫ (পাঁচ)টি কূপ খনন শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৫)

১। **প্রকল্পের নাম** : বাপেক্সের ৫ (পাঁচ)টি কূপ খনন

২। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৩। **বাস্তবায়ন সংস্থা** : বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স), পেট্রোবাংলার একটি কোম্পানী।

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃতব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের%)
মূল সর্বমোট টাকা (বৈ:মু:)	সর্বশেষ সংশোধিত সর্বমোট টাকা (বৈ:মু:)	সর্বমোট টাকা (বৈ:মু:)	মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
*১০১৩৯৭.০০ ১০১৩৯৭.০০ (৮২৩৩১.৩২)	১০১৩৯৭.০০ ১০১৩৯৭.০০ (৭৯৩১৭.৩২)	৯১৩৩১.১০ ৯১৩৩১.১০ (৭০৩৮৫.৬০)	মার্চ,২০১২ হতে ফেব্রুয়ারি,২০১৪	মার্চ,২০১২ হতে জুন,২০১৫	মার্চ,২০১২ হতে জুন,২০১৫	(-) ১০০৬৫.৯০** (৯.৯২%)	১৬ মাস (৬৬.৬৬%)

*প্রকল্পের সমুদয় অর্থ গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) হতে ঋণ হিসেবে গ্রহণ করা হয়েছে।

** প্রকল্পের অনুকূলে প্রকৃত ব্যয় মূল প্রাক্কলিত ব্যয়ের চেয়ে ১০০৬৫.৯০ লক্ষ টাকা কম হয়েছে।

৫। **প্রকল্পের অবস্থান** :

বিভাগ	জেলা	উপজেলা
চট্রগ্রাম	নোয়াখালী	বেগমগঞ্জ
চট্রগ্রাম	খাগড়াছড়ি	মানিকছড়ি
চট্রগ্রাম	কুমিল্লা	মুরাদনগর
বরিশাল	ভোলা	চর বোরহানউদ্দীন

৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন** : পিসিআর অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি (সংযুক্তি-ক তে সংযুক্ত রয়েছে)।

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ** : প্রকল্প সমাপ্ত প্রতিবেদন এবং প্রকল্প পরিচালক কর্তৃক প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৮। **প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য :**

৮.১। প্রকল্পের পটভূমি :

দেশের প্রাকৃতিক গ্যাসের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে গ্যাস উৎপাদনে ঘাটতি আছে। এ ঘাটতি পূরনের লক্ষ্যে রাশিয়া ফেডারেশনের জাতীয় প্রতিষ্ঠান GAZPROM EP, International রাশিয়ার মাধ্যমে মোট ১০টি কূপ খননের উদ্যোগ নেয়া হয়। এর মধ্যে জিওবি অর্থায়ন "আগমেন্টেশন অব গ্যাস প্রোডাকশন আন্ডার ফাস্ট ট্রাক প্রোগ্রাম " শীর্ষক প্রকল্পের আওতায় তিতাস গ্যাস ফিল্ডে চারটি ও রশিদপুর গ্যাস ফিল্ডে একটি কূপ খননের কার্যক্রম চলমান রয়েছে। এরই ধারাবাহিকতায় গ্যাস উন্নয়ন তহবিলের (জিডিএফ) অর্থায়নে বাপেক্সের আওতাধীন গ্যাস ক্ষেত্রসমূহে অপর পাঁচটি কূপ খননের লক্ষ্যে আলোচ্য প্রকল্প বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়। মূল প্রকল্পটি গত ১৪ জুন, ২০১২ তারিখে অনুমোদিত হয়।

৮.২। **প্রকল্পের উদ্দেশ্য:**

দেশের ক্রমবর্ধমান প্রাকৃতিক গ্যাসের চাহিদা মেটানোর লক্ষ্যে গ্যাস উৎপাদন বৃদ্ধির জন্য বাপেক্সের বিভিন্ন গ্যাস ক্ষেত্রে পাঁচটি কূপ খনন করা।

প্রকল্পের প্রধান কার্যক্রম সমূহঃ

(ক) ডিরেকশনাল ড্রিলিং পদ্ধতিতে শাহবাজপুর ৩ ও ৪ নং কূপ খনন করা (খনন গভীরতা ৩৯০০ মিটার ±১০০ মিটার);

(খ) ভার্টিকাল ড্রিলিং পদ্ধতিতে বেগমগঞ্জ ৩ নং কূপ খনন করা (খনন গভীরতা ৩৬০০ মিটার ± ৫০ মিটার);

(গ) ডিরেকশনাল ড্রিলিং পদ্ধতিতে সেমুতাং ৬ নং কূপ খনন করা (খনন গভীরতা ২৯৬০ মিটার ৫০ ± মিটার);

(ঘ) ডিরেকশনাল ড্রিলিং পদ্ধতিতে শ্রীকাইল ৩ নং কূপ খনন করা (খনন গভীরতা ৩৬৩০ মিটার ± ১০০ মিটার);

(ঙ) উক্ত কূপসমূহ খননের পর কূপ সম্পাদনকরণ ও টেস্টিং।

৯। **প্রকল্প অনুমোদন**:

আলোচ্য প্রকল্পটি গত ১৪/০৬/২০১২ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক মোট ১০১৩৯৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত (সম্পূর্ণ জিওবি (জিডিএফ)) ব্যয়ে মার্চ, ২০১২ হতে ফেব্রুয়ারী, ২০১৪ মেয়াদকালে অনুমোদিত হয়। গত ১২/০২/২০১৪ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ ১ম বার ফেব্রুয়ারী, ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়। গত ০৮/০১/২০১৫ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ ২য় বার জুন, ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে গত ২৭/০৪/২০১৫ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ১০১৩৯৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ, ২০১২ হতে জুন, ২০১৫ মেয়াদকালে আলোচ্য প্রকল্পটি অন্তঃখাত সমন্বয়ের প্রশাসনিক অনুমোদন দেয়া হয়।

১০। **প্রকল্পের অর্থায়ন** :

ক) জিওবি (গ্যাস উন্নয়ন তহবিল(জিডিএফ)): (লক্ষ টাকা)

মোট	ঋণ *	অনুদান	Cash Foreign Exchange
(১)	*(২)*	*(৩)*	*(৪)*
১০১৩৯৭.০০	১০১৩৯৭.০০	-	৭৯৩১৭.৩২

*বাপেক্স কর্তৃক আলোচ্য প্রকল্পের অনুকূলে ঋণ করা হয়েছে।

১১। **প্রকল্পের সার্বিক অগ্রগতি:**

প্রকল্পটির সর্বমোট প্রাক্কলিত ব্যয় ১০১৩৯৭.০০ লক্ষ টাকা। পিসিআর অনুযায়ী প্রকল্পের সার্বিক আর্থিক অগ্রগতি ৯১৩৩১.১০ লক্ষ টাকা যা মোট প্রাক্কলিত ব্যয়ের ৯০.০৭%। প্রকল্প সমাপ্ত প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত না থাকায় প্রকল্পের সার্বিক ভৌত অগ্রগতি ১০০%।

১২। **পর্যবেক্ষণ**:

১২.১। GAZPROM EP, International রাশিয়ার মাধ্যমে বাপেক্সের বিভিন্ন গ্যাস ক্ষেত্রে পাঁচটি কূপ খনন করা হয়েছে, যার মধ্যে শ্রীকাইল ৩ নং কূপ, বেগমগঞ্জ ৩ নং কূপ এবং সেমুতাং ৬ নং কূপ তিনটি আইএমই বিভাগ কর্তৃক পরিদর্শন করা হয়। পিসিআর এবং প্রকল্প পরিচালক কর্তৃক প্রদেয় তথ্যানুযায়ী কূপ পাঁচটির অবস্থা নিম্নে উল্লেখ করা হলোঃ

(ক) শ্রীকাইল ৩ নং কূপঃ শ্রীকাইল ৩ নং কূপটি ৩৩৫০ মিটার গভীর পর্যন্ত খনন করা হয়েছে। ডিরেকশনাল ড্রিলিং করার পর কূপের টেস্টিং করার জন্য তিনটি গ্যাস বিয়ারিং জোন সনাক্ত করা হয়। গত ১৮/০৭/২০১৩ তারিখ হতে এ কূপ থেকে দৈনিক প্রায় ২১ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন করা হচ্ছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

(খ) বেগমগঞ্জ ৩ নং কূপঃ বেগমগঞ্জ ৩ নং কূপটি ৩৫৬৫ মিটার গভীর পর্যন্ত খনন করা হয়েছে। গত ০৩/০৩/২০১৫ তারিখে এ কূপ হতে দৈনিক ৭ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন করা হয়। কিন্তু তিন (০৩) মাস গ্যাস উৎপাদনের পর এ কূপটি হতে পানি উৎপাদিত হওয়ায় এবং উৎপাদিত গ্যাসের চাপ কমে যাওয়ায় কূপটি বাতিল করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

(গ) সেমুতাং ৬ নং কূপঃ সেমুতাং ৬ নং কূপটি ৩০৩২ মিটার গভীর পর্যন্ত খনন করা হয়েছে। গত ১২/০৪/২০১৪ তারিখে এ কূপ হতে দৈনিক ৬ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন করা হয়। কিন্তু চার (০৪) মাস গ্যাস উৎপাদনের পর এ কূপ হতে উৎপাদিত গ্যাসের চাপ কমে যাওয়ায় কূপটি বাতিল করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

(ঘ) শাহবাজপুর ৩ নং কূপঃ শাহবাজপুর ৩ নং কূপটি ৩৯০২ মিটার গভীর পর্যন্ত খনন করা হয়েছে। এ কূপ থেকে দৈনিক প্রায় ২০.৫ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন করা হচ্ছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

(ঙ) শাহবাজপুর ৪ নং কূপঃ শাহবাজপুর ৪ নং কূপটি ৩৮০৫ মিটার গভীর পর্যন্ত খনন করা হয়েছে। কূপটি ডিরেকশনাল ড্রিলিং করা হয়েছে এবং ড্রিলিং এর গভীরতা ৩৮০৫ মিটার (MD)। ২৯১৫-২৯২২ মিটার গভীরতায় নতুন হাইড্রোকার্বন জোন পাওয়া গেছে। কূপটি পরীক্ষা করার সময় সর্বোচ্চ ৩০ এমএমএসসিএফডি (MMSCFD) প্রবাহ পরিলক্ষিত হয়েছে। গত ১৬/০৫/২০১৫ তারিখ হতে এ কূপ থেকে দৈনিক প্রায় ২২ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন শুরু করা হয়। কিন্তু চার (০৪) মাস গ্যাস উৎপাদনের পর এ কূপ হতে উৎপাদিত গ্যাসের চাপ কমে যাওয়ায় কূপটি বাতিল করা হয়েছে। তবে কূপটি ওয়ার্কওভার করে এ কূপ হতে দৈনিক ২০ এমএমএসসিএফডি (MMSCFD) উৎপাদন সম্ভব মর্মে প্রকল্প পরিচালক জানান।

১২.২। প্রকল্পের Audit সংক্রান্ত তথ্যঃ পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী কোন অডিট আপত্তি নেই।

১২.৩। প্রকল্প এলাকায় সাইট পরিদর্শন বই পাওয়া যায়নি।

১২.৫ প্রকল্প এলাকায় খননকৃত কূপসমূহের কতিপয় স্থিরচিত্রঃ

	
চিত্র-শ্রীকাইল ৩ নং কূপ	চিত্র- শ্রীকাইল ৩ নং কূপ

	
চিত্র- বেগমগঞ্জ ৩ নং কূপ	চিত্র- সেমুতাং ৬ নং কূপ

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নিম্নবর্ণিত প্রকল্প পরিচালক প্রকল্পের দায়িত্ব পালন করেছেন।

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	দায়িত্বের ধরন	সময়কাল
1	Md. Abdul Halim	General Manager & Project Director	Full Time	14-08-2012 হতে প্রকল্প সমাপ্ত পর্যন্ত

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
দেশের ক্রমবর্ধমান প্রাকৃতিক গ্যাসের চাহিদা মেটানোর লক্ষ্যে গ্যাস উৎপাদন বৃদ্ধির জন্য বাপেক্সের বিভিন্ন গ্যাস ক্ষেত্রে পাঁচটি কূপ খনন করা	বাপেক্সের বিভিন্ন গ্যাস ক্ষেত্রে পাঁচটি কূপ খনন করা হয়েছে। তবে পাঁচটি কূপের মধ্যে দুটি কূপ হতে বর্তমানে গ্যাস উৎপাদিত হচ্ছে এবং তিনটি কূপ হতে তিন থেকে চার মাস গ্যাস উৎপাদনের পর কূপগুলো বাতিল করা হয়েছে। ফলে প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী আশানরূপ গ্যাস উৎপাদন বৃদ্ধি সম্ভব হয়নি মর্মে প্রতিয়মান হয়।

১৫.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য(পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী)ঃ

Description of procurement (goods /works Consultancy) as per bid Document	Tender/Bid/ Proposal Cost		Tender / Bid/Proposal of works /services and supply of goods		Date of completion	
	As per DPP	Contract Value	Invitation date	Contract signing/L.C Opening date	As per Contract	Actual
1	2	3	4	5	6	7
Engineering Equipment :	-	-	-	-	-	-
Gas gathering pipe line, associated Accessories with related works etc (12 K.M.)	1200.00	588.96885	15.01.2013	24-10-2013 18-11-2013	27-03-2014	24-04-2014

১৬। সুপারিশ/মন্তব্য :

১৬.১ বাপেক্সের বিভিন্ন গ্যাস ক্ষেত্রে মোট পাঁচটি কূপ খনন করা হয়েছে। তবে পাঁচটি কূপের মধ্যে দুটি কূপ হতে বর্তমানে গ্যাস উৎপাদিত হচ্ছে এবং অপর তিনটি কূপ হতে উৎপাদিত গ্যাসের চাপ কমে যাওয়ায় কূপ তিনটি বর্তমানে বাতিল করা হয়েছে। ভবিষ্যতে থ্রী -ডি সাইসমিক সার্ভের তথ্যসহ অন্যান্য তথ্যাদির কারিগরী বিশ্লেষণ ও ইন্টারপ্রিটেশন ইত্যাদি প্রয়োজনে আন্তর্জাতিক পরামর্শকের সহায়তা নিয়ে বাপেক্স কর্তৃক সুষ্ঠভাবে সম্পাদন করে তার ভিত্তিতে নির্নিত ফলাফলে র আলোকে কূপ খননের প্রকল্প হাতে নিতে হবে ;

১৬.২ BAPEX এর কূপ খননে যথেষ্ট সক্ষমতা এবং প্রয়োজনীয় রিগসহ আনুষঙ্গিক যন্ত্রপাতি আছে। তাই ভবিষ্যতে কূপ খননে রাষ্টীয় প্রতিষ্ঠান BAPEX-কে সম্পৃক্ত করতে হবে;

১৬.৩ প্রকল্পটি সমাপ্ত হওয়ার ১৪ মাস পর প্রকল্প সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। ভবিষ্যতে প্রকল্প সমাপ্ত হওয়ার ০৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন আইএমই বিভাগে প্রেরণ করতে হবে;

১৬.৪ ভবিষ্যতে প্রকল্প এলাকায় সাইট পরিদর্শন বই সংরক্ষণ করতে হবে এবং

১৬.৫ সুপারিশ অনুচ্ছেদ ১৬.১-১৬.৩ এর আলোকে গৃহীত ব্যবস্থা যথাশীঘ্র আইএমইডিকে অবহিত করতে হবে।

সংযুক্তি –ক

বাপেক্সের ৫ (পাঁচ)টি কূপ খনন শীর্ষক প্রকল্পের অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি (পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী)

(লক্ষ টাকায়)

Economic Code	**Items of work (as per DPP)**	**Unit**	**Target as per DPP (Latest Revised / Inter component adjustment)**		**Actual Progress**		**Reasons for deviation (±)**
			Financial	**Physical % (Quantity)**	**Financial**	**Physical % (Quantity)**	
1	2	3	4	5	6	7	8
	Allowances:						
4800	**Supplies & Services**						
4801	Traveling Expenditure	-	6.00	100.00	5.87	100.00	
4813	Taxes	-	18979.93	100.00	18155.52	100.00	
4821	Electricity Supply, connection etc.	-	10.00	100.00	6.91	100.00	
4824	Charge for bank, bima, port ect.	-	1820.00	100.00	1819.19	100.00	
4828	Office Stationary for Project office (Toners, pens, papers, seals, stamps, photocopy etc.)	-	2.00	100.00	1.91	100.00	-
4833	Announcement Advertisements etc.	-	3.00	100.00	2.84	100.00	
4845	Entertainment Cost	-	3.00	100.00	2.31	100.00	
4846	Transportation Cost.	-	-	100.00	-	100.00	
	Transfer of materials to site.	-	9.15	100.00	-	100.00	
4851	Casual Labour	-	18.00	100.00	17.86	100.00	

(লক্ষ টাকায়)

Economic Code	Items of work (as per DPP)	Unit	Target (Latest Revised / Inter component adjustment)		Actual Progress		Reasons for deviation (±)
			Financial	Physical % (Quantity)	Financial	Physical % (Quantity)	
1	2	3	4	5	6	7	8
4883	Honorarium for tender Evaluation.	-	2.00	100	1.42	100	Drilling of 05 wells completed. As per DPP physical work completed 100%, But due to fall of US$ exchange rate by cost was reduced.
4886	Environmental Impact Assessment (IEE, EIA) etc.	-	25.00	100	9.88	100	
4899	**Other cost**	-					
	i) Drilling operation Services (Drilling services including all materials & all engineering services, rig mobilization-demobilization, civil work etc.	-	76217.32 (76217.32)	100	69796.63 (69796.63)	100	
	ii) Replacement cost for down-hole tool /equipment in case of lost –in-hole (if any). (ii) Replacement cost for damaged / lost in-hole of drilling string, down hole equipment/ tools third party engineering services etc).	-	2000.00 (2000.00)	100	-	-	As these was no lost in hole
	Sub Total (Revenue Component)	-	**99095.40 (78217.32)**	-	**89820.34 (69796.63)**	-	

(লক্ষ টাকায়)

Economic Code	Items of work (as per DPP)	Unit	Target (Latest Revised / Inter component adjustment)		Actual Progress		Reasons for deviation (±)
			Financial	Physical % (Quantity)	Financial	Physical % (Quantity)	
1	2	3	4	5	6	7	8
6800	**(b) Capital Component** :						
6899	**Acquisition of Assets**						
6807	Hiring of jeep (4WD 01 no. for 18 month.	Nos	30.60	01 nos.	29.98	(01 nos.)	
	Engineering Equipment	-	-	-	-	-	Due to fall oil price in international market we got low cost tender.
6814	Gas gathering pipe line, associated Accessories with related works etc (12 K.M.)		1200.00 (1000.00)	12km	588.97 (578.68)	100	
6815	Computer and Accessories with Printer, Scanner, UPS Cartridge & other Accessories 7no.)	No	5.00	07 nos	3.32	04 Nos.	3 sets was no required.
6819	Office Equipment (Fax machine Internet modem, Calculator, photocopier etc.)	No	2.00	100	1.78	100	We used some Bapex furniture, So need not to buy all furniture.
6821	Furniture (Furniture, Fixture, Interior Decoration).	No	5.00	100	1.78	100	
6827	Electrical Spares & equipment (Electrical bill, transformer, electric cable).	-	10.00	100	6.46	100	
	Land Requisition/ Acquisition						Some spare parts were used from Bapex stock.
6901	i) Land Acquisition-4.78 Acore or 1.93 Heelers - for Begumgonj # 3, considering Tk. 50,000,00/- Acre including compensation & damages.	Acores	324.00	100	324.00	100	

(লক্ষ টাকায়)

Economic Code	Items of work (as per DPP)	Unit	Target (Latest Revised / Inter component adjustment)		Actual Progress		Reasons for deviation (±)
			Financial	Physical % (Quantity)	Financial	Physical % (Quantity)	
1	2	3	4	5	6	7	8
	ii) Land Acquisition-3.00 Acore or 1.2145 Hector For Semutang -6 considering Tk. 50,000,00/- acre including compensation & damages.	Acores	15.00	100	15.00	100	
7000	Civil Construction(LGED & PWD rate- 2009 for Bapex)	-		-	-	-	
7001	Land Development (23046Cu.M @ 0.001 Lakh / Cu.M.) by BAPEX	-	25.00	100	25.00	100	
7016	Infrastructure Development	-	585.00	100	514.46	100	
7981	Price Contingency	-	100. 00 (100.00)	100	-	-	
	Sub Total (Capital)	-	**2301.60 (1100.00)**	-	1510.75 (588.97)	-	
	Total (Revenue + Capital Component)	-	**101397.00 (79317.32)**	-	91331.10 (70385.60)	-	

বিবিয়ানা-ধনুয়া গ্যাস সঞ্চালন পাইপলাইন (২য় সংশোধিত)শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন ২০১৫)

(নিজস্ব তহবিলে বাস্তবায়িত)

১. প্রকল্পের নাম : বিবিয়ানা-ধনুয়া গ্যাস সঞ্চালন পাইপলাইন (২য় সংশোধিত)

২. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

৩. বাস্তবায়নকারী সংস্থা : পেট্রোবাংলার আওতাধীন গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

৪. প্রকল্প এলাকা : হবিগঞ্জ জেলার নবীগঞ্জ, বানিয়াচং, আজমিরীগঞ্জ উপজেলা, কিশোরগঞ্জ জেলার সদর, ইটনা, মিঠামইন, নিকলী, করিমগঞ্জ, পটিয়াদী ও পাকুন্দিয়া উপজেলা, ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা এবং গাজীপুর জেলার শ্রীপুর উপজেলা

৫. প্রকল্পের ব্যয় ও বাস্তবায়ন কাল :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট (প্র: সা:)	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল (প্র: সা:)	সর্বশেষ সংশোধিত (প্র: সা:)		মূল	সর্বশেষ সংশোধিত			
১৬৫০৩১.০০	১৭০৯৭৭.০০	১৫৫১৫৫.৭৫	১ এপ্রিল ২০১১ থেকে ৩০ জুন ২০১৩	১ এপ্রিল ২০১১ থেকে ৩০ জুন ২০১৫	১ এপ্রিল ২০১১ থেকে ৩০ জুন ২০১৫	-৯৮৭৫.২৫ (মূল ব্যয় অপেক্ষা ৫.৯৮% কম ব্যয় হয়েছে)	২ বছর (৮৮.৯২%)

৬. সাধারণ পর্যবেক্ষণ :

৬.১ পটভূমি : দেশে গ্যাস উৎপাদন যথাশীঘ্র বৃদ্ধির লক্ষ্যে সরকারি মালিকানাধীন গ্যাস ফিল্ডসমূহের উৎপাদন বৃদ্ধির কার্যক্রম ছাড়াও পিএসসি চুক্তির অধীনে পেট্রোবাংলার আওতায় নিয়োজিত আইওসি শেভরন লিমিটেড কর্তৃক তাদের পরিচালনাধীন বিবিয়ানা, জালালাবাদ ও মৌলভীবাজার গ্যাস ক্ষেত্রসমূহের বিদ্যমান উৎপাদন ক্ষমতা দৈনিক ৯০০ মিলিয়ন ঘনফুটের স্থলে ২০১২ সালের শেষ নাগাদ ১৪০০-১৫০০ মিলিয়ন ঘনফুট ও ২০১৫ সালের শেষ নাগাদ প্রায় ২০০০ মিলিয়ন ঘনফুটে উন্নীতকরণের লক্ষ্যে গ্যাসকূপ খননের কর্মসূচী গ্রহণ করা হয়। এ বর্ধিত গ্যাস জাতীয় গ্রীডে সরবরাহ করতঃ বিদ্যুৎ কেন্দ্র, শিল্প কারখানা এবং অন্যান্য গ্রাহকের চাহিদা পূরণের জন্য হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলার বিবিয়ানা গ্যাস ফিল্ড থেকে গাজীপুর জেলার শ্রীপুর উপজেলার ধনুয়া পর্যন্ত গ্যাস সঞ্চালন পাইপলাইন স্থাপনের জন্য আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়।

৬.২ উদ্দেশ্য : দেশের ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা পূরণ ও জ্বালানী সংকট নিরসনের জন্য বিবিয়ানা ও জালালাবাদ গ্যাস ক্ষেত্র থেকে উৎপাদিত বর্ধিত গ্যাস জাতীয় গ্রীডে সরবরাহ করার উদ্দেশ্যে হবিগঞ্জের বিবিয়ানা থেকে গাজীপুরের ধনুয়া পর্যন্ত ৩৬ ইঞ্চি ডায়া ও ১৩৩ কিঃমিঃ দীর্ঘ গ্যাস সঞ্চালন পাইপ লাইন স্থাপন।

৬.৩ প্রকল্পের অনুমোদন ও সংশোধন : গ্যাস ট্রান্সমিশন কোম্পনী লিঃ (জিটিসিএল) এর নিজস্ব অর্থায়নে ১৬৫০৩১.০০ লক্ষ টাকা ব্যয়ে এপ্রিল ২০১১ থেকে জুন ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য ১৫ নভেম্বর ২০১১ তারিখের একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তী সময়ে প্রকল্পের জন্য প্রয়োজনীয় মালামাল ও যন্ত্রপাতি সংগ্রহ ব্যয় এবং পাইপলাইন ব্যয় বৃদ্ধির কারণে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি মোট ১৮১২৬৩.৩৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মূল বাস্তবায়ন মেয়াদে বাস্তবায়নের জন্য জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক গত ১০ জানুয়ারি ২০১৩ তারিখে অনুমোদিত হয়। কিন্তু বর্ষা মৌসুমে কাজ করতে না পারায় পাইপ লাইন নির্মাণ, নদী ক্রসিং, ভূমি অধিগ্রহণ, মিটারিং স্টেশন ও স্কাডা কাজসহ অন্যান্য আনুষঙ্গিক কাজ সম্পাদনে বিলম্বের কারণে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ জুন ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়। প্রকল্পের ভূমি অধিগ্রহণের পরিমাণ বৃদ্ধি, ক্যাথোডিক

প্রটেকশন সিস্টেম অন্তর্ভূক্তকরণ, সিডি ভ্যাট বাবদ ব্যয় হ্রাস ইত্যাদি কারণে মেয়াদ অপরিবর্তিত রেখে ১৭০৯৭৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় সম্বলিত আলোচ্য প্রকল্পের ২য় সংশোধনের প্রস্তাব ২৩ ডিসেম্বর ২০১৪ তারিখের একনেক কর্তৃক অনুমোদিত হয়।

৬.৪ প্রকল্পের মূল কার্যক্রমসমূহ নিম্নরূপ:

- ৩৬ইঞ্চি ব্যাসের ১৩৩ কিঃমিঃ গ্যাস সঞ্চালন পাইপ লাইন স্থাপন;
- লাইন পাইপ material সংগ্রহ;
- Horizontal Directional Drilling (HDD) প্রক্রিয়ায় ১৪টি নদী অতিক্রম;
- স্কাডা সিস্টেম স্থাপন;
- ৫টি ভাল্ব স্টেশন স্থাপন;
- ১১২.০৯৩ হেক্টর ভূমি অধিগ্রহণ ও ২৫৬.৩৩৯ হেক্টর ভূমি অধিযাচন।

৬.৫ প্রকল্প পরিদর্শন: আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের পরিচালক **(শক্তি)** বেগম নাসিমা মহসিন কর্তৃক গত ১৭ ও ১৮ জুলাই ২০১৬ তারিখে প্রকল্পটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ কোম্পানীর সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

৬.৬ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য: জিটিসিএল এর মহাব্যবস্থাপক জনাব মোঃ মাহমুদ খান ৮ আগস্ট ২০১০ তারিখ থেকে ৩০ জুন ২০১৫ পর্যন্ত পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন।

৭. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

৭.১ প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নরূপ (লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	সর্বশেষ ডিপিপি অনুযায়ী		বাস্তবায়ন অগ্রগতি	
		পরিমাণ/ সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	বাস্তব	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
১	কর্মচারীদের বেতন	১৪ জন	৩৪.৮১	৮ জন	১৮.৮৫ (০.৫৪%)
২	অফিস ভাড়া	থোক	২৫.০০	থোক	২৫.০০ (১০০%)
৩	ডাক	থোক	১.০০	থোক	০.৬৯ (৬৯%)
৪	টেলিফোন	থোক	১.০০	থোক	১.০০ (১০০%)
৫	পানি	থোক	০.৫০	থোক	০.৫০ (১০০%)
৬	বিদ্যুৎ	থোক	১.৫০	থোক	১.৫০ (১০০%)
৭	বীমা/ব্যাংক চার্জ	থোক	২.০০	থোক	২.০০ (১০০%)
৮	স্টেশনারী/সীলস্/স্ট্যাম্প	থোক	২.০০	থোক	২.০০ (১০০%)
৯	প্রচার ও বিজ্ঞাপন	থোক	৮.৫০	থোক	৮.৫০ (১০০%)
১০	আপ্যায়ন ব্যয়	থোক	১৭.০০	থোক	১৭.০০ (১০০%)
১১	আইন সংক্রান্ত ব্যয়	থোক	৩.০০	থোক	০.৪৬ (০.১৫%)
১২	সম্মানী ভাতা	থোক	১৮.০০	থোক	১৭.১৭ (৯৫%)
১৩	সার্ভে, ইআইএ	থোক	৭৫.০০	থোক	৭৫.০০ (১০০%)
১৪	কপি/অনুলিপি ব্যয়	থোক	১২.০০	থোক	১০.৫৬ (০.৮৮%)
১৫	আপ্যায়ন ব্যয় (ল্যান্ডিং চার্জ, পোর্ট ডিডস, ইনসিওরেন্স, যাতায়াত প্রিশিপমেন্ট ইন্সেপকশন, ইন্টারেষ্ট ইডরিং কন্সট্রাকশন)	থোক	১১৯৭২.৪৬	থোক	১০০৮২.০৬ (৮৪%)
১৬	মরটযান মেরামত ও	-	৫.০০	-	৫.০০ (১০০%)

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	সর্বশেষ ডিপিপি অনুযায়ী		বাস্তবায়ন অগ্রগতি	
		পরিমাণ/ সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	বাস্তব	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
	সংরক্ষণ				
১৭	ডাবল কেবিন পিক আপ ক্রয় (১৫০০-২৪০০ সিসি)	১টি	৫০.০০	-	০.০০
১৮	লাইন পাইপের মেটারিয়ালস এবং সংশ্লিস্ট সরঞ্জাম	লট	৬৪৩৫১.৫১	লট	৬২৭৫১.৮০ (০.৯৭%)
১৯	কম্পিউটার যন্ত্রাংশ (একিট ল্যাপটপ ও ৩টি ডেসকটপ	-	৪.০০	-	২.৯২ (০.৭৩%)
২০	অফিস সরঞ্জাম	লট	২.৮০	লট	২.৮০ (১০০%)
২১	আসবাবপত্র	লট	৮.০৪	লট	৫.৩৫ (০.৬৬%)
২২	ভূমি অধিগ্রহণ	১১২.০৯৩ হেক্টর	৮১৯৪.৫৫	১১২.০৯৩ হেক্টর	৮১৮৬.৪৮ (০.৯৯%)
২৩	ভূমি অধিযাচন	২৫৬.৩৩৯ হেক্টর	৪৬১১..৬৫	২৫৬.৩৩৯হেক্টর	৩৮৬১.৩৭ (০.৮৩%)
২৪	ভূমি উন্নয়ন	১০০০০০ ঘঃমিঃ	১৮৫.২৩	১০০০০০ ঘঃমিঃ	১৭৩.৬৮ (০.৯৩%)
	১) পাইপ লাইন কন্সট্রাকশন	১৩৩.০০ ঘঃমিঃ	২৭৪০৮.৩০	১৩৩.০০ ঘঃমিঃ	২৬৯৪১.৯০ (০.৯৮%)
	২) রিভার ক্রসিং (এইচডিডি পদ্ধতি)	৪৫০০ মি.	২২৯২৪.৬৯	৪৫০০ মি.	২১২২৯.৯৭ (০.৯২%)
	৩) স্কাডা সিস্টেম স্থাপন	-	২৭৪৪.০০	-	২০.০০ (০.০০৭%)
২৫	সিডি ভ্যাট	থোক	২৩৬৮৭.৯৪	থোক	২২৭২৮.৭২ (০.৯৫%)
২৬	ফিজিক্যাল কন্টিনজেন্সী (১%)	-	১৫৪১.৯০	-	০.০০
২৭	প্রাইস কন্টিনজেন্সী (২%)	-	৩০৮৩.৬২	-	০.০০
	সর্বমোট:		**১৭০৯৭৭.০০**		**১৫৫১৫৫.৭৫ (০.৯০%)**

৮. পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:

প্রধান প্রধান অঙ্গের বাস্তবায়ন অগ্রগতির বিবরণ:

৮.১ ভূমি অধিগ্রহণ/অধিযাচন: সর্বশেষ অনুমোদিত আরডিপিপি অনুসারে প্রকল্পের অধীনে ৮১৯৪.৫৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ১১২.০৯৩ হেক্টর ভূমি অধিগ্রহণ ও ৪৬১১.৬৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ২৫৬.৩৩৯ হেক্টর ভূমি অধিযাচনের সংস্থান ছিল। কিন্তু বাস্তবে ৮১৮৬.৪৮ লক্ষ টাকা ব্যয়ে ১১২.০৯৩ হেক্টর ভূমি অধিগ্রহন ও ৩৮৬১.৩৭ লক্ষ টাকা ব্যয়ে ২৫৬.৩৩৯ হেক্টর ভূমি অধিযাচন সম্পন্ন করা হয়েছে। উপস্থিত প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের মূল ডিপিপিতে ৬৭৪২.৩২ লক্ষ টাকা ব্যয়ে ১১১.৮১৩ হেক্টর ভূমি অধিগ্রহণ ও ১২৭৫.০০ লক্ষ টাকা ব্যয়ে ২১২.৫০ হেক্টর ভূমি অধিযাচনের প্রস্তাব অন্তর্ভূক্ত ছিল। কিন্তু মূল ডিপিপি-তে ভুলবশতঃ পাইপ ওয়েল্ডিং কাজ এবং Angle Point এর জন্য কোন জমি অন্তর্ভুক্ত করা হয়নি। প্রকল্পের অধীনে সম্পাদিত ১৩৩ কিঃমিঃ দীর্ঘ পাইপলাইনে সর্বমোট ১১৮টি Angle Point থাকায় প্রতিটি Angle Point এর বাঁকের স্থান প্রশস্ত করার জন্য অতিরিক্ত জমি অধিগ্রহণের প্রয়োজন দেখা দেয়। এ কারণে প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি-তে ভূমি অধিগ্রহণের পরিমাণ ১১২.০৯৩ হেক্টর (০.২৮ হেক্টর বেশি) এবং ভূমি অধিযাচনের পরিমাণ ২৫৬.৩৩৯ হেক্টর (৪৩.৮৩৯ হেক্টর বেশি) এ বৃদ্ধি করা হয়। ফলে এ দুটি অঙ্গের ব্যয় ৪৭৮৮.৮৮ লক্ষ টাকা (ভূমি অধিগ্রহণ-১৪৫২.২৩+ভূমি অধিযাচন ৩৩৩৬.৬৫ লক্ষ টাকা) ব্যয় বৃদ্ধি পায়। এছাড়া প্রকল্পের আওতায় ১৪টি নদী এইচডিডি পদ্ধতিতে ক্রসিং কাজের জন্য নদীর একপাশে

রিগ স্থাপন ও অপর পাশে নদী ক্রসিংয়ের পাইপ ওয়েল্ডিং কাজের জন্যও অতিরিক্ত ভূমির প্রয়োজন হয়। সে অনুসারে প্রকল্পটি ২য় বার সংশোধন করা হয়।

৮.২ **নদী ক্রসিং কার্যক্রম:** প্রকল্পের অধীনে ২২৯২৪.৬৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ২১২২৯.৯৭ লক্ষ টাকা ব্যয়ে ৪৫০০ মিটারের ১৪টি নদী ক্রসিংয়ের কাজ সম্পন্ন করা হয়। ১৪টির মধ্যে ১৩টি নদী HDD পদ্ধতিতে এবং ১টি নদী (নরসুন্দা) ওপেনকাট পদ্ধতিতে ক্রসিং কার্যক্রম সম্পন্ন করা হয়। যে ১৩টি নদী HDD পদ্ধতিতে ক্রসিং করা হয়েছে এগুলি হচ্ছে হবিগঞ্জের সিংলি, দেড়সের, কালনী, কুশিয়ারা ১ ও ২, কিশোরগঞ্জের ধনু, বাউলা, গোড়াহোত্রা, ব্রহ্মপুত্র ১ ও ২, ময়মনসিংহের শিলা এবং গাজীপুরের সূতি ও মাটিকাটা। শুকনা মৌসুমে নরসুন্দা নদীর পানি শুকিয়ে যাওয়ার কারণে উক্ত নদীতে ওপেনকাট পদ্ধতিতে নদী ক্রসিং সম্পন্ন করা হয় বলে প্রকল্প পরিচালক জানান।

৮.২.১ প্রকল্প পরিচালক জানান যে নদী অতিক্রম কাজের জন্য EPC ভিত্তিতে প্রথমবার আন্তর্জাতিক দরপত্র আহবান করা হলে কোন দরপত্র পাওয়া যায়নি বিধায় পুনঃদরপত্র আহবান করা হয়। অতঃপর নির্বাচিত ঠিকাদারের অনুকূলে ১১ মে ২০১৩ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। এছাড়া ১ম সংশোধিত ডিপিপিতে ১৪টি নদী ক্রসিং বাবদ ১৮০০০.০০ লক্ষ টাকার সংস্থান ছিল। কিন্তু এ প্যাকেজের সর্বনিম্ন দরদাতা কর্তৃক ২২৯২৪.৬৯ লক্ষ টাকা উদ্ধৃত করা হয় যা ১ম সংশোধিত ডিপিপি অপেক্ষা ৪৯২৪.৬৯ লক্ষ টাকা (২৭.৩৬%) বেশী। অন্যান্যের মধ্যে এ কারণে ডিপিপি ২য় বার সংশোধনের প্রয়োজন হয়।

৮.৩ **গ্যাস সঞ্চালন লাইন স্থাপন:** হবিগঞ্জের বিবিয়ানায় ১টি পিগ লাঞ্চার স্টেশন, গাজীপুরের ধনুয়ায় ১টি পিগ রিসিভার স্টেশন, কিশোরগঞ্জের নান্দলায় ১টি মিডল্যান্ড স্ক্র্যাপার স্টেশন, ৫টি ভাল্ব স্টেশন, ২৭৯টি ইনডাকশন বেন্ড, ৯৩টি বল ভাল্ব, ৯৪টি প্লাগ ভাল্ব ও ২টি পিগ ট্র্যাপসহ এবং ৩৬ ইঞ্চি ডায়াবিশিষ্ট হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলার বিবিয়ানা থেকে গাজীপুর জেলার শ্রীপুর উপজেলার ধনুয়া পর্যন্ত ১৩৩ কিলোমিটারের গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ সম্পন্ন করা হয়। সর্বশেষ সংশোধিত ডিপিপি-তে এ সঞ্চালন লাইন নির্মাণ বাবদ ২৭৪০৮.৩০ লক্ষ টাকার ব্যয় অন্তর্ভুক্ত আছে। বাস্তবে এ অঙ্গের ব্যয় বাবদ ২৬৯৪১.৯০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ অনুমোদিত ব্যয় অপেক্ষা ৪৬৬.৪০ লক্ষ টাকা কম ব্যয় হয়েছে। সঞ্চালন লাইন স্থাপনের কাজ গত ১২ জুন ২০১৪ তারিখে সমাপ্ত হওয়ার পর তা ২৮ অক্টোবর ২০১৪ তারিখে গ্যাস সরবরাহের মাধ্যমে কমিশনিং করা হয়।

৮.৩.১ প্রকল্পের মূল ডিপিপি/১ম সংশোধিত ডিপিপি/২য় সংশোধিত ডিপিপি-তে স্কাডা সিস্টেম স্থাপনের জন্য ২৭৪৪.০০ লক্ষ টাকার সংস্থান থাকলেও প্রকল্পের অধীনে তা স্থাপন করা হয়নি। প্রকল্প পরিচালক জানান যে জাইকা'র সহায়তায় বাস্তবায়নাধীন "Rehabilitation and Expansion of Existing SCADA System of National Gas Grid Under GTCL" প্রকল্পের অধীনে বিষয়টি বাস্তবায়িত হচ্ছে।

৮.৪ Cathodic Protection (CP) এর কাজ মূল ডিপিপ-তে অন্তর্ভুক্ত ছিল। কিন্তু ১ম সংশোধিত ডিপিপি থেকে তা বাদ দেয়া হয় এবং ২য় সংশোধিত ডিপিপিতে তা পুনরায় অন্তর্ভুক্ত করা হয়। প্রকল্প পরিচালক জানান যে ১ম সংশোধিত ডিপিপি থেকে ভুলবশতঃ অঙ্গটি বাদ পড়ে যায়। কিন্তু গ্যাস সঞ্চালন পাইপলাইনের ক্ষয় রোধকল্পে অঙ্গটি জরুরী বিধায় ২য় সংশোধিত ডিপিপিতে তা পুনরায় অন্তর্ভুক্ত করা হয়।

১০. প্রকল্প সংশ্লিষ্ট স্থির চিত্র: প্রকল্প সংশ্লিষ্ট ৪ (চার) টি স্থির চিত্র নিম্নে প্রদান করা হলো-



চিত্র-১: হবিগঞ্জের নবীগঞ্জ উপজেলায় নির্মিত PIG লাঞ্চার স্টেশন।



চিত্র-২: গাজীপুরের শ্রীপুর উপজেলায় নির্মিত PIG রিসিভার স্টেশন।



চিত্র-৩: কিশোরগঞ্জের পাকুন্দিয়া উপজেলার চর কাওনায় নির্মিত ভাল্ব স্টেশন।



চিত্র-৪: কিশোরগঞ্জের পাকুন্দিয়া উপজেলার নান্দলায় নির্মিত মিডল্যান্ড স্ক্র্যাপার স্টেশন।

১১. প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য: প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত বিস্তারিত তথ্য পরিশিষ্ট 'ক' - তে রক্ষিত।

১২. প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
দেশের ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা পূরণ ও জ্বালানী সংকট নিরসনের জন্য বিবিয়ানা ও জালালাবাদ গ্যাস ক্ষেত্র থেকে উৎপাদিত বর্ধিত গ্যাস জাতীয় গ্রীডে সরবরাহ করার উদ্দেশ্যে হবিগঞ্জের বিবিয়ানা থেকে গাজীপুরের ধনুয়া পর্যন্ত ৩৬ইঞ্চি ডায়া ও ১৩৩ কিঃমিঃ দীর্ঘ গ্যাস সঞ্চালন পাইপ লাইন স্থাপন।	প্রকল্পের অধীনে হবিগঞ্জের বিবিয়ানা থেকে গাজীপুরের ধনুয়া পর্যন্ত ১৩৩ কিঃমিঃ দীর্ঘ গ্যাস সঞ্চালন পাইপ লাইন স্থাপন করা হয়েছে। সঞ্চালন পাইপলাইন স্থাপনের অপারেশনের ১ম বছরে ৩৮০.০০ - ৪২০.০০ এমএমসিএফডি গ্যাস সঞ্চালন করা সম্ভব হয়েছে যা বাৎসরিক ১৩৮৭০০.০০-১৫৩৩০০.০০ এমএমসিএফ গ্যাসের সমপরিমাণ।

১৩. অডিট সংক্রান্ত তথ্য : প্রকল্পের ২০১১-১২ অর্থবছর থেকে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত ধারাবাহিকভাবে ৪ বছর অভ্যন্তরীণ অডিট সম্পন্ন করা হয়। এ অডিট সম্পন্নকালে কোন আপত্তি উত্থাপিত হয়নি। অপরদিকে ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থবছরে প্রকল্পের এক্সটারনাল অডিট সম্পন্ন হয়েছে। উক্ত অডিট সম্পন্নকালে ৪টি আপত্তি উত্থাপিত হয়। তন্মধ্যে ১টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং ৩টি আপত্তি অনিষ্পন্ন অবস্থায় রয়েছে।

১৪. সমস্যা:

১৪.১ প্রক্ষেপণ অপেক্ষা কম গ্যাস সঞ্চালন: ২০১৫ সাল নাগাদ প্রক্ষেপিত ২০০০ এমএমসিএফডি গ্যাস আলোচ্য পাইপ লাইনের মাধ্যমে সঞ্চালনের জন্য গ্রহণ করা হয়। লাইনটি অপারেশন সময়ের ১ম বছরে মাত্র ৩৮০-৪২০

এমএমসিএফডি গ্যাস সঞ্চালন করে যা প্রক্ষেপিত পরিমাণ অপেক্ষা অনেকাংশে কম। অর্থাৎ সঞ্চালন ক্ষমতার আংশিক ব্যবহার হচ্ছে। বর্তমানে গ্যাস ফিল্ডগুলোর উৎপাদন ক্রমহ্রাসমান। এ কারণে ভবিষ্যতে এ পাইপলাইনটিতে পূর্ণমাত্রায় গ্যাস সঞ্চালন করার সুযোগ হবে না। এ প্রেক্ষাপটে ভবিষ্যতে সঞ্চালন লাইন নির্মাণের ক্ষেত্রে সঞ্চালন লাইনের ক্ষমতা পূর্ণরূপে যাতে ব্যবহার করা যায় সে বিষয়ে কারিগরী সমীক্ষা করে প্রকল্প প্রণয়ন করতে হবে (অনুচ্ছেদ: ১২);

১৪.২ ভূমি অধিগ্রহণ/অধিযাচনের জন্য ভূমির পরিমাণ নির্ধারণ: প্রকল্পের মূল ডিপিপিতে ৬৭৪২.৩২ লক্ষ টাকা ব্যয়ে ১১১.৮১৩ হেক্টর ভূমি অধিগ্রহণ ও ১২৭৫.০০ লক্ষ টাকা ব্যয়ে ২১২.৫০ হেক্টর ভূমি অধিযাচনের প্রস্তাব অন্তর্ভূক্ত ছিল। কিন্তু মূল ডিপিপি-তে ভুলবশতঃ পাইপ ওয়েল্ডিং কাজ এবং Angle Point এর জন্য কোন জমি অন্তর্ভুক্ত করা হয়নি। প্রকল্পের অধীনে সম্পাদিত ১৩৩ কিঃমিঃ দীর্ঘ পাইপলাইনে সর্বমোট ১১৮টি Angle Point থাকায় প্রতিটি Angle Point এর বাঁকের স্থান প্রশস্ত করার জন্য অতিরিক্ত জমি অধিগ্রহণের প্রয়োজন দেখা দেয়। এছাড়া প্রকল্পের আওতায় ১৪টি নদী এইচডিডি পদ্ধতিতে ক্রসিং কাজের জন্য নদীর একপাশে রিগ স্থাপন ও অপর পাশে নদী ক্রসিংয়ের পাইপ ওয়েল্ডিং কাজের জন্যও অতিরিক্ত ভূমির প্রয়োজন হয়। এ কারণে প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি-তে ভূমি অধিগ্রহণের পরিমাণ ১১২.০৯৩ হেক্টর (০.২৮ হেক্টর বেশি) এবং ভূমি অধিযাচনের পরিমাণ ২৫৬.৩৩৯ হেক্টর (৪৩.৮৩৯ হেক্টর বেশি) এ বৃদ্ধি করা হয়। ফলে এ দুটি অঙ্গের ব্যয় ৪৭৮৮.৮৮ লক্ষ টাকা (ভূমি অধিগ্রহণ-১৪৫২.২৩+ভূমি অধিযাচন ৩৩৩৬.৬৫ লক্ষ টাকা) ব্যয় বৃদ্ধি পায়। প্রকল্প প্রণয়ন পর্যায়ে এরুপ ভুলের কারণে বাস্তবায়নকাল ও ব্যয় বৃদ্ধি পায় (অনুচ্ছেদ: ৮.১);

১৪.৩ নদী ক্রসিং কার্যক্রমের দরপত্রের প্রাক্কলন প্রণয়ন:১ম সংশোধিত ডিপিপিতে ১৪টি নদী ক্রসিং বাবদ ১৮০০০.০০ লক্ষ টাকার সংস্থান ছিল। কিন্তু এ প্যাকেজের সর্বনিম্ন দরদাতা কর্তৃক ২২৯২৪.৬৯ লক্ষ টাকা উদ্ধৃত করা হয় যা ১ম সংশোধিত ডিপিপি অপেক্ষা ৪৯২৪.৬৯ লক্ষ টাকা (২৭.৩৬%) বেশী। এ কাজের প্যাকেজের প্রাক্কলন সঠিকভাবে প্রণয়ন করা হলে ডিপিপি ২য় বার সংশোধন করার প্রয়োজন হতো না । এছাড়া নদী অতিক্রম কাজের জন্য EPC ভিত্তিতে প্রথমবার আন্তর্জাতিক দরপত্র আহবান করা হলে কোন দরপত্র পাওয়া যায়নি বিধায় পুনঃদরপত্র আহবান করা হয়। (অনুচ্ছেদ: ৮.২.১);

১৪.৪ Cathodic Protection (CP) অঙ্গটি ডিপিপি থেকে বাদ দেয়া: Cathodic Protection (CP) অঙ্গটি মূল ডিপিপ-তে অন্তর্ভুক্ত ছিল। কিন্তু ১ম সংশোধিত ডিপিপি থেকে ভুলবশতঃ বাদ দেয়া হয় এবং ২য় সংশোধিত ডিপিপিতে তা পুনরায় অন্তর্ভুক্ত করা হয় (অনুচ্ছেদ: ৮.৪);

১৪.৫ অনিষ্পন্ন অডিট আপত্তি: ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থবছরে প্রকল্পের এক্সটারনাল অডিট সম্পন্নকালে ৪টি আপত্তি উত্থাপিত হয়। তন্মধ্যে ১টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং ৩টি আপত্তি অনিষ্পন্ন অবস্থায় (অনুচ্ছেদ: ১৩);

১৪.৬ বিলম্বে পিসিআর প্রেরণ: বিধি অনুসারে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের কথা থাকলেও এ ক্ষেত্রে প্রকল্প সমাপ্তির (জুন ২০১৫) ৫ মাস ১৯ দিন পর অর্থাৎ ২০ ডিসেম্বর ২০১৫ তারিখে পিসিআর প্ররণ করা হয়েছে।

১৫. সুপারিশ/মতামত:

১৫.১ ২০১৫ সাল নাগাদ প্রক্ষেপিত ২০০০ এমএমসিএফডি গ্যাস আলোচ্য পাইপ লাইনের মাধ্যমে সঞ্চালনের জন্য গ্রহণ করা হয়। লাইনটি অপারেশন সময়ের ১ম বছরে মাত্র ৩৮০-৪২০ এমএমসিএফডি গ্যাস সঞ্চালন করে যা প্রক্ষেপিত পরিমাণ অপেক্ষা অনেক কম। অর্থাৎ সঞ্চালন ক্ষমতার আংশিক ব্যবহার হচ্ছে। বর্তমানে গ্যাস ফিল্ডগুলোর উৎপাদন ক্রমহ্রাসমান। এ কারণে ভবিষ্যতে এ পাইপলাইনটিতে পূর্ণমাত্রায় গ্যাস সঞ্চালন করার সুযোগ হবে না। এ প্রেক্ষাপটে ভবিষ্যতে সঞ্চালন লাইন নির্মাণের ক্ষেত্রে সঞ্চালন লাইনের ক্ষমতা পূর্ণরূপে যাতে ব্যবহার করা যায় সে বিষয়ে কারিগরী সমীক্ষা করে প্রকল্প প্রণয়ন করতে হবে (অনুচ্ছেদ: ১৪.১);

১৫.২ ভবিষ্যতে প্রকল্প প্রণয়নকালে ভূমি অধিগ্রহণসহ সকল অঙ্গের পরিমাণ ও ব্যয় বাস্তবভিত্তিক করার বিষয় বাস্তবায়নকারী সংস্থা যত্নবান হবে (অনুচ্ছেদ: ১৪.২, ১৪.৩ ও ১৪.৪);

১৫.৩ ভবিষ্যতে দরপত্রের প্রাক্কলন ও শর্তাবলী যাতে বাস্তবসম্মত হয় সে বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা অধিকতর সচেষ্ট থাকবে (অনুচ্ছেদ: ১৪.৩);

১৫.৪ ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থবছরে প্রকল্পের এক্সটারনাল অডিটের ৩টি অনিষ্পন্ন আপত্তি দ্রুত নিষ্পন্নের বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ: ১৪.৫);

১৫.৫ প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের বিষয়টি বাস্তবায়নকারী সংস্থা নিশ্চিত করবে (অনুচ্ছেদ: ১৪.৬);

১৫.৬ অনুচ্ছেদ ১৫.১ - ১৫.৫ এর বিষয়ে গৃহীত ব্যবস্থা আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

প্রকিউরমেন্ট অব স্ট্যান্ডবাই গ্যাস প্রসেস প্ল্যান্ট (১ম সংশোধিত)সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন ২০১৫)

১. **প্রকল্পের নাম** : প্রকিউরমেন্ট অব স্ট্যান্ডবাই গ্যাস প্রসেস প্ল্যান্ট (১ম সংশোধিত)

২. **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

৩. **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স)

৪. **প্রকল্প এলাকা** : নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলার কুতুবপুর ইউনিয়নের এনায়েতপুর গ্রাম

৫. **প্রকল্পের ব্যয় ও বাস্তবায়ন কাল** :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট (প্র: সা:)	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
৪৬১৮.০০	৪৬১৮.০০	৪১৭৩.০৫	সেপ্টেম্বর ২০১২ থেকে এপ্রিল ২০১৪ পর্যন্ত	সেপ্টেম্বর ২০১২ থেকে জুন ২০১৫ পর্যন্ত	সেপ্টেম্বর ২০১২ থেকে জুন ২০১৫ পর্যন্ত	(-) ৪৪৪.৯৫ (৯.৬৪%)	১৪ মাস (৭০%)

৬. **সাধারণ পর্যবেক্ষণ :**

৬.১ **পটভূমি :** দেশের বিদ্যুৎ ঘাটতি মোকাবিলার পাশাপাশি গ্যাস ভিত্তিক শিল্প স্থাপন এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনকারী কর্মকান্ড বৃদ্ধির লক্ষ্যে বাপেক্স কর্তৃক দেশের বিভিন্ন গ্যাস ক্ষেত্রে অনুসন্ধান, মূল্যায়ন ও উন্নয়ন কূপ খনন প্রকল্প গ্রহণ করা হয়। বাপেক্সের কূপ সমূহে গ্যাস প্রাপ্তি নিশ্চিত হলে কূপগুলি থেকে গ্যাস প্রক্রিয়াকরণের জন্য নিয়মিত প্রসেস প্ল্যান্ট স্থাপন না করা পর্যন্ত এবং উৎপাদনরত গ্যাস ক্ষেত্রের কোন প্রসেস প্ল্যান্ট হঠাৎ বিকল হয়ে পড়লে উক্ত কূপসমূহ থেকে তাৎক্ষণিকভাবে জাতীয় গ্রীডে গ্যাস সরবরাহ করার উদ্দেশ্যে ও এ সকল গ্যাসক্ষেত্রের গ্যাস সরবরাহ নিরবচ্ছিন্ন করার লক্ষ্যে বাপেক্স কর্তৃক প্রকল্পটি বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়েছে।

৬.২ **উদ্দেশ্য :** দেশের ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা পূরণের লক্ষ্যে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহের উদ্দেশ্যে বাপেক্সের বিভিন্ন গ্যাস ক্ষেত্রের উৎপাদিত গ্যাস তাৎক্ষণিকভাবে প্রক্রিয়াকরণ করা।

৬.৩ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন :** ৪৬১৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ১ সেপ্টেম্বর ২০১২ থেকে ৩০ এপ্রিল ২০১৪ পর্যন্ত মেয়াদে গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) এর অর্থায়নে বাস্তবায়নের জন্য আলোচ্য প্রকল্পটি জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ২৮ মার্চ ২০১৩ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পের কতিপয় অঙ্গের ব্যয় হ্রাস/বৃদ্ধি, প্রসেস প্ল্যান্ট স্থাপনের লোকেশন শাহজাদপুর-সুন্দলপুর গ্যাস ফিল্ড থেকে বেগমগঞ্জ গ্যাস ফিল্ডে পরিবর্তন ও বাস্তবায়ন মেয়াদ জুন ২০১৫ পর্যন্ত বৃদ্ধির লক্ষ্যে মূল প্রকল্প ব্যয় অপরিবর্তিত রেখে প্রকল্পের সংশোধিত ডিপিপি জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ১৫ মে ২০১৪ তারিখে অনুমোদিত হয়।

৬.৪ **প্রকল্প পরিদর্শন:** আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের পরিচালক **(শক্তি)** বেগম নাসিমা মহসিন কর্তৃক গত ১৬ আগস্ট ২০১৬ তারিখে প্রকল্পটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ বাপেক্সের সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

৬.৫ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:** বাপেক্সের উপ মহাব্যবস্থাপক জনাব মোঃ ফজলুল হক প্রকল্প ব্যবস্থাপক হিসাবে ১লা সেপ্টেম্বর ২০১২ থেকে ২৭ জুলাই ২০১৩ পর্যন্ত এবং ২৮ জুলাই ২০১৩ থেকে জুন ২০১৫ পর্যন্ত প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন।

৬.৬ প্রকল্পের কার্যক্রম: প্রকল্পের মূল কার্যক্রমসমূহ নিম্নরূপ:

- ২০ এমএমএসসিএফডি ক্ষমতাসম্পন্ন গ্লাইকল ডিহাইড্রেশন টাইপের একটি স্ট্যান্ডবাই গ্যাস প্রসেস প্ল্যান্ট সংগ্রহ; এবং
- একটি আরলি প্রোডাকশন ফ্যাসিলিটিজ সংগ্রহ ও স্থাপন।

৭. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

৭.১ প্রকল্পের অনুকূলে ব্যয় হয়েছে ৪১.৭৩ কোটি টাকা যা অনুমোদিত প্রকল্প ব্যয়ের ৯০.৩৬%। অঙ্গভিত্তিক ব্যয়ের বিভাজন নিম্নরূপ

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী		বাস্তবায়ন অগ্রগতি	
		পরিমাণ/ সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	বাস্তব	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
১	কাস্টম, শুল্ক/ভ্যাট (আমদানিকৃত মালামাল ও যন্ত্রপাতির ৬% AIT)	থোক	২৩৪.৫৪	থোক	১৯৫.৫৪ (৭৩.৩৭%)
২	i) বীমা (আমদানিকৃত মালামাল ও যন্ত্রপাতির ২.০০%)	থোক	৭৮.৪৬	থোক	৭৮.১৬ (৯৯.৬১%)
	ii) ব্যাংক চার্জেস (আমদানিকৃত মালামাল ও যন্ত্রপাতির ০.৭৪%)	থোক	২৯.০০	থোক	২৮.৫০ (৯৮.২৭%)
৩	স্টেশনারী, সীল ও স্ট্যাম্প	থোক	১.০০	থোক	০.৩৭ (৩৭%)
৪	প্রচার ও বিজ্ঞাপন (টেন্ডার নোটিশ প্রকাশনা ইত্যাদি)	থোক	১.০০	থোক	১.০০ (১০০%)
৫	আপ্যায়ন ব্যয়	থোক	১.০০	থোক	০.৩২ (৩২%)
৬	পরিবহন ব্যয় (যন্ত্রপাতি ও মালামাল পরিবহন)	থোক	৮.০০	থোক	০.০০ (০%)
৭	অনিয়মিত শ্রমিক	থোক	১.০০	থোক	০.০০ (০%)
৬	নিরাপত্তা প্রহরী	থোক	১.০০	থোক	০.০০ (০%)
৭	সম্মানী ভাতা	থোক	১.০০	থোক	০.৬৩ (৬৩%)
৮	কপি/অনুলিপি ব্যয়	থোক	১.০০	থোক	০.২১ (২১%)
৯	মোটরযান (ডাবল কেবিন পিক-আপ/মাইক্রোবাস ভাড়া; ১৮ মাস)	১টি	১৯.২৬	১টি	১৬.৬৫ (৮৬.৪৪%)
১০	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি				
	i) গ্যাস প্রসেস প্ল্যান্ট	১টি	৩০৮৩.০০	১টি	২৮৪৭.১৭ (৯২.৩৫%)
	ii) Early Production Facilities	১ সেট	১১৫৪.২৮	১ সেট	১০০৪.৪৬ (৮৭.০২%)
১১	বৈদ্যুতিক সরঞ্জাম ও স্পেয়ার্স	থোক	৪.৪৬	থোক	০.০১ (০.২২%)
	সর্বমোট:		**৪৬১৮.০০**		**৪১৭৩.০৪ (৯০.৩৬%)**

৮. পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:

প্রধান প্রধান অঙ্গের বাস্তবায়ন অগ্রগতির বিবরণ:

৮.১ দেশের ৭টি গ্যাস ক্ষেত্রে যথা-সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, সেমুতাং, সুন্দলপুর, শ্রীকাইল ও বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্র বাপেক্স কর্তৃক পরিচালিত হচ্ছে। এ গ্যাস ক্ষেত্র সমূহ থেকে ১৩০ (+) এমএমএসসিএফডি গ্যাস উৎপাদিত হয়ে থাকে। এছাড়া রূপগঞ্জ গ্যাস ক্ষেত্রে অনুসন্ধানমূলক ড্রিলিং সম্পন্ন হয়েছে এবং মোবারকপুর গ্যাস ক্ষেত্র ২টিতে ড্রিলিং চলমান আছে;

৮.২ একটি গ্যাস প্রসেস প্ল্যান্ট সংগ্রহের জন্য ন্যূনতম ২ বছর সময়ের প্রয়োজন হয়। অপরদিকে দেশে গ্যাসের চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে এবং ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা পূরণের লক্ষ্যে গ্যাসের উৎপাদন বৃদ্ধি করতে হবে। অতএব

নতুন আবিষ্কৃত গ্যাস ক্ষেত্র থেকে দ্রুততার সঙ্গে গ্যাস উৎপাদনের স্বার্থে আলোচ্য প্রকল্পের আওতায় ১টি গ্লাইকল টাইপ স্ট্যান্ডবাই গ্যাস প্রসেস প্ল্যান্ট সংগ্রহের উদ্যোগ গ্রহণ করা হ য়। এ প্রসেস প্ল্যান্টের একটি সুবিধা হচ্ছে প্রয়োজনমত এটি যে কোন গ্যাস ক্ষেত্রে স্থানান্তরপূর্বক গ্যাস প্রসেস কার্যক্রম শুরু করা যায়। সংগৃহীত প্রসেস প্ল্যান্টটি স্কীড মাউন্টেড ধরনের এবং ২০ এমএমএসসিএফডি গ্যাস প্রসেস করার ক্ষমতা সম্পন্ন;

৮.৩ প্রসেস প্ল্যান্টটি ব্রাহ্মণবাড়ীয়ার কসবা উপজেলার সালদানদী গ্যাস ক্ষেত্রে প্রাথমিকভাবে স্থাপনের পরিকল্পনা ছিল। কিন্তু উক্ত গ্যাসক্ষেত্রের মজুদ ১০ এমএমএসসিএফডি-তে হ্রাস পায় এবং সে কারণে সেখানে প্রসেস প্ল্যান্টটি স্থাপন করা হয়নি। অতঃপর শাহজাদপুর-সুন্দলপুর গ্যাস ক্ষেত্রে তা স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কিন্তু সেখানেও down-hole সংক্রান্ত সমস্যার সৃষ্টি হয় এবং উৎপাদন ১০ থেকে ৫ এমএমএসসিএফডি-তে হ্রাস পায় বিধায় উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করা যায়নি। ইতোমধ্যে বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রের ৩ নম্বর কূপটি উৎপাদনের জন্য প্রস্তুত থাকায় অবশেষে সেখানে সংগৃহীত স্ট্যান্ডবাই প্রসেস প্ল্যান্টটি স্থাপন করা হয় এবং ৩ মার্চ ২০১৫ তারিখ থেকে স্থাপিত প্রসেস প্ল্যান্টের মাধ্যমে গ্যাস উৎপাদন শুরু করা হয়;

৮.৪ আলোচ্য প্রকল্পের অধীনে ১টি Early Production Facility সংগ্রহপূর্বক রূপগঞ্জ গ্যাস ক্ষেত্রে কমিশনিং করা হয়। এ ফ্যাসিলিটি কূপ পরীক্ষার কাজে ব্যবহৃত হয়, কিন্তু নতুন আবিষ্কৃত গ্যাস ক্ষেত্র থেকে একেবারে প্রাথমিক পর্যায়ে এ ফ্যাসিলিটি দ্বারা গ্যাস উৎপাদন করাও সম্ভব। সংগৃহীত এ ফ্যাসিলিটির মাধ্যমে ৩০-৪০ এমএমএসসিএফডি গ্যাস উৎপাদন করা সম্ভব;

৮.৫ প্রকল্পের ১৪ মাস টাইম ওভার রানের বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে সেপ্টেম্বর ২০১২ মাসে বাস্তবায়ন শুরুর ১০ মাস পর ২৫ জুলাই ২০১৩ তারিখে ইপিসি ঠিকাদারের সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়। ১২ সেপ্টেম্বর ২০১৩ তারিখে এলসি খোলার পর ৮ অক্টোবর ২০১৩ তারিখে তা ইপিসি ঠিকাদার কর্তৃক গৃহীত হয়। চুক্তি অনুসারে ইপিসি ঠিকাদার কর্তৃক এলসি গ্রহণের তারিখ থেকে (৮ অক্টোবর ২০১৩) ৩৩০ দিনের মধ্যে মালামাল সংগ্রহের কার্যক্রম শেষ করার জন্য নির্ধারিত ছিল। সে হিসাবে ৪ সেপ্টেম্বর ২০১৪ তারিখের মধ্যে ঠিকাদার কর্তৃক মালামাল সংগ্রহের জন্য নির্ধারিত হয় এবং ৪ সেপ্টেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত ওয়ারেন্টি মেয়াদ বহাল থাকে। এ কারণে প্রকল্পের মেয়াদ জুন ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়। এছাড়া প্রকল্পের ডিপিপি সংশোধনকালে কাস্টম ডিউটি/ভ্যাট ৫% এর পরিবর্তে ৬% ও বাস্তবতার ভিত্তিতে ব্যাংক চার্জের হার সংশোধন করা হয় বলে প্রকল্প পরিচালক জানান।

৯. প্রকল্প সংশ্লিষ্ট স্থির চিত্র প্রকল্প সংশ্লিষ্ট ৩ (তিন) টি স্থির চিত্র নিম্নে প্রদান করা হলো:-



চিত্র-১: বেগমগঞ্জ গ্যাস ফিল্ডে স্থাপিত স্ট্যান্ডবাই প্রসেস প্ল্যান্টের ওয়াটার বাথ হিটার।



চিত্র-২: বেগমগঞ্জ গ্যাস ফিল্ডে স্থাপিত স্ট্যান্ডবাই প্রসেস প্ল্যান্টের নকআউট সেপারেটর।



চিত্র-৩: বেগমগঞ্জ গ্যাস ফিল্ডে স্থাপিত স্ট্যান্ডবাই প্রসেস প্ল্যান্টের ওয়াটার বাথ হিটারের চিমনী।

১০. প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য: (লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	কাজের নাম/প্যাকেজের নাম	দরপত্র আহবানের তারিখ	-চুক্তি স্বাক্ষরের তারিখ - চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ - বাস্তবে কার্য সম্পাদনের তারিখ - চুক্তি মূল্য -পরিশোধিত মূল্য
১	২	৩	৪
১.	ডিজাইন, ইঞ্জিনিয়ারিং, প্রকিউরমেন্ট, সাপ্লাই, ইনস্টলেশন, টেস্টিং এন্ড কমিশনিং অব ২০ এমএমএসসিএফডি স্কীড মাউন্টেড গ্লাইকল ডিহাইড্রেশন টাইপ, Early Production Facilities এন্ড এসোসিয়েটেড ম্যাটেরিয়েলস।	২৭ ডিসেম্বর ২০১১	-২৫ জুলাই ২০১৩ -৪ সেপ্টেম্বর ২০১৪ -৪ সেপ্টেম্বর ২০১৪ -৪২৭২.০০ -৩৮৫১.৬৩

১১. প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
ক) ২০ এমএমএসসিএফডি ক্ষমতাসম্পন্ন ১টি গ্লাইকল ডিহাইড্রেশন টাইপ গ্যাস প্রসেস প্ল্যান্ট সংগ্রহ ও স্থাপন; এবং খ) ১টি Early Production Facility সংগ্রহ ও স্থাপন।	ক) প্রকল্পের অধীনে ২০ এমএমএসসিএফডি ক্ষমতাসম্পন্ন ১টি গ্লাইকল ডিহাইড্রেশন টাইপ গ্যাস প্রসেস প্ল্যান্ট সংগ্রহপূর্বক বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রে স্থাপন ও কমিশনিংয়ের মাধ্যমে ৩ মার্চ ২০১৫ থেকে গ্যাস উৎপাদন শুরু করা হয়; এবং খ) ১টি Early Production Facility সংগ্রহপূর্বক রূপগঞ্জ গ্যাস ক্ষেত্রে কমিশনিং করা হয়েছে।

১২. অডিট সংক্রান্ত তথ্য : প্রকল্পের অধীনে ২০১২-১৩, ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থ বছরে অভ্যন্তরীণ ও External অডিট সম্পন্ন হয়েছে। উক্ত অডিট সম্পন্নকালে কোন আপত্তি উত্থাপিত হয়নি।

১৩. সমস্যা:

১৩.১ প্রকল্পের টাইম ওভাররান: প্রকল্পের ১৪ মাস টাইম ওভার রান ঘটেছে। এ টাইপ ওভার রানের কারণে প্রকল্পের উদ্দেশ্য অর্জনে বিলম্ব হয়েছে (অনুচ্ছেদ ৮.৫);

১৩.২ ইপিসি ঠিকাদারের সঙ্গে বিলম্বে চুক্তি স্বাক্ষর: বাস্তবায়ন শুরুর ১০ মাস পর ইপিসি ঠিকাদারের সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়। এ বিলম্বের কারণে প্রকিউরমেন্ট কার্যক্রম সম্পন্ন করতে বিলম্ব হয় ও অবশেষে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করতে হয় (অনুচ্ছেদ ৮.৫); এবং

১৩.৩ প্রকল্পের সিডি/ভ্যাট ও ব্যাংক চার্জ নির্ধারণ: প্রকল্পের সিডি/ভ্যাট ও ব্যাংক চার্জের হার প্রাথমিকভাবে বাস্তবতার ভিত্তিতে নির্ধারণ করা হয়নি (অনুচ্ছেদ ৮.৫)।

১৪. সুপারিশ:

১৪.১ প্রকল্পের টাইম ওভার রান পরিহারপূর্বক নির্ধারিত মেয়াদের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করার বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা সচেষ্ট থাকবে (অনুচ্ছেদ ১৩.১);

১৪.২ বাস্তবায়ন শুরুর অব্যবহিত পরে প্রকিউরমেন্ট সংক্রান্ত কার্যক্রম শুরু করতে হবে যাতে এ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন মেয়াদের মধ্যে শেষ করা যায় (অনুচ্ছেদ ১৩.২);

১৪.৩ প্রকল্পের সকল প্রকার ডিউটি /চার্জ যাতে সরকার কর্তৃক নির্ধারিত হারে অনুমোদিত হয় সে বিষয়টি বাস্তবায়নকারী সংস্থা নিশ্চিত করবে (অনুচ্ছেদ ১৩.৩);

১৪.৪ সংগৃহীত গ্যাস প্রসেস প্ল্যান্ট ও Early Procuction Facility এর আয়ুষ্কাল সংরক্ষণের স্বার্থে এ দুটির যথাযথ রক্ষণাবেক্ষণ বাস্তবায়নকারী সংস্থা নিশ্চিত করবে;এবং

১৪.৬ অনুচ্ছেদ ১৪.১-১৪.৪ এর অলোকে গৃহীত ব্যবস্থাদি আইএমই বিভাগকে দ্রুত অবহিত করতে হবে।

কনস্ট্রাকশন অব গ্যাস ট্রান্সমিশন পাইপলাইন ফ্রম তিতাস গ্যাস ফিল্ডস (লোকেশন-সি-বি-এ) টু ইনটেক পয়েন্ট অব তিতাস এ-বি পাইপলাইন এ্যাট ছয়বাড়িয়া শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৫)

১। **প্রকল্পের নাম** : কনস্ট্রাকশন অব গ্যাস ট্রান্সমিশন পাইপলাইন ফ্রম তিতাস গ্যাস ফিল্ড স (লোকেশন-সি-বি-এ) টু ইনটেক পয়েন্ট অব তিতাস এ-বি পাইপলাইন এ্যাট ছয়বাড়িয়া।

২। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় /জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৩। **বাস্তবায়ন সংস্থা** : গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল), পেট্রোবাংলার একটি কোম্পানী।

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের%)
মূল সর্বমোট টাকা প্রকল্প সাহায্য নিজস্ব (জিটিসিএল)	সর্বশেষ সংশোধিত সর্বমোট টাকা প্রকল্প সাহায্য নিজস্ব (জিটিসিএল)	সর্বমোট টাকা প্রকল্প সাহায্য নিজস্ব (জিটিসিএল)	মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪২৫৪.৮৯ - - ৪২৫৪.৮৯	-	৪০১৬.১০ - - ৪০১৬.১০	ডিসেম্বর,২০১৩ হতে জুন,২০১৫	-	ডিসেম্বর,২০১৩ হতে জুন,২০১৫	(-) ২৩৮.৭৯* (৫.৬১%)	০ মাস (০%)

* প্রকল্পের অনুকূলে প্রকৃত ব্যয় মূল প্রাক্কলিত ব্যয়ের চেয়ে ২৩৮.৭৯ লক্ষ টাকা কম।

৫। **প্রকল্পের অবস্থান** : চট্টগ্রাম বিভাগের ব্রাহ্মণবাড়িয়ার জেলার ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা।

৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন** : পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি সংযুক্তি-ক এ দেয়া হয়েছে।

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ** : প্রকল্প পরিচালক জানান প্রকল্পের কোন অসমাপ্ত নাই।

৮। **প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য :**

৮.১। প্রকল্পের পটভূমি :

প্রাকৃতিক গ্যাসের ঘাটতির কারণে তা দূরিকরণের জন্য বাংলাদেশ সরকার স্বল্পমেয়াদী,মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী কৌশল গ্রহণ করেছে। বিকল্প কোন কিছুর তুলনায় দেশীয় গ্যাস ক্ষেত্র হতে সফলভাবে গ্যাস উত্তোলন সবসময় সাশ্রয়ী। এ প্রেক্ষিতে তিতাস গ্যাস ক্ষেত্র (কূপ নং-১৯,২০,২১,২২) হতে প্রায় ৫৭ এমএমএসসিএফডি গ্যাস উত্তোলনের প্রত্যাশা নির্ধারণ করে উক্ত গ্যাস তিতাস গ্যাস ফিল্ড (লোকেশন-সি-বি-এ) হতে ছয়বাড়িয়াস্থ তিতাস এ-বি পাইপ লাই নের ইনটেক পয়েন্ট পর্যন্ত সঞ্চালনের লক্ষ্যে ১০ ইঞ্চি ব্যাসের ৭.৭০ কি:মি: সঞ্চালন পাইপ লাইন নির্মাণ করার জন্য "কনস্ট্রাকশন অব গ্যাস ট্রান্সমিশন পাইপলাইন ফ্রম তিতাস গ্যাস ফিল্ড স (লোকেশন-সি-বি-এ) টু ইনটেক পয়েন্ট অব তিতাস এ-বি পাইপলাইন এ্যাট ছয়বাড়িয়া " শীর্ষক প্রকল্পটি প্রণয়ন করা হয়।

৮.২। **প্রকল্পের উদ্দেশ্য:**

তিতাস গ্যাস ক্ষেত্রে (কূপ নং-১৯,২০,২১,২২) উৎপাদিতব্য ৫৭ এমএমএসসিএফডি গ্যাস বিদ্যামান তিতাস এ-বি পাইপলাইনে সঞ্চালনের লক্ষ্যে ১০ ইঞ্চি ব্যাসের ৭.৭০ কি:মি: সঞ্চালন পাইপলাইন নির্মাণ করা আলোচ্য প্রকল্পের মূল উদ্দেশ্য।

৮.৩। **প্রকল্পের প্রধান কার্যক্রম সমূহঃ**

(ক) Land Acquisition-৬.১৬ হেক্টর;
(খ) Land Requisition-১১.৫৫ হেক্টর;
(গ) Pipe Line Construction including other pipe line related structure-৭.৭ কি:মি:।

৯। **প্রকল্প অনুমোদন** :

" কনস্ট্রাকশন অব গ্যাস ট্রান্সমিশন পাইপলাইন ফ্রম তিতাস গ্যাস ফিল্ড স (লোকেশন-সি-বি-এ) টু ইনটেক পয়েন্ট অব তিতাস এ-বি পাইপলাইন এ্যাট ছয়বাড়িয়া " শীর্ষক প্রকল্পটি গত ২২/০৫/২০১৪ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক মোট ৪২৫৪.৮৯ লক্ষ (বৈদেশিক মুদ্রা - ১.০০ লক্ষ) (জিটিসিএলের নিজস্ব তহবিল - ৪২৫৪.৮৯ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ডিসেম্বর, ২০১৩ হতে জুন, ২০১৫ মেয়াদকালে অনুমোদিত হয়।

১০। **প্রকল্পের অর্থায়ন** :

ক) জিটিসিএল এর নিজস্বঃ

(লক্ষ টাকা)

মোট	ঋণ	অনুদান	Cash Foreign Exchange
(১)	*(২)*	*(৩)*	*(৪)*
৪২৫৪.৮৯	-	-	১.০০

১১। **প্রকল্প পরিদর্শন :**

আইএমই বিভাগের সহকারী পরিচালক জনাব ইশতিয়াক আহমেদ গত ০৭ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখে প্রকল্পটি পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জনাব মো: শফিকুল ইসলাম উপস্থিত থেকে সহায়তা করেন।

১২। **প্রকল্পের সার্বিক অগ্রগতি :**

প্রকল্পটির সর্বমোট প্রাক্কলিত ব্যয় ৪২৫৪.৮৯ লক্ষ টাকা। পিসিআর অনুযায়ী প্রকল্পের সার্বিক আর্থিক অগ্রগতি ৪০১৬.১০ লক্ষ টাকা যা মোট প্রাক্কলিত ব্যয়ের ৯৪.৩৯%।

১৩। **পর্যবেক্ষণ :**

১৩.১। প্রকল্প পরিচালক জানান যে,

১৩.১.১ আলোচ্য প্রকল্পের ঠিকাদার প্রতিষ্ঠান হিসেবে Engineers Consortium and Construction Company Limited কার্যক্রম সম্পন্ন করে। উক্ত ঠিকাদারের সাথে গত ০৩ /০৬/২০১৪ তারিখে গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) এর চুক্তি স্বাক্ষরিত হয়।

১৩ .১.২ গত ০৯/০৫/২০১৫ তারিখে প্রকল্পের মাধ্যমে নির্মিত পাইপলাইনের কমিশনিং সম্পন্ন হয় এবং গত ১০/০৫/২০১৫ তারিখ হতে নির্মিত পাইপলাইনের দ্বারা গ্যাস জাতীয় গ্রীডে সরবরাহ করা হচ্ছে।

১৩.১.৩ আলোচ্য প্রকল্পের মাধ্যমে তিতাস গ্যাস ফিল্ড (লোকেশন-সি-বি-এ) হতে ছয়বাড়িয়াস্থ তিতাস এ-বি পাইপলাইনের ইনটেক পয়েন্ট পর্যন্ত গ্যাস সঞ্চালনের জন্য ৭.৭ কিঃমিঃ গ্যাস সঞ্চালন পাইপলাইন স্থাপন করা হয়েছে।

১৩.২। অনুমোদিত ডিপিপিতে ভূমি অধিগ্রহণের পরিমান ছিল ৬.১৬ হেক্টর এবং প্রকৃতপক্ষে ৫.৫১ হেক্টর ভূমি অধিগ্রহণ করা হয়েছে।

১৩.৩। প্রকল্পটি জুন, ২০১৫ তে সমাপ্ত হয়েছে । কিন্তু আইএমইডি কর্তৃক গত ২৮/০৯/২০১৬, ০৯/১১/২০১৬ এবং ১১/০১/২০১৭ তারিখে তিনটি পত্র প্রেরণ করার প্রেক্ষিতে প্রকল্পটি সমাপ্ত হওয়ার প্রায় দীর্ঘ ১৮ মাস পর পিসিআর পাওয়া গেছে।

১৩.৫। **প্রকল্পের External Audit সংক্রান্ত তথ্যঃ** পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী গত ২১/০৭/২০১৬ তারিখে অডিট রিপোর্ট Submit করা হলেও এ পর্যন্ত কোন Findings/Objection পাওয়া যায়নি।

১৩.৬। **প্রকল্প এলাকার কতিপয় স্থিরচিত্রঃ**

<table>
<tr><td></td><td></td></tr>
<tr><td>চিত্র-ছয়বাড়িয়াস্থ এ-বি পাইপলাইন</td><td>চিত্র- তিতাস গ্যাস ফিল্ড (লোকেশন-এ)</td></tr>
<tr><td></td><td></td></tr>
<tr><td>চিত্র- তিতাস গ্যাস ফিল্ড (লোকেশন-সি)</td><td>চিত্র- ছয়বাড়িয়াস্থ এ-বি পাইপলাইন</td></tr>
</table>

১৪। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** নিম্নবর্ণিত প্রকল্প পরিচালক প্রকল্পের দায়িত্ব পালন করেছেন।

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	দায়িত্বের ধরন	সময়কাল
১	Md. Shafiqul Islam	Deputy General Manager	Full Time	নভেম্বর, ২০১২ হতে সমাপ্ত পর্যন্ত

১৫। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
তিতাস গ্যাস ক্ষেত্রে (কূপ নং-১৯,২০,২১,২২) উৎপাদিতব্য ৫৭ এমএমএসসিএফডি গ্যাস বিদ্যামান এবি পাইপ লাইনে সঞ্চালনের লক্ষ্যে ১০ ইঞ্চি ব্যাসের ৭.৭০ কি:মি: সঞ্চালন পাইপ লাইন নির্মাণ করা।	এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে জাতীয় গ্রীডে অতিরিক্ত প্রায় ৬০ এমএমসিএফডি গ্যাস সরবরাহ করা হচ্ছে।

১৬.০ **প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য**(পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী)ঃ

Description of procurement (goods/works as per bid document)	Tender/Bid/Proposal Cost (in crore Taka)		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
	As per DPP	Contracted value	Invitation date	Contract signing/L.C opening date	As per contract	Actual
1	*2*	*3*	*4*	*5*	*6*	*7*
Pipeline Construction including other pipeline related structures	2.95	2.95	06.02.2014	03.06.2014	30.09.2014	10.06.2015
Note: Major portion of pipeline materials received from GTCL's & KGDCL stock. Bend, Valve & Minor fittings (which was not available in GTCL stock) supplied by contructor within contructial provision valued BDT 133.68 Lakh.						

১৭। **সুপারিশ/মন্তব্য** :

১৭.১ আলোচ্য প্রকল্পের মাধ্যমে নির্মিত গ্যাস সঞ্চালন পাইপ লাইন যথাযথভাবে সংরক্ষণ/রক্ষণাবেক্ষণ করতে হবে;

১৭.২ প্রকল্পটির অডিট প্রক্রিয়া দ্রুত সম্পাদনপূর্বক কোন অডিট আপত্তি থাকলে তা দ্রুত নিষ্পত্তি করতে হবে;

১৭.৩ প্রকল্পটি সমাপ্ত হওয়ার প্রায় ১৮ মাস পর প্রকল্প সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। ভবিষ্যতে প্রকল্প সমাপ্ত হওয়ার ০৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন আইএমই বিভাগে প্রেরণ করতে হবে;

১৭.৪ সুপারিশ অনুচ্ছেদ ১৭.১-১৭.৩ এর আলোকে গৃহীত ব্যবস্থা যথাশীঘ্র আইএমইডিকে অবহিত করতে হবে।

সংযুক্তি –ক

"কনস্ট্রাকশন অব গ্যাস ট্রান্সমিশন পাইপ লাইন ফ্রম তিতাস গ্যাস ফিল্ড (লোকেশন-সি-বি-এ) টু ইনটেক পয়েন্ট অব তিতাস এ-বি পাইপ লাইন এ্যাট ছয়বাড়িয়া" শীর্ষক প্রকল্পের অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি (পিসিআর অনুযায়ী)

(লক্ষ টাকায়)

Economic Code	Items of works (As per DPP)	Unit	Target (As per DPP)		Actual Progress		Reasons for deviation (±)
			Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1		2	3	4	5	6	7
A. Revenue Component:							
4800	Supply & service						
4806	Office rent	L/S	10.00	L/S	9.995		
4816	Telephone	L/S	1.00	L/S	0.73		
4819	Water	L/S	1.00	L/S	0.94		
4821	Electricity	L/S	2.50	L/S	1.785		
4822	Gas & Fuel	L/S	3.00	L/S	1.288		
4823	Petrol & lubricant	L/S	0.50	L/S	0.46		
4828	Stationary, seal & stamps	L/S	1.0	L/S	0.002		
4833	Publicity & advertisement	L/S	2.00	L/S	1.73		
4845	Entertainment Expensses	L/S	2.00	L/S	0.50		
4882	Legal Expenses	L/S	3.00	L/S	1.79		
4883	Honararium for TOC/TEC etc.	L/S	1.50	L/S	0.24		
4886	Route Survey, Soil investigation, EIA	km	11.53	7.7	7.75	7.7	
4887	Copy/photocopy	L/S	1.00	L/S	0.102		
4900	Repair Maintenance & Rehabilitation						
4901	Vehicle	L/S	2.00	L/S	1.61		
4911	Computer & Office Equipment	L/S	2.00	L/S	1.29		
Sub Total Revenue cost (A)			**44.03**		**30.212**		
B. Capital Component:							
6800	Acquisition of Assets						
6813	Materials,Equipment & mechinary						
	i. Stock Materials & Equipment for line pipe	Lot	470.51	Lot	470.51		
	ii. Materials from contractor	Lot	133.68	Lot	133.68		
6900	Acquisition/Purchase of land & Landed properties of Assets						
6901	Land Acquisition	Hect.	3147.70	6.16	3142.718	5.51	
6941	Land Requisition	Hect.	95.00	11.55	82.74	10	
7000	Construction Works						
7081	Pipe-line construction including other pipeline related structures	km	161.36	7.7	156.24	7.7	
7900	Developement import duty and VAT						
7901	CD-VAT		-				
Sub-total (Capital Component)			4008.25		3985.888		
7981	PhysicalContingency		40.52		0.00		
	Price Contingency		162.09		0.00		
Grand Total (A+B) :			4254.89		4016.10		